The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 826 | 12 July 2024 | শুক্রবার ২৮ আষাঢ় ১৪৩১




Gov. Hochul denies rift with Delgado >> Page 24

An open letter to Andrew Cuomo >> Page 24





Chanchal Chowdhury receives award >> Page 25

Argentina vs. Colombia Copa America final >> Page 24



### স্টেট ডিপার্টমেন্টে 'টিআইপি হিরো' অ্যাওয়ার্ড

# যুক্তরাষ্ট্রের কাছে বাংলাদেশের মানব পাচারের তথ্য

হাসান মাহমুদ



মানব পাচারের ঘটনা বাংলাদেশে কতটা প্রভাব ফেলছে সেদিকে দৃষ্টি রাখছে যুক্তরাষ্ট্র। ওয়াশিংটনে স্টেট ডিপার্টমেন্টের 'টিআইপি হিরো' অনুষ্ঠানে বক্তৃতাকালে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্থনি ব্লিংকেন বাংলাদেশ প্রসঙ্গ উপস্থাপন করতে গিয়ে বলেন, হাজার হাজার বাংলাদেশি মানব পাচারের শিকার। মানব পাচারকারীরা ফাঁদে ফেলার জন্য অনলাইন কৌশল অবলম্বন করছে। তিনি বলেন, তাদেরকে ধরার জন্য মার্কিন যুক্তরাষ্ট্র বিভিন্ন ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করছে। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী বলেন, সারা বিশ্বের এমন ১০ ব্যক্তিকে এবার 'টিআইপি হিরো' অ্যাওয়ার্ড দেয়া হচ্ছে যারা নিজ নিজ দেশে মানব পাচার (হিউম্যান ট্র্যাফিকিং) প্রতিরোধে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। তাদের মধ্যে বাংলাদেশের আল এরপর ৩৯ পৃষ্ঠায়



প্রথম টিভি বিতর্কের পর ডেমোক্র্যাটরা অনানুষ্ঠানিকভাবে নির্বাচনে বাইডেনের বিকল্প খুঁজছেন। তাদের ধারণা, বাইডেন নয়, কমলাই হারাতে পারবেন ট্রাম্পকে

### ৭৫তম সম্মেলন

## ওয়াশিংটনে ন্যাটোর ঘোষণাপত্র

আজকাল রিপোর্ট

পশ্চিমা সামরিক জোট ন্যাটো সদস্যদেশগুলো ইউক্রেনকে এ জোটের সদস্য করার প্রতিশ্রুতি দেওয়ার পাশাপাশি রাশিয়ার প্রতি চীনের সমর্থনের বিষয়ে কঠোর অবস্থান নিয়েছে। গত বুধবার ওয়াশিংটনে ন্যাটোর ৭৫তম সম্মেলনে ৩২ দেশের এক ঘোষণায় এ কথা বলা হয়েছে।
ন্যাটোর ঘোষণাপত্রে ইউক্রেন বিষয়ে বলা হয়েছে, এরপর ৩৯ পৃষ্ঠায়

### নিউইয়র্ক ও নিউজার্সি হাতছাড়া হচ্ছে

# কঠিন চ্যালেঞ্জের মুখে বাইডেন

মনোয়ারুল ইসলাম




ডেমোক্র্যাটদের ঘাঁটি হিসেবে পরিচিত নিউইয়র্ক ও নিউজার্সিতে ক্রমাগত সমর্থন হারাচ্ছেন প্রেসিডেন্ট জো বাইডেন। ব্লু স্টেট হিসেবে স্বীকৃত নিউইয়র্ক ও নিউজার্সি এখন 'ব্যাটলগ্রাউন্ড স্টেট'-এ পরিণত হচ্ছে বলে পর্যবেক্ষক মহল মনে করছেন। এতে ডেমোক্র্যাট নীতিনির্ধারকদের মধ্যে উদ্বেগের সৃষ্টি হয়েছে। বিভিন্ন জরিপের তথ্যানুসারে নিউইয়র্ক স্টেট ও সিটির বাসিন্দারা ইমিগ্র্যান্ট ইস্যুতে ভীষণ ক্ষুব্ধ। সমন্বিত পরিকল্পনার অভাব ও নেতৃত্বের দূরদর্শিতার অভাবে পুরো নিউইয়র্ক বসবাসের অযোগ্য হয়ে উঠছে বলে তাদের অভিযোগ। যত্রতত্র হোমলেসদের দৌরাত্ম্য, আইনশৃংখলার অবনতি ও সম্প্রতি দক্ষিণ সীমান্ত হয়ে আসা ইমিগ্রান্টদের হাতে সাধারণ নাগরিকদের নাজেহাল হবার ঘটনায় মারাত্মক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।
নিউইয়র্কাররা মনে করেন, বাইডেন, মেয়র এডামস ও গর্ভনর হোকুল কেউই ইমিগ্র্যান্ট সংকট মোকাবেলা করতে পারেননি। ডোনাল্ড ট্রাম্পের কাছে বিতর্কে বাইডেনের বিপর্যয় বাইডেন বিরোধী মনোভাবে আরেক মাত্রা যোগ করেছে। অনেক রেজিস্টার্ড ডেমোক্র্যাটকেই বলতে শোনা যাচ্ছে তারা বাইডেনকে ভোট দিতে আগ্রহী নয়। নিউজার্সিতে সর্বশেষ পরিচালিত জরিপে ডোনাল্ড ট্রাম্প শতকরা ৪১-৪০ মার্জিনে এগিয়ে এরপর ৩৯ পৃষ্ঠায়

### কোপা আমেরিকা

## আর্জেন্টিনা-কলম্বিয়া ফাইনাল রোববার

আজকাল স্পোর্টস

টানা দ্বিতীয়বারের মতো কোপা আমেরিকার ফাইনালে উঠেছে আর্জেন্টিনা। এবারের কোপায় জিতলে ইতিহাসের দ্বিতীয় দল হিসেবে টানা তিনটি মেজর শিরোপা জয়ের কৃতিত্ব গড়বে আর্জেন্টাইনরা। অন্যদিকে, কলম্বিয়ার কাছে ফাইনালের লড়াই অতীত গৌরব ফেরানোর। তাই কোনো ছাড় দেবে না হামেস রদ্রিগেজরাও। এরপর ৩৯ পৃষ্ঠায়



### শেখ হাসিনার চীন সফর

## আশানুরূপ প্রাপ্তি নেই

ঢাকা অফিস

প্রধানমন্ত্রী শেখ হাসিনার বহুল আলোচিত চীন সফরে প্রত্যাশার তুলনায় প্রাপ্তি আশানুরূপ হয়নি। সফরের আগে চীনের তরফে বলা হচ্ছিল, সফরটি হবে গেমচেঞ্জার। বাংলাদেশের মিডিয়ায় লেখালেখি হচ্ছিল এরপর ৩৯ পৃষ্ঠায়

### গাজায় ইসরাইলি গণহত্যা

# মার্কিন টিভির চাঞ্চল্যকর তথ্য

আজকাল রিপোর্ট



ইসরাইলি বাহিনী গাজার দক্ষিণাঞ্চলের খান ইউনুসে অবস্থিত স্কুলগুলোতে হামলায় যুক্তরাষ্ট্রের তৈরি বোমা, গোলা ও ক্ষেপণাস্ত্র ব্যবহার করেছে। এমনই চাঞ্চল্যকর তথ্য জানিয়েছে মার্কিন টেলিভিশন চ্যানেল সিএনএন। সম্প্রতি খান ইউনুসের স্কুলগুলোতে বোমা হামলার ভিডিওগুলো বিশ্লেষণ করে সিএনএন এ তথ্য দিয়েছে। গাজায় ইসরাইলি আগ্রাসন শুরু হওয়ার পর থেকে খান ইউনুসের স্কুলগুলোকে মূলত ফিলিস্তিনি শরণার্থীদের অস্থায়ী আবাস হিসেবে ব্যবহার করা হচ্ছে।
মঙ্গলবার ও বুধবার ইসরাইলি আগ্রাসনে সেখানে অর্ধশতাধিক ফিলিস্তিনি নিহত ও কয়েক ডজন আহত হয়েছেন। এর আগেও সিএনএন গাজার নুসেইরাত শরণার্থী শিবিরের একটি এরপর ৩৯ পৃষ্ঠায়

## হাসিনার সামনে নানা চ্যালেঞ্জ

মাসুদ করিম, ঢাকা থেকে

চতুর্থ মেয়াদে ক্ষমতায় যাওয়ার পর শেখ হাসিনার সরকার শুরুতেই বেশ চ্যালেঞ্জের মুখে পড়েছে। বিএনপি নির্বাচন বর্জন করায় আওয়ামী লীগকে ক্ষমতায় যেতে বেগ পেতে হয়নি। এমনকি একতরফা নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় যাবার পরও বিএনপি সরকারের বিরুদ্ধে যুৎসই আন্দোলন করতে পারেনি। কিন্তু দেশ পরিচালনা করতে গিয়ে নানা সংকটের মুখোমুখি হচ্ছে সরকার। আগের তিন মেয়াদে এমন চ্যালেঞ্জে পড়তে হয়নি। সমস্যা থেকে উত্তরণে সরকারের কৌশল কী সেদিকেই এরপর ৪৪ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312033

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs · Inquiries · Collections · Garnishment · Bankruptcy · Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St. Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email- moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED, President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com


MHC
Marks Home Care
মার্কস্ হোম কেয়ার
Bronx
1232 Virginia Ave
Bronx, NY 10472
1514 Castle Hill Ave
Bronx, NY 10462
2002 Mcgrow Ave
Bronx, NY 10462
721 E Tremont Ave,
Bronx, NY 10457
Brooklyn
413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220
219 Church Ave
Brooklyn, NY 11218
1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230
1208 Liberty Ave
Brooklyn, NY 11208
1104 Liberty Ave
Brooklyn, NY 11208
Queens
40-04 Junction Blvd
Corona, NY 11368
37-20 74th Street
Jackson Heights
NY 11372
148-37 Hillside Ave
Jamaica, NY 11435
Hicksville
217 Bethpage road
Hicksville, NY 11801
Buffalo
1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212
Rochester
504 W Main St
Rochester, NY 14608
আমরা নূতন গ্রাহক এবং এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।
প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা
We Welcome Agency Transfers and New Clients.
FOLLOW US ON
FOR LATEST EVENTS. PRIZES AND GIVEAWAYS
বিস্তারিত জানতে কল করুন
718-697-7717
E-mail : info@markshhc.com | www.markshhc.com
* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

সুব্রত বিশ্বাস-এর কলাম
দুর্নীতির কালো বিড়াল পোষে কে?
০৭ পৃষ্ঠায়

একেএম শামসুদ্দিন-এর কলাম রাজনীতিকরা বাদ যাবেন কেন?
১১ পৃষ্ঠায়

ড. হাসনান আহমেদ-এর কলাম দুর্নীতির দুর্গন্ধ ছড়িয়ে গেছে চতুর্দিক
০৬ পৃষ্ঠায়



### তীব্র দাবদাহে পুড়ছে যুক্তরাষ্ট্র, ঝুঁকিতে ১৩ কোটি মানুষ

# পর্যাপ্ত পানি পান, রোদের প্রকোপ থেকে দূরে থাকার পরামর্শ

আজকাল ডেস্ক



সাম্প্রতিক দাবদাহ যুক্তরাষ্ট্রে আগের সব রেকর্ড ভেঙে দিয়েছে। এখন তীব্র দাবদাহে পুড়ছে । চরম তাপে বিপর্যস্ত পুরো দেশ। যার ঝুঁকিতে পড়েছে ১৩ কোটি মানুষ।

এই তাপমাত্রা আরও বাড়তে পারে বলে সতর্ক করেছেন পূর্বাভাসকারীরা। শনিবার জাতীয় আবহাওয়া বিভাগের (এনডব্লিউএস) বরাত দিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক রেডিও সম্প্রচারকারী ভয়েস অব আমেরিকা জানিয়েছে, পূর্ব উপকূল থেকে পশ্চিম উপকূলজুড়েই এই তাপপ্রবাহ অনুভূত হবে। দেশটির আবহাওয়া অফিস জানিয়েছে, দেশটির পূর্ব উপকূল থেকে পশ্চিম উপকূল পর্যন্ত ছড়িয়ে পড়া তাপপ্রবাহের কারণে বিপজ্জনকভাবে বাড়ছে বাল্টিমোর ও মেরিল্যান্ডের কয়েকটি অঞ্চলে ৪৩ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত পৌঁছাতে পারে তাপমাত্রা। এ অবস্থায় প্রয়োজন ছাড়া ঘরের বাইরে বের না হওয়ার পরামর্শ দিয়েছেন আবহাওয়াবিদরা।

যুক্তরাষ্ট্রের আবহাওয়া অফিস জানিয়েছে, ওরেগন রাজ্যের ইউজিন, পোর্টল্যান্ড এবং সালেমসহ বেশ কয়েকটি শহরে রেকর্ড দাবদাহ দেখা দিতে পারে। জুন মাস থেকে যুক্তরাষ্ট্রের মধ্য-পশ্চিমাঞ্চলে চরম তাপপ্রবাহ চলছে।

এরপর ৪৪ পৃষ্ঠায়



## ২২ বছর পর মিলল নিখোঁজ পর্বতারোহীর অক্ষত মরদেহ

আজকাল ডেস্ক

নিখোঁজের দীর্ঘ ২২ বছর পর পেরুর একটি পর্বত থেকে মার্কিন এক পর্বতারোহীর মরদেহ 'অক্ষত' অবস্থায় উদ্ধার করা হয়েছে। পর্বত আরোহণের সময় নানা ধরনের প্রাকৃতিক বিপর্যয়ের শিকার হয়ে থাকেন পর্বতারোহীরা, অনেকে হারান প্রাণ। বেশিরভাগ ক্ষেত্রেই এদের মৃতদেহ ধ্বংসস্তূপ বা বরফখণ্ডের নিচে চাপা পড়ায় আর খুঁজে পাওয়া যায় না। অবশেষে সোমবার (৮ জুলাই) তার মরদেহ 'অক্ষত' অবস্থায় উদ্ধার করেছে পেরুর পুলিশ। তারা জানায়, স্টাম্পফল এতদিন তুষারের নিচে চাপা পড়ে ছিলেন। জলবায়ু পরিবর্তনের প্রভাবে আন্দেসের কর্দিলেরা ব্লাঙ্কা রেঞ্জে বরফ গলে

এরপর ৪২ পৃষ্ঠায়




## প্রেসিডেন্ট নির্বাচন থেকে বাইডেনকে সরে দাঁড়াতে বলল নিউইয়র্ক টাইমস

আজকাল ডেস্ক

দ্য নিউইয়র্ক টাইমসের সম্পাদক পরিষদ আসন্ন মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন থেকে জো বাইডেনকে সরে দাঁড়ানোর আহ্বান জানিয়েছে। প্রেসিডেনশিয়াল বিতর্কে হতাশাজনক পারফরম্যান্স করার পর আমেরিকার সবচেয়ে প্রভাবশালী সম্প্রচারমাধ্যম সিএনএন আয়োজিত সম্পাদক পরিষদ এ আহ্বান জানায়। গণমাধ্যমটিতে শুক্রবার প্রকাশিত এক মতামত কলামে এ আহ্বান জানানো হয়। নিউইয়র্ক টাইমসের সম্পাদক পরিষদ বলেছে, প্রেসিডেন্ট বৃহস্পতিবার রাতে

এরপর ৪৪ পৃষ্ঠায়

## সিরাজগঞ্জ জেলা সমিতির বনভোজন ও পুনর্মিলনী

আজকাল রিপোর্ট

৬ জুলাই আলোচনা, ক্রীড়া প্রতিযোগিতা, র‌্যাফেল ড্র, সাংস্কৃতিকসহ নানা আয়োজনে প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি বার্ষিক বনভোজন ও পুনর্মিলনী অনুষ্ঠিত হলো। লং আইল্যান্ডের বেলমন্ড লেক স্টেট পার্কে এ অনুষ্ঠানে প্রায় ৪ শতাধিক সিরাজগঞ্জবাসী ও অতিথি উপস্থিত ছিলেন।

সিরাজগঞ্জ জেলা সমিতির এই বনভোজনে বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচনের সম্ভাব্য প্রার্থীদের মধ্যে উপস্থিত ছিলেন সভাপতি প্রার্থী আতাউর রহমান সেলিম, সিনিয়র সহসভাপতি পদপ্রার্থী মহিউদ্দীন দেওয়ান, সহসভাপতি পদপ্রার্থী কামরুজ্জামান কামরুল, সাধারণ সম্পাদক প্রার্থী মোহাম্মদ আলী ও কোষাধ্যক্ষ পদপ্রার্থী মফিজুল ইসলাম রুমি। অনুষ্ঠানে সম্ভাব্য প্রার্থীরা ছাড়াও অতিথি হিসেবে বক্তব্য রাখেন নর্থবেঙ্গল

এরপর ৪২ পৃষ্ঠায়




## নিউইয়র্কে লাক্সারি ফ্ল্যাট কিনেছেন ব্রিটেনের রাজা চার্লস

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের ম্যানহাটনে মনোরম এক পরিবেশে ব্রিটেনের বর্তমান রাজা চার্লস একটি লাক্সারি কনডোমিনিয়াম ফ্ল্যাট কিনেছেন। এর আয়তন ৩ হাজার ৬০১ স্কয়ার ফিট। ম্যানহাটনের ১১১ ওয়েস্ট, ৫৭ স্ট্রিটের এই ফ্ল্যাটের দাম হচ্ছে ৬.৬৩ মিলিয়ন ডলার। সিটি ফিন্যান্স রেকর্ডে এই তথ্য গতকাল প্রকাশিত হয়েছে। ৮২ তলার ১১ তলার এই ফ্ল্যাটে তিনটি বেড রুম, ৪.৫ বাথরুম রয়েছে। লিভিং রুমের পাশেই ডাইনিং রুম রাখা হয়েছে। সেপারেট রান্না ঘর রয়েছে।

এরপর ৪৪ পৃষ্ঠায়

## নিউইয়র্কে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

আজকাল রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০৩তম প্রতিষ্ঠাবার্ষিকী এবং ১০৪তম জন্মদিন উদযাপন করেছে ঢাকা ইউনিভার্সিটি এলামনাই, যুক্তরাষ্ট্র।

গত ১ জুলাই কুইন্সের লাগোর্ডিয়া ম্যারিয়টে অনুষ্ঠান শুরু হয় সমবেত কণ্ঠে বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সংগীত গাওয়ার মধ্য দিয়ে। ক্যাম্পাস জীবনের স্মৃতিচারণ করেন ফরিদা চৌধুরী, মনজুর চৌধুরী, সিলভিয়া সাবেরিন, মোসা. ওয়াহিদা শামসুন, মো. আবদুল কাইয়ুম, সজল রোশান, শুবানা রশিদ এবং মো. গোলাম মোস্তফা, কাজী জহিরুল ইসলাম, সুখন গোমেজ, মুহাম্মদ শহীদুল্লাহ, এম আরেফিন টুলু, রুবি আরেফিন, ড. মোহাম্মদ মুজিবুল হক, নাজিয়া আহমেদ চৌধুরী, অ্যাডভোকেট মুজিবুর রহমান, ইকবাল মোরশেদ, উমামা সিদ্দিকা এবং রওশন আরা বেগম।

এরপর ৩৯ পৃষ্ঠায়

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▶ প্রাইভেট অকশনে বাড়ি
▶ পাবলিক অকশনে বাড়ি
▶ ব্যাংক মালিকানা বাড়ি
▶ শরট-সেল ও REO প্রপার্টি
কল করুন:
৫১৬ ৪৫১ ৩৭৪৮
150 Groat Nack Road, Groat Nack, New York-11021
nurulazim67@gmail.com

Nurul Azim

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
IATA Accredited
Approved Travel Agent সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা নিউইয়র্ক ৬৪৯+ Tax
HAJ TOURS
মোঃ আব্দুল খালেক
ওমরাহ্
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
গ্যারান্টি সবচেয়ে কম রেটের মর্টগেজে সহযোগীতা প্রদান করা হয়

OneKey MLS
Fazle
SHOHAG KHAN
Licensed Real Estate Sales
Cell : 1- 917 770 1341
Office : 1- 516 800 5160
Email: shohag. khan@hotmail.com

OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।
$6.99 Midnight & Driver Special
PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531

US BANGLA TAX & MULTISERVICES INC.
LAILAC INSURANCE BROKERAGE INC.
One Stop Services
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646--361-0250
Authorized IRS e-file Provider
37-47 73rd Street. Suite # 217
Jackson Heights, NY-11372
Tel: 718-255-6783
Fax: 718-255-6783
usbanglatax@yahoo.com
lailacinsuranceinc@yahoo.com
Services: Individual & Business Tax Services, Immigration Services
Loan Modification, Auto, Home & Business Insurance, Real Estate

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক

Queens Social Adult Day Care Center Inc





Captain Mahfuzul Haque

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

**We speak**
Spanish, Urdu, Hindi & Arabic







আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208

## সম্পাদকীয়

# ‘একজন অথর্ব, একজন অভদ্র’!

## সমস্যার আবর্তে ভোটাররা

সমস্যাটা এমন হবে কল্পনা করা যায়নি। সিএনএন-এর বিতর্কে দুই প্রেসিডেন্ট প্রার্থীর পারফরমেন্সের পর এক নেতিবাচকতায় আক্রান্ত হয়েছে আমেরিকানরা। সোশ্যাল মিডিয়ায় চলছে নানা মন্তব্য। দুই প্রার্থী সম্পর্কে কারো মন্তব্য, ‘একজন অথর্ব, একজন অভদ্র’। বুঝতে বাকি থাকে না কোন বিশেষণ কার ক্ষেত্রে প্রযোজ্য।

সিএনএন বিতর্কে ডেমোক্র্যাট প্রার্থী প্রেসিডেন্ট বাইডেনের পারফরমেন্স দেশবাসীকে তো বটেই তার নিজের দলের সমর্থকদেরও হতাশ করেছে। তার এমন পারফরমেন্স প্রত্যাশিত ছিল না। কয়েকদিন আগেও তার এক বক্তৃতা ব্যাপকভাবে প্রশংসিত হয়েছিল। সে বক্তৃতায় তার তেজস্বীতা ছিল, বিভিন্ন বিষয়ে জোরালো যুক্তি ছিল। তার ভাবমূর্তি উজ্জ্বল হয়েছিল। প্রেসিডেন্ট পদে তার পুনর্নির্বাচনের যোগ্যতা সংশয় তিনি দূর করতে পেরেছিলেন। কিন্তু তার সেই ভাবমূর্তিতে ধস নেমে গেল এই প্রথম প্রেসিডেন্সিয়াল বিতর্কে।

পক্ষান্তরে রিপাবলিকান প্রার্থী বিগতবারের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তার সেই পুরনো আচরণ থেকে বেরিয়ে আসতে পারেননি। তিনি বরাবরের মতই পরোয়াহীন রয়ে গেছেন। যা করেছেন তার জন্য ক্ষমা প্রার্থনা তো দূরের কথা কোন অনুশোচনা পর্যন্ত নেই। একবারও বললেন না ক্যাপিটল হিলের হামলার ঘটনায় তিনি দুঃখিত। উপরন্তু তাকে যখন জিজ্ঞেস করা হলো এবারের নির্বাচনে পরাজিত হলে তিনি সেই ফল মেনে নেবেন কিনা, সে জবাবও তিনি এড়িয়ে গেছেন। কথা ঘুরিয়ে অন্য প্রসঙ্গের অবতারণা করেছেন। পর পর তিনবার তাকে এই একই প্রশ্ন করা হলে তিনি এর জবাব না দিয়ে পারেননি। বলেছেন, নির্বাচন যদি সুষ্ঠু, সুন্দর হয় তবেই মানবেন। এ কথার অর্থ আমরা বাংলাদেশিরা বড় ভিক্তভাবে অনুধাবন করতে পারি। অর্থাৎ ফল যদি আমার পক্ষে আসে তবেই নির্বাচন সুষ্ঠু এ সুন্দর, আর যদি আমার বিরুদ্ধে যায় তবে তা কারচুপির নির্বাচন। ট্রাম্প কি এমনই একটা আভাস দিয়ে রাখলেন? বিতর্কে ট্রাম্প অবলীলায় মিথ্যা বলে গেছেন। সিএনএন পরে হিসাব করে দেখিয়ে দিয়েছে তিনি কতগুলি বিষয়ে মিথ্যা বলেছেন। এমন মিথ্যার ওপর দাঁড়িয়ে নির্বাচন করতে তার কোন লজ্জা হবে বলে মনে হয় না। তবে বলতে দ্বিধা নেই, ট্রাম্প লজ্জিত না হলেও সম্ভাব্য হবু প্রেসিডেন্টের এহেন মিথ্যাচার সমগ্র জাতির জন্য লজ্জাজনক।

ট্রাম্পকে নিয়ে বলা যায় এক ধরনের জুয়ায় মেতেছে দেশের ধনকুবেররা এবং শ্বেতাঙ্গ উগ্রবাদী গোষ্ঠী। শ্বেতাঙ্গ উগ্রবাদীদের অভিভাবক হিসেবে আবির্ভূত হয়েছেন ট্রাম্প। মার্টিন লুথার কিং-এর নাগরিক অধিকার আন্দোলনের সাফল্যে কোনঠাসা হয়ে পড়া শ্বেতাঙ্গ আধিপত্যবাদীরা ট্রাম্পের প্রশ্রয়ে এতদিন পর আবার প্রকাশ্যে আসতে পেরেছে, আবার হুংকার দেয়ার সুযোগ পেয়েছে। অপরদিকে ধনকুবেরদের রয়েছে ভিন্ন হিসাব। এলন মাস্ক এবং তার সমগোত্রীয়রা তাদের স্বার্থ হাসিলে ট্রাম্পকেই তাদের অবলম্বন হিসেবে বেছে নিয়েছেন। কাজেই ট্রাম্প যতই বেপরোয়া মিথ্যুক হোন না কেন তার সমর্থনে শক্ত অবস্থানে দাঁড়িয়ে গেছে এই স্বার্থবাদী মহল। ট্রাম্পকে জিতিয়ে আনতে তারা মরিয়া হয়ে চেষ্টা করবে।

ট্রাম্পকে নিয়ে এমন সব মহলের যখন শক্ত অবস্থান, তখন ডেমোক্র্যাটদের অবস্থা তুলনামূলকভাবে যে নড়বড়ে তা ক্রমেই স্পষ্ট হয়ে উঠছে। বিতর্কে বাইডেনের পারফরমেন্স বিবেচনায় দলের বড় একটি অংশ মনে করছে তার প্রতিদ্বন্দ্বিতা না করাই শ্রেয়। তার স্মরণশক্তিতে ক্ষয় ধরেছে, তার কথায় জড়তা এসে যাচ্ছে, যুক্তিতর্কে সেই ধারালো বক্তব্য তার হারিয়ে যাচ্ছে। সবচেয়ে বড় কথা তার বয়স। ৮১ বছর বয়সে প্রেসিডেন্ট পুনর্নির্বাচিত হয়ে মেয়াদ শেষ হতে হতে তিনি ৮৪ হয়ে যাবেন। প্রশ্ন উঠেছে, তার পক্ষে কি অতঃপর সম্ভব হবে প্রেসিডেন্টের গুরুদায়িত্ব পালন? এই অবস্থায় বাইডেন নয়, তারা নতুন কোন প্রার্থী দেয়ার পক্ষে মত দিয়েছেন। কিন্তু বাইডেন নির্বাচন থেকে সরতে রাজি নন। তার এই মনোভাব সংকটে ফেলেছে ভোটারদের। পরিস্থিতি পর্যবেক্ষণে আমার এখন তাকিয়ে ভবিষ্যতের দিকে।

“প্রশ্ন উঠেছে, তার পক্ষে কি অতংপর সম্ভব হবে প্রেসিডেন্টের গুরুদায়িত্ব পালন? এই অবস্থায় বাইডেন নয়, তারা নতুন কোন প্রার্থী দেয়ার পক্ষে মত দিয়েছেন। কিন্তু বাইডেন নির্বাচন থেকে সরতে রাজি নন। তার এই মনোভাব সংকটে ফেলেছে ভোটারদের। পরিস্থিতি পর্যবেক্ষণে আমার এখন তাকিয়ে ভবিষ্যতের দিকে”

# রেমিট্যান্সের ইনফ্লো ও আউটফ্লো

ড. মাহবুব উল্লাহ্



গত ২৯ জুন দৈনিক যুগান্তর বাংলাদেশে রেমিট্যান্স প্রেরণ এবং বাংলাদেশ থেকে রেমিট্যান্স প্রেরণের তুলনামূলক চিত্র নিয়ে একটি চাঞ্চল্যকর প্রতিবেদন প্রকাশ করেছে। এ প্রতিবেদনের শিরোনাম ছিল, ‘রেমিট্যান্সের চেয়ে বিদেশিদের বেতনভাতা তিনগুণ’। গত কিছুদিন ধরে ডলার সংকটের পরিপ্রেক্ষিতে একটি আলোচনা জোরদার হয়ে উঠেছে। এটি হলো বাংলাদেশের কর্মজীবীরা বিদেশে কাজ করে তাদের আয় থেকে কী পরিমাণ ডলার দেশে রেমিট্যান্স হিসাবে পাঠায়। এর পাশাপাশি আলোচনায় উঠে আসে বিদেশি কর্মী ও কর্মকর্তারা বাংলাদেশে কাজ করে কী পরিমাণ ডলার তাদের নিজ নিজ দেশে রেমিট্যান্স হিসাবে পাঠায়। এ দুয়ের হিসাব দিয়েই নির্ধারিত হয় রেমিট্যান্স বাবদ নিট কত ডলার বাংলাদেশ আয় করতে পারছে। বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। আমরা কথায় কথায় বলি, আমাদের দেশের মেহনতি মানুষ ও অন্যান্য কর্মী বিদেশে কাজ করে যে রেমিট্যান্স দেশে পাঠায়, তা আমাদের অর্থনীতির চাকা সচল রাখতে বিশাল ভূমিকা পালন করে। কিন্তু এতে খুব উৎফুল্ল হওয়ার সুযোগ নেই। দেখতে হবে অন্যান্য দেশের কর্মী ও কর্মকর্তারা বাংলাদেশে এসে চাকরি করার সুবাদে কী পরিমাণ ডলার নিজ নিজ দেশে বাংলাদেশ থেকে পাঠায়। বাংলাদেশে কর্মরত বিদেশি কর্মীদের মধ্যে ভারতীয় কর্মীর সংখ্যাই সর্বাধিক। ২০১৫ সালের সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) তথ্যমতে, বাংলাদেশ ছিল ভারতের প্রবাসী আয়ের তৃতীয় উৎস। টিআইবির তথ্যমতে, প্রতিবছর ৩ বিলিয়ন ডলারের বেশি অবৈধভাবে দেশের বাইরে পাঠাচ্ছেন বিদেশিরা। বাংলাদেশে এনজিও, আইটি এবং গার্মেন্টসহ প্রায় ৩২টি ক্ষেত্রে চাকরি করছেন বিদেশিরা। পোশাকশিল্প মালিকদের সংগঠন বিজিএমইএ-এর এক কর্মকর্তা বলেন, আমাদের দেশে ভারত ও শ্রীলংকানদের চাহিদা প্রচুর। বিভিন্ন কারণে এ চাহিদা তৈরি হয়েছে। সেটা হতে পারে পেশাগত কর্মক্ষমতা ও অভিজ্ঞতার কারণে। তারা আমাদের দেশীয় কর্মকর্তাদের তুলনায় বেশি বেতনভাতা পায় তাদের কর্মক্ষমতা ও অভিজ্ঞতার কারণেই। টিআইবির তথ্যমতে, বিভিন্ন এনজিওতে কর্মরত বিদেশি নাগরিকরা প্রতিবছর বাংলাদেশ থেকে ২৬ হাজার কোটি টাকা নিয়ে যাচ্ছেন। অন্য একটি গবেষণা বলছে, বাংলাদেশে কমপক্ষে ৫ লাখ বিদেশি কর্মরত রয়েছেন। এ পরিমাণ জনশক্তি প্রতিবছর ৫ বিলিয়ন ডলারের বেশি অর্থ নিয়ে যাচ্ছেন তাদের নিজ দেশে, যা থেকে খুব অল্প পরিমাণ রাজস্ব পাচ্ছে সরকার। অথচ এসব বিদেশির আয়ের ৩০ শতাংশ কর নির্ধারণ করে দিয়েছে সরকার। কেননা বাংলাদেশে অবস্থিত বিদেশি নাগরিকরা তাদের প্রকৃত বেতনভাতা গোপন করছেন। এ ক্ষেত্রে তাদের সহযোগিতা করছেন এদেশের নিয়োগকারী সংস্থা। এ কারণে এনজিওতে কর্মরত বিদেশি নাগরিকদের সত্যিকারের বেতনের চিত্র উঠে আসে না। ফলে রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে সরকার। যুগান্তরের প্রতিবেদন অনুযায়ী, প্রবাসীদের দেশে পাঠানো রেমিট্যান্স প্রবাহের তিনগুণের বেশি অর্থ বৈদেশিক মুদ্রায় বাংলাদেশ থেকে বেতনভাতা বাবদ নিয়ে গেছেন বিদেশি কর্মীরা। ২০০০ থেকে ২০২৩ সাল পর্যন্ত ২৪ বছরে প্রবাসীদের রেমিট্যান্স প্রবাহ বেড়েছে সোয়া ১১ গুণ। একই সময়ে বাংলাদেশে কর্মরত বিদেশি কর্মীদের বেতন-ভাতা নিজ দেশে বৈদেশিক মুদ্রায় নেওয়ার হার বেড়েছে ৩৭ গুণ। অর্থাৎ বাংলাদেশে বিদেশ থেকে আসা রেমিট্যান্স গড়পড়তা যে হারে বেড়েছে, তার তুলনায় বহুগুণ হারে বেড়েছে বাংলাদেশ থেকে রেমিট্যান্স ভূঁতগড়া।এর ফলে বৈদেশিক মুদ্রার ওপর চাপ বাড়ছে। শুধু ২০২৩ সালেই বিদেশি কর্মীরা বাংলাদেশ থেকে বেতনভাতা বাবদ বৈদেশিক মুদ্রায় নিয়েছেন ১৫ কোটি ডলার, ওই সময়ে ডলারের দাম অনুযায়ী ১৬৫০ কোটি টাকা। বৈধভাবে নেওয়ার চেয়ে আরও বেশি অর্থ নেওয়া হচ্ছে হুন্ডির মাধ্যমে। এর মাধ্যমে দেশ থেকে টাকা পাচারের নজিরও রয়েছে। অতি সাম্প্রতি প্রকাশিত বিশ্বব্যাংকের প্রতিবেদনে বিভিন্ন দেশ থেকে রেমিট্যান্স পাঠানো ও রেমিট্যান্স আসার চিত্র তুলে ধরা হয়। সরকারের সুরক্ষা সেবা বিভাগ ও পুলিশের স্পেশাল ব্রাঞ্চের প্রতিবেদন অনুযায়ী, ২০২৩ সাল পর্যন্ত দেশে অবস্থানরত বৈধ বিদেশি নাগরিকের সংখ্যা ছিল ১ লাখ ৭ হাজার ১৬৭। এর মধ্যে ভারতীয় নাগরিকরাই বেশি, দ্বিতীয় অবস্থানে রয়েছে চীনের নাগরিক। ভারতীয় ৩৭ হাজার ৪৬৪ এবং চীনের ১১ হাজার ৪০৪ জন। বাকিরা অন্যান্য দেশের। তাদের বেশির ভাগই বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মী হিসাবে

এরপর ৪৫ পৃষ্ঠায়

“বর্তমানে বিদেশি কর্মীরা যে বেতনভাতা পান, এর ৭৫ শতাংশ তারা নিজ দেশে বা অন্য কোনো দেশে বৈদেশিক মুদ্রায় পাঠাতে পারেন। মোদ্দা কথা, বাংলাদেশ থেকে বিদেশি নাগরিকদের রেমিট্যান্স নিজ দেশে বা অন্য দেশে পাঠানোর প্রবণতা যদি অব্যাহত থাকে, তাহলে দেখা যাবে বাংলাদেশের নিট রেমিট্যান্স আয় ঋণাত্মক হয়ে পড়ছে”

# ভালো ফলের খেসারত কিংবা নির্বুদ্ধিতার দন্ড ও রাষ্ট্রের দায়

মো. মাইন উদ্দিন



১৯৯২ সালে আমি এসএসসি পাস করি। মাত্র ৪ নম্বরের জন্য সম্মিলিত মেধাতালিকায় স্থান করে নিতে পারিনি। এরপর সরকারি বিএম কলেজে এইচএসসিতে ভর্তি হয়ে খেলাধুলা সীমিত করে মনোযোগ দিয়ে পড়াশোনা শুরু করলাম। এইচএসসি ফাইনালের ফল প্রকাশিত হলো ১৯৯৪ সালের ২০ ডিসেম্বর। আমি যশোর বোর্ডে সম্মিলিত মেধাতালিকায় বাণিজ্য বিভাগ থেকে দ্বিতীয় স্থান অধিকার করি। বাড়িতে খুশির বন্যা বয়ে গেল। আমার মতো চঞ্চল ছেলের এত ভালো ফল করা গ্রামের সবাইকে তাক লাগিয়ে দিল।

এরপর একদিন টিভিতে খবর শুনলাম, তৎকালীন প্রধানমন্ত্রী খালেদা জিয়া বোর্ডে স্ট্যান্ড করা শিক্ষার্থীদের সংবর্ধনা দেবেন। সংবর্ধনার তারিখ ও সময় জানিয়ে দেওয়া হলো। খুশিতে মন ভরে উঠল। অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য যাবতীয় কাগজপত্র তৈরি করলাম।

দেশ তখন রাজনৈতিক অস্থিরতার মধ্য দিয়ে যাচ্ছিল। তাই প্রথম তারিখটি পরিবর্তন করা হলো তৎকালীন বিরোধী দলের দেশব্যাপী হরতালের কারণে। পরে আবার তারিখ ঘোষণা করা হলো। কিন্তু সেবারও সংবর্ধনার দিনে হরতাল থাকায় তারিখ পরিবর্তন করতে হলো। এবার তারিখ নির্ধারণ করা হলো ১৯৯৫ সালের ১৫ এপ্রিল, সময় সম্ভবত সকাল সাড়ে নয়টা।

ওই একই দিন সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের ভর্তি পরীক্ষা ছিল। আমরা চার বোর্ড থেকে বাণিজ্য বিভাগে ৮০ জন মেধাতালিকায় ছিলাম। কারও সঙ্গে কারও সে রকম পরিচয় ছিল না। আমরা দ্বিধায় পড়ে গেলাম সংবর্ধনায় অংশগ্রহণ করা নিয়ে।

আমার চাচাতো ভাই তখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞানের শিক্ষার্থী। তিনি আমাকে নিয়ে ১৪ এপ্রিল উপাচার্য অফিসে গেলেন। তখন উপাচার্য ছিলেন অধ্যাপক ড. এমাজউদ্দীন আহমদ। তিনি ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ না করে সংবর্ধনায় যেতে বললেন। পরে তিনি তাঁর বিশেষ ক্ষমতায় আমাদের বিশ্ববিদ্যালয়ে ভর্তি করিয়ে নেবেন বলে আশ্বাস দিলেন। যারাই তাঁর অফিসে যোগাযোগ করেছে, তাদের তিনি একই কথা বলেছিলেন।

আমি তাই সংবর্ধনা অনুষ্ঠানে অংশগ্রহণ করলাম। অনুষ্ঠান শেষে বুঝতে পারলাম, ৮০ জনের বেশির ভাগই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে সংবর্ধনায় যোগ দিয়েছে। আমরা চার বোর্ডের মাত্র ১৯ জন পরীক্ষায় অংশগ্রহণ করিনি। ভর্তি নিয়ে তখনো আমাদের মনে কোনো সংশয় তৈরি হয়নি।

এরপর উপাচার্য অধ্যাপক ড. এমাজউদ্দীন আহমদ তৎকালীন বাণিজ্য অনুষদের ডিন অধ্যাপক এ বি এম খালেদকে আমাদের ভর্তি নিয়ে নেওয়ার জন্য নির্দেশ দিয়েছিলেন। কিন্তু ডিন তাঁর কথা শোনেননি। দিন দুয়েকের মধ্যেই ক্যাম্পাসে আমাদের ভর্তির পক্ষে-বিপক্ষে ছাত্রদল ও ছাত্রলীগের পাল্টাপাল্টি মিছিল হতে দেখলাম। আমরা এবার সত্যিকার অর্থেই সংকটে পড়ে গেলাম।

আমরা ১৯ জনের প্রায় সবাই তখন ক্যাম্পাসে একত্র হলাম। একদিন কয়েকজন মিলে ডিনের সঙ্গে দেখাও করলাম আমাদের ব্যাপারে তাঁর সিদ্ধান্ত জানার জন্য। তিনি সরাসরি জানিয়ে দিলেন, ওই বছর আর আমাদের ভর্তি হচ্ছে না এবং পরবর্তী বছরের ভর্তি পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে বললেন। ওই সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ে দুইবার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করা যেত। যদিও তখন প্রায় প্রতিদিনই আমাদের ভর্তির বিষয়ে উপাচার্য, ডিন ও শিক্ষক সমিতির বিবৃতি পত্রপত্রিকায় আসত। শেষ পর্যন্ত আমরা আর বাণিজ্য অনুষদে ভর্তি হতে পারিনি। আমরা শুনেছি, তৎকালীন প্রধানমন্ত্রী নাকি ডিনকে ফোন করে নির্দেশ দিয়েছিলেন আমাদের ভর্তি করিয়ে নেওয়ার জন্য। কিন্তু তিনি সে নির্দেশ যৌক্তিকভাবে নাকচ করে দেন।

আমাদের মধ্যে কেউ কেউ অন্যান্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়। দু-একজন ঘ ইউনিটের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্য বিষয়ে ভর্তি হয়। আমি বাণিজ্য বিষয়ে পড়াশোনা করব বলে ঘ ইউনিটের ফরমও কিনিনি। তাই আমার এক বছর পাঠবিরতি হয়। গভীর হতাশা নিয়ে আমি একটি বছর কাটিয়ে দিলাম। যাঁরা আমার এইচএসসির কৃতিত্বপূর্ণ ফলে মনে মনে খুশি হতে পারেননি, তাঁরা এ ঘটনায় খুব খুশি হয়েছিলেন। মাঝেমধ্যে তাঁরা এ নিয়ে আমাকে বিভিন্ন ইঙ্গিত করতেন।

পরবর্তী বছর ভর্তি হলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স ও ব্যাংকিং বিভাগে। প্রথম বর্ষ থেকেই হলে থাকা শুরু করলাম। প্রথম বছর চাচাতো ভাইয়ের সঙ্গে এবং তারপর অন্যদের সঙ্গে। গভীর মনোযোগসহকারে পড়াশোনা করলাম। ভালো ফলও পেলাম। ১৯ জনের মধ্যে কুমিল্লা বোর্ডে তৃতীয় স্থান অর্জন করা একজন আমাদের বিভাগেই ভর্তি হয়েছিল। কিন্তু হতাশায় ডুবে গিয়ে সে আর পাস করতে পারেনি।

আমি যখন তৃতীয় বর্ষে পড়ি, তখন খালেদা জিয়া বিরোধীদলীয় নেত্রী। তখন আমি একবার ২৯ মিন্টো রোডে তাঁর সঙ্গে দেখা করতে গিয়েছিলাম আমার ক্ষোভের কথা জানাতে। তাঁর পিএস রুমের ভেতরে গিয়ে আমার বিষয়টি জানালে তিনি আর দেখা করেননি। সম্ভবত তাঁর কাছে আমার প্রশ্নের কোনো সদুত্তর না থাকায় তিনি আমার সঙ্গে দেখা করতে রাজি হননি। তবে

এরপর ৩৮ পৃষ্ঠায়

“মনে মনে এ বি এম খালেদ স্যারের মতো একজন শক্ত মেরুদন্ডের শিক্ষক খুঁজে বের করতে চেষ্টা করলাম। দেখলাম ওই ধরনের শিক্ষক প্রায় বিলুপ্ত হয়ে গেছেন অথবা থাকলেও আমার জানা নেই। আমাদের এ ঘটনা নিয়ে অনেকের মধ্যেই নানা রকম ভুল ধারণা ও ব্যাখ্যা রয়েছে। আমি নিজেও এ ঘটনার অপব্যাখ্যা শুনেছি অনেকের মুখে। তাই অনেক দেরি হলেও ঘটনাটি সবিস্তার বর্ণনা করার তাগিদ অনুভব করলাম”


| | | | |
|---|---|---|---|
| Editor & Publisher | : Shah Nawaz | সম্পাদক ও প্রকাশক | : শাহ্‌ নেওয়াজ |
| Chief Editor | : Manzur Ahmed | প্রধান সম্পাদক | : মনজুর আহমদ |
| Associate Editor | : Hasanuzzaman Saki | সহযোগী সম্পাদক | : হাসানুজ্জামান সাকী |
| Managing Editor | : Rano Nawaz | ব্যবস্থাপনা সম্পাদক | : রানো নেওয়াজ |
| Commercial Chief | : Abubakar Siddique | বাণিজ্যিক প্রধান | : আবুবকর সিদ্দিকী |

**Weekly Ajkal**
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মর্যাদা ও প্রত্যয় স্কিম নিয়ে কিছু প্রশ্ন

এ কে এম মাহমুদুল হক

'যারা জানে, তারা করে। আর যারা বোঝে, তারা শিক্ষা দেয়।' শিক্ষা নিয়ে গ্রিক দার্শনিক অ্যারিস্টটল এই উক্তিটির মাধ্যমে শিক্ষকতার কাজটিকে আলাদা দৃষ্টিকোণ থেকে পর্যবেক্ষণ করেছেন। প্রকারান্তরে শিক্ষকতা আসলে কী, তা স্মরণ করিয়ে দেওয়ার স্বার্থে বিষয়টির আরেকটু সহজ ও বোধগম্য ব্যাখ্যা থাকা প্রয়োজন। প্রথমত, এখানে 'জানা' মানে শুধু তথ্য বা দক্ষতা অর্জন করা।

এটা 'শিখন' প্রক্রিয়ার প্রাথমিক ধাপ, যেখানে আমরা রকমফের জিনিস শিখি এবং সঙ্গে সঙ্গে সেগুলোকে কাজে লাগাই। যেমন গণিতের সমস্যা সমাধান করা, রচনা লেখা কিংবা কোনো বাদ্যযন্ত্র বাজানো।

পক্ষান্তরে জানার চেয়ে বোঝা তুলনামূলক গভীর। বোঝা কেবল তথ্য মনে রাখা নয়; বরং সেগুলোকে ব্যাখ্যা করা, বিশ্লেষণ করা এবং অন্যদের কাছে তা পৌঁছে দেওয়ার সক্ষমতাও বটে। সহজভাবে বলতে গেলে, শেখানো হলো বোঝার প্রমাণ। আপনি যদি যেকোনো ধারণা কাউকে স্পষ্ট ও কার্যকরভাবে বুঝিয়ে দিতে পারেন, তাহলে সেটা প্রমাণ করে যে আপনি ওই বিষয়টি গভীরভাবে বুঝেছেন। আবহমানকাল থেকে ইতিহাস ও সাহিত্যে শিক্ষকদের যে মর্যাদা দেওয়া হয়েছে, তা মূলত আলোচিত এই দর্শনের জন্যই।

সময় ও যুগ পরিবর্তনের সঙ্গে সঙ্গে আজ সমাজের চিত্রও প্রতিনিয়ত বদলে যাচ্ছে। স্থান-কাল-পাত্রনির্বিশেষে প্রাথমিক বিদ্যালয়ে পাঠদানকারী একজন শিক্ষককে অনায়াসে 'স্যার' সম্বোধন করা আমাদের গড়ে ওঠা অভ্যাস ও সংস্কৃতিরই অংশবিশেষ। অথচ আজ আমাদের নাসিকার উচ্চতা যেন হিমালয়কেও ছাড়িয়ে গেছে!

শিক্ষকমাত্রকেই যদি 'স্যার' সম্বোধন করার অন্তর্নিহিত কারণ অনুসন্ধান করা হয়, তাহলে বিষয়টি এমন দাঁড়ায় যে একজন সংগীতশিল্পীকে যেমন আমরা 'গায়ক' বলে ডাকি, ঠিক তেমনিভাবে যাঁরা আমাদের শিখিয়েছেন, তাঁদেরও আমরা স্বাভাবিকভাবেই 'স্যার' বলে সম্বোধন করি। বলা বাহুল্য, এই 'স্যার' বলাটা একটা পেশাভিত্তিক সম্বোধনও বটে।

আমাদের দেশের অন্য পেশাজীবীদের মধ্যেও এই 'স্যার' ডাক শুনতে চাওয়ার একটি উদগ্র প্রবণতা বিশেষভাবে লক্ষ করা যাচ্ছে, যদিও তাঁদের পেশা শিক্ষাদান নয়। অন্যের মুখে 'স্যার' শব্দটিতে সম্বোধিত হওয়ার জন্য তাঁদের মধ্যে বিদ্যমান প্রকট আকাঙ্ক্ষা এবং এর অবস্থাদৃষ্টে এটি মনে করা বিচিত্র কিছু নয় যে এ কালে 'স্যার' সম্বোধনটা বেশ রোমান্টিক একটি সম্বোধনে পর্যবসিত।

এই 'স্যার' সম্বোধন শোনার ব্যগ্র বাসনায় আমরা ভুলতে বসেছি যে সমাজে কিছু অতি পবিত্র পেশা রয়েছে। শিক্ষকতা, রোগীর চিকিৎসা প্রদান ও বিচার কার্যক্রমএই তিনটি পেশায় নিয়োজিত ব্যক্তিদের নৈতিকতার দিক থেকে সবচেয়ে অনড় ও অবিচল থাকতে হয়। আমাদের অবশ্যই মনে রাখতে হবে, সমাজে যেদিন এই তিন শ্রেণি-পেশার মানুষ সবাই কলুষিত হবে, সেদিনই হবে এই মানবসভ্যতার অন্তিম মুহূর্ত। হ্যাঁ, এই তিনটি পেশা এতটাই মহৎ।



আমাদের বিস্মৃত হলে চলবে না যে শিক্ষকেরাও মানুষ। ভুলভ্রান্তি তাঁদের দ্বারাও হয়ে থাকে। তাই বলে আমরা যদি এই পেশাটিকে স্বেচ্ছায় ও সজ্ঞানে হেয়প্রতিপন্ন করতে থাকি, তাহলে এর অনিবার্য পরিণতি ধ্বংস ছাড়া আর কিছু হবে না। আমাদের মনে রাখতে হবে, কিছু পেশার প্রতি সম্মানসূচক দৃষ্টিভঙ্গি পোষণ করা এই সমাজেরই দায়। শিক্ষকদের সম্মান প্রাপ্য ব্যাপারটিকে এভাবে না দেখে বরং এটা সমাজেরই কর্তব্য যে তাঁদের সেই মর্যাদা প্রদান করা কিংবা এভাবে দেখা উচিত।

প্রকৃতপক্ষে আমাদের পুরো রাষ্ট্র ও প্রশাসনিক ব্যবস্থা একটি মেশিনের মতোই। অন্য সব শ্রেণিপেশার মানুষ এই মেশিনের কলকবজার মতোই একেকটি অংশমাত্র। শিক্ষকেরা কিন্তু সেই অর্থে এই মেশিনের সরাসরি কোনো যন্ত্রাংশ না হয়ে বরং এই মেশিনটি তৈরি করার কারিগর হিসেবেই বিবেচিত হয়ে থাকেন। শিক্ষকদের মর্যাদাকে অন্য শ্রেণি ও পেশা থেকে আলাদা করে তুলে ধরার জন্য এর চেয়ে সহজ ও বোধগম্য উদাহরণ আর কী হতে পারে।

'প্রত্যয়' স্কিম হোক আর অন্য যেকোনো স্কিমই হোক না কেন, শিক্ষকদের বারবার নানা নামে একটি কথিত স্কিমে অন্তর্ভুক্ত করার যে প্রয়াস, তার আসল উদ্দেশ্যটা বোঝা বড় মুশকিল। আপাতদৃষ্টে এটিকে একটি শ্রেণিবিভাজন ব্যতীত আর কিছুই মনে হচ্ছে না। আর এই শ্রেণিবিভাজনের অবধারিত ফলাফল হলো বৈষম্য। বিষয়টি আর্থিকভাবে একজন শিক্ষকের জন্য যতটা না ক্ষতির, তার চেয়ে শিক্ষকতা পেশাটির জন্য বেশি অসম্মানজনক। আজ শিক্ষকদের এই মহান পেশার সম্মান রক্ষায় পথে দাঁড়াতে হচ্ছে। এটিই কি কম বেদনাদায়ক?

সামান্য কিছু পাওনা বেতনের দাবিতে দিনের পর দিন রাজপথে শিক্ষকদের অবস্থান কর্মসূচি পালন; প্রশাসন ক্যাডার ও শিক্ষা ক্যাডারের মাঝামাঝি যে প্রগাঢ় বৈষম্য, তার বিরুদ্ধে গলা ফাটিয়ে চিৎকার করে স্লোগান: বিশ্ববিদ্যালয় শিক্ষকদের একটি স্বতন্ত্র স্কেলের আওতায় আনার দাবিতে রাস্তায় নেমে আসাএমন সব দৃশ্য আগেও দেখা গেছে। অথচ একজন সরকারি আমলার সুযোগ-সুবিধার তুলনায় একজন শিক্ষকের কিছুই নেই। উদ্ভূত পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন ওঠাই কি স্বাভাবিক নয় যে 'প্রত্যয়' স্কিম এই 'কিছুই নেই'

এরপর ৪৪ পৃষ্ঠায়




একটি সর্বজনীন পেনশন স্কিম ঘোষণা করা নিঃসন্দেহে সরকারের অন্তর্ভুক্তিমূলক পরিকল্পনারই প্রতিফলন। সরকার চলমান পেনশন ভাতার যে টেকসই দিকটি বারবার সামনে আনছে, সেটিরও যৌক্তিকতা রয়েছে। তাই বিষয়টিকে সার্বিক অর্থে টেকসই করার সঙ্গে সঙ্গে কীভাবে সত্যিকার অর্থেই সর্বজনীন করা যায়, সেটি বিবেচনায় নেওয়া অত্যাবশ্যক। আমাদের মাথায় রাখতে হবে, এখনো একটি বিশাল পেশাগোষ্ঠী এই স্কিমের ঊর্ধ্বে রয়েছে। মূলত যাঁরা এই নীতিনির্ধারক গোষ্ঠী, তাঁদের একটি বিশাল অংশ নিজেদের পেশায় শুধু জ্যেষ্ঠ এ কারণে পূর্বনির্ধারিত সেবাপ্রাপ্ত হচ্ছেন। নৈতিকতার মানদণ্ডে এটিও কি কম বড় প্রশ্ন?

# প্রচলিত পেনশন বন্ধ না করে দুর্নীতি ও চুরি রোধ করুন

মো. ইকবাল হোসেন

আমরা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা পেশাগত দায়িত্ব-কর্তব্য সম্পর্কে সচেতন। নিজেদের শূন্যতা ও সীমাবদ্ধতা অতিক্রম করে আন্তর্জাতিকভাবে এগিয়ে যেতে আমরা সর্বদা সচেষ্ট। গবেষণা ও দক্ষ জনশক্তি উন্নয়নের মাধ্যমে সরকারঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমরা অগ্রণী ভূমিকা পালন করতে দৃঢ়প্রতিজ্ঞ। রাষ্ট্রের আর্থিক সামর্থ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ যথার্থ বেতন-ভাতা এবং ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তার জন্য প্রচলিত পদ্ধতিতে পেনশন নিয়েই আমরা সন্তুষ্ট থাকতে চাই। পরিশেষে বলব, শিক্ষকদের প্রচলিত পেনশন বন্ধ নয়, সর্বক্ষেত্রে সব পর্যায়ে অপচয়, অপব্যয় ও দুর্নীতি বন্ধ করুন, রাষ্ট্রের আর্থিক সক্ষমতা সুস্পষ্টভাবে দৃশ্যমান হবে। সরকারের ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সম্ভবপর হবে



প্রাসঙ্গিকভাবেই ব্যক্তিগত কিছু কথা প্রথমে চলে আসছে। বুয়েটে আমার স্নাতকের শেষ টার্মের পরীক্ষা সমাপ্তি ও ফলাফল প্রকাশের জন্য অপেক্ষায় ছিলাম বেশ কয়েক মাস আগে থেকে। কারণ, এটা সম্পন্ন হলেই পিএইচডি শুরু করতে সিঙ্গাপুর চলে যাব, স্কলারশিপসহ অফার চূড়ান্ত। আমরা বুয়েট কেমিকৌশল বিভাগ থেকে পাঁচজন একত্রে। সঙ্গে অন্যান্য বিভাগ থেকেও কয়েকজন ছিল। আমাদের স্নাতক ব্যাচ থেকে আমরাই প্রথম পিএইচডির জন্য যাত্রা শুরু করি। আবার পিএইচডির শেষ বর্ষের শুরুতেই ক্যারিয়ারের পরবর্তী ধাপ নিয়ে পরিকল্পনা করি। পিএইচডি থিসিস আনুষ্ঠানিকভাবে জমাদানের ঠিক আগে সৌদি আরবের দুটি রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় থেকে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (রিসার্চ) পদে যোগদানের অফার পাই। তাদের অফারে সুযোগ-সুবিধা আমার জন্য খুব যৌক্তিক ও গ্রহণযোগ্য ছিল। আনন্দিতও ছিলাম। সমসময়ে বুয়েটে আমার নিজ বিভাগ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ হয়।

আমি বিভাগে যোগদান করতে আগ্রহ প্রকাশ করলে কর্তৃপক্ষ ইতিবাচকভাবে তা গ্রহণ করে। বুয়েটে শিক্ষক নিয়োগের প্রক্রিয়া অনুযায়ী নিজ বিভাগের সঙ্গে যুক্ত হলাম ২০১১-এর আগস্ট মাসে। সরকারি বেতন-ভাতা কী হবে বা এটা পর্যাপ্ত কি না, তা একেবারেই ভেবে দেখিনি। নিজের শিক্ষাপ্রতিষ্ঠান ও দেশকে সেবা দেব, এটাই আমার জন্য সবচেয়ে বড় বিবেচনা ছিল।

আমার বাড়ি ঢাকার পার্শ্ববর্তী জেলা নারায়ণগঞ্জে। সেখান থেকেই বাসে যাওয়া-আসা করে বুয়েটে নিয়মিত দায়িত্ব পালন শুরু করি, যা একসময়ে কঠিন হয়ে যায়। বুয়েট শিক্ষক আবাসিক কোয়ার্টারেও বাসা পাওয়া সম্ভব হয়নি তখন। বাধ্য হয়ে পরিবারের সঙ্গে পরামর্শ করে ঢাকায় বাসা ভাড়া নিলাম। একটি নিরাপদ ও মানসম্পন্ন বাসস্থান প্রতিটি পেশাজীবীর মৌলিক অধিকার ও চাওয়া। সেভাবেই নিলাম।

শিক্ষক হিসেবে আমার বুয়েটে তখন যে বেতন ছিল, তা সেই বাসার ভাড়া, ইউটিলিটি ও সার্ভিস চার্জ থেকেও কম। পিএইচডির স্কলারশিপ থেকে যা সঞ্চয় করেছি, তা ব্যাংকে বিনিয়োগ করে যা লভ্যাংশ পেতাম, তা খরচ করে পরিবার নিয়ে চলতে হতো। ২০১২ সালের কথা। কী এক বেতনকাঠামো ছিল! যা-ই হোক, নিজের অর্থ ব্যয় করেও কেন এই পেশায় ছিলাম? উত্তরে বলব, জ্ঞানচর্চা ও সৃষ্টির সুযোগ, দক্ষ জনশক্তি উন্নয়নের সুযোগ, রাষ্ট্রের স্বার্থে নিজের চিন্তা উপস্থাপনের সুযোগ ও একটি স্বাধীন-সৌহার্দ্যপূর্ণ-সুশৃঙ্খল কর্মপরিবেশ। এটাই ছিল মূল প্রেরণা। ২০১২ সালের শেষের দিকে শিক্ষক আবাসিক কোয়ার্টারে বাসা পেলাম। সঙ্গে বুয়েটের নিজস্ব উৎস থেকে আয় বাড়ল। এগিয়ে যেতে থাকলাম। ২০১৫ সালে গতানুগতিক চিন্তা থেকে বেরিয়ে এসে আওয়ামী লীগ সরকার একটি মহৎ, যথার্থ ও মানবিক সিদ্ধান্ত নিয়ে উচ্চতর জাতীয় বেতনকাঠামোর কথা ঘোষণা করল। সরকারের লক্ষ্য ছিল, জাতীয় বেতনকাঠামোভুক্ত সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের আর্থিকভাবে সচ্ছল করে নিজ নিজ কর্মে সম্পূর্ণভাবে মনোযোগী ও নিবেদিত করা।

সবাই স্বাগত জানিয়ে আনন্দের সঙ্গে নতুন বেতনকাঠামো গ্রহণ করলেন। জাতীয় বেতনকাঠামোর অংশীজন হিসেবে দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরাও তা স্বাগত জানান।

তবে প্রজ্ঞাপন প্রকাশিত হওয়ার পর আমরা পেলাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বিরুদ্ধে কূটকৌশলজনিত এক বৈষম্য। সিলেকশন গ্রেড বাতিলের মাধ্যমে আমাদের জাতীয় বেতনকাঠামোর গ্রেড-১ থেকে অবনমন করে গ্রেড-৩ ধাপে সীমাবদ্ধ করা হলো। অপর দিকে প্রশাসন ক্যাডারের জন্য গ্রেড-১ ধাপের ওপরে একটি সুপারগ্রেড আনা হলো। প্রকৃতপক্ষে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের তিন ধাপ অবনমন করার চেষ্টা চলে প্রথমে।

ব্রিটিশবিরোধী আন্দোলন থেকে শুরু করে স্বাধীন বাংলাদেশে গণতন্ত্র প্রতিষ্ঠা করা, সব ক্রান্তিকালে এ দেশের শিক্ষকসমাজ ভূমিকা রেখেছে। অন্যায়, বৈষম্য ও কূটকৌশল বোঝার ক্ষমতা এবং প্রতিবাদের ইতিহাস বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসমাজের রয়েছে।

আমরা ন্যায্য দাবি নিয়ে ২০১৫ সালের উচ্চতর বেতনকাঠামোর বৈষম্যের বিরুদ্ধে প্রতিবাদ করায় জ্যেষ্ঠ রাজনৈতিক নেতাদের সহায়তা ও মধ্যস্থতায় সমস্যার একটি সমাধান হয়। আমাদের জন্য আগের মতো বেতনকাঠামোর গ্রেড-১ ধাপে পৌঁছার পথ সক্রিয় করা হয়। তবে গ্রেড-২ ও গ্রেড-১ ধাপে পৌঁছার জন্য নতুন শর্ত যুক্ত করা হয়। যাহোক, বুদ্ধিবৃত্তিক কোনো শর্তেই শিক্ষকসমাজ শঙ্কিত নয়। তবে সরকারের প্রতিশ্রুত সুপারগ্রেড পাওয়া থেকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসমাজ আজও বঞ্চিত, যা অসাংবিধানিক। এই অসাংবিধানিক বৈষম্যের অবসান হওয়া জরুরি।

এ দেশের বিচার বিভাগীয় জেলাপর্যায়ের সম্মানিত বিচারকেরাও দীর্ঘদিন একধরনের বৈষম্যের মধ্যে ছিলেন। বিচারিক প্রক্রিয়ার মধ্য দিয়ে অবশেষে তাঁরা সমাধান পেয়েছেন। এটা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বৈষম্য নিরসনে একটি উপযুক্ত দৃষ্টান্ত হতে পারে।

শিক্ষকদের পেনশনে আসা যাক। এ দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো সরকারের স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। অর্থাৎ বিশ্ববিদ্যালয়গুলো নিজ নিজ আইন দ্বারা পরিচালিত হয়। তবে বিশ্ববিদ্যালয় পরিচালনায় প্রয়োজনীয় অর্থ আসে সরকারের বাজেট বরাদ্দ থেকে।

এরপর ১৬ পৃষ্ঠায়



# বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতিতে একটি মাইলফলক

## প্রধানমন্ত্রীর চীন সফর

“বাংলাদেশ একটি সম্ভাবনাময় দেশ। কূটনৈতিক সম্পর্ককে কাজে লাগিয়ে দেশের সম্ভাবনাকে কীভাবে আরও একধাপ কীভাবে এগিয়ে নেয়া যায়- সেটি প্রধানমন্ত্রী খুবই দক্ষতার সাথে পরিচালনা করছেন। বিগত দেড় দশকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার বিশ্বব্যাপী কূটনৈতিক সম্পর্ক ধরে রেখে দেশের যে উন্নয়ন কার্যক্রম অব্যাহত রেখেছে। এই ধারাবাহিকতায় দেশ এগিয়ে চললে উন্নত বাংলাদেশের স্বপ্ন আর বেশি দূরে নেই। এ বিষয়ে প্রধানমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টা রয়েছে যথেষ্ট। এখন প্রয়োজন দেশবাসীর আন্তরিক সহযোগিতা এবং সমন্বয়। যদি সকল ক্ষেত্রে সমন্বয় হয় তবে দেশকে আর পেছনে তাকাতে হবে না”

ড. সুলতান মাহমুদ রানা



আঞ্চলিক এবং আন্তর্জাতিক প্রেক্ষিতে প্রধানমন্ত্রীর চীন সফরের সাথে বাংলাদেশের উন্নয়ন অগ্রগতির ক্ষেত্রে আরও একটি মাইলফলক হিসেবে যুক্ত হলো। প্রধানমন্ত্রী চীন সফরে বাংলাদেশের ভূকৌশলগত অবস্থানের পাশাপাশি আন্তর্জাতিক বাণিজ্য ও পরিবহন রুটের সঙ্গে বাংলাদেশের সরাসরি কানেকটিভিটির বিষয়টি গুরুত্ব পেয়েছে। আমরা জানি চীনের বাজারে বাংলাদেশের পণ্য রপ্তানির বিপুল সম্ভাবনা রয়েছে। আর এই সম্ভাবনাকে কাজে লাগাতে প্রধানমন্ত্রীর সুদূরপ্রসারী পরিকল্পনা তাঁর এই চীন সফরের মধ্য দিয়ে প্রমাণিত হয়েছে।

গত এক দশকে চীনকে বাংলাদেশের বেশ কিছু মেগা-প্রকল্পে ঋত প্রদানের পাশাপাশি বাস্তবায়নকারীর ভূমিকাতেও অবতীর্ণ হতে দেখা গেছে। বাংলাদেশ-চীন সম্পর্কের চলমান যাত্রায় এবারের চীন সফর দুই দেশের সম্পর্কের গুণগত উত্তরণ ঘটেছে। ক্রমবর্ধমান ভূ-রাজনৈতিক উত্তেজনা এবং দক্ষি এশিয়ায় জোট পরিবর্তনের মধ্যে ৮ থেকে ১০ জুলাই প্রধানমন্ত্রী শেখ হাসিনার চীন সফরে বাণিজ্য, বিনিয়োগ এবং অর্থনৈতিক সহযোগিতার মাধ্যমে নতুন আশার আলো তৈরি হয়েছে।

বর্তমানে চীন বাংলাদেশের জন্য একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক অংশীদার। গত এক দশকে বাংলাদেশে চীনের সরাসরি বিদেশি বিনিয়োগ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। দ্বিপক্ষীয় বাণিজ্য ২০০৯-২০১০ অর্থ বছরে যেখানে ছিল ৩৩০ কোটি ডলার, তা এখন ২ হাজার কোটি ডলারের উপরে। ২০১১ থেকে ২০১৯ সালের মধ্যে, চীনা এফডিআই ১০.৯ গুণ বেড়েছে। শক্তি, অবকাঠামো, তথ্যপ্রযুক্তি, প্রতিরক্ষা এবং শিক্ষার মতো বিভিন্ন খাতকে কেন্দ্র করে এসব ফান্ড বেড়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার কৌশলগত দৃষ্টিভঙ্গি তার বৈদেশিক সম্পর্কের পারদর্শী ভারসাম্য, বাংলাদেশের কূটনৈতিক মর্যাদা এবং অর্থনৈতিক সম্ভাবনা বৃদ্ধিতে প্রতিফলিত হয়েছে। বাংলাদেশের দৃষ্টিভঙ্গি হচ্ছে, সার্বভৌমত্ব এবং আঞ্চলিক স্থিতিশীলতা নিশ্চিত করার সাথে সাথে সর্বাধিক অর্থনৈতিক সুবিধার জন্য এই সম্পর্কগুলোকে ব্যবহার করা। সামগ্রিকভাবে বলা যায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার চীন সফর দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করার পাশাপাশি অর্থনৈতিক সহযোগিতার নতুন পথ অন্বেষণের একটি উল্লেখযোগ্য সুযোগের প্রতিনিধিত্ব করে। বাংলাদেশ-চীন সম্পর্কের ভবিষ্যৎ গঠনে বাস্তববাদী কূটনীতি এবং কৌশলগত সম্পৃক্ততার গুরুত্বকেও তুলে ধরে। এই মূল সম্পর্কের ভারসাম্য রক্ষায় শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্ব বাংলাদেশের কৌশলগত অবস্থানকে উন্নত করে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়নের সম্ভাবনাকে বাড়িয়ে তুলেছে।



প্রধানমন্ত্রীর এবারের সফর নিয়ে পঞ্চমবারের মতো চীন সফর। প্রধানমন্ত্রীর এই সফরকে সর্বশেষ জাতীয় নির্বাচনে জয়লাভের পর কূটনৈতিক অগ্রাধিকার হিসেবে বিবেচনা করা যায়। গত ৭ জানুয়ারির সাধারণ নির্বাচনের ফলাফল ঘোষণার আগে পশ্চিমা কয়েকটি দেশ নির্বাচনী প্রক্রিয়ার বিশ্বাসযোগ্যতা ও স্বচ্ছতা নিয়ে প্রশ্ন তুলেছিল। ঐতিহ্যগত বন্ধুত্বপূর্ণ অংশীদার হিসেবে চীন, বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে স্বাধীনতা ও স্বায়ত্তশাসনকে দৃঢ়ভাবে সমর্থন করে এবং দেশটির নির্বাচনে বহিরাগত হস্তক্ষেপের বিরোধিতা করেছিল।

সাম্প্রতিক বছরগুলোতে দেখা গেছে, আন্তর্জাতিক সম্প্রদায় বাংলাদেশের বৈদেশিক বিষয়গুলো মোকাবেলায় শেখ হাসিনার বাস্তববাদী দৃষ্টিভঙ্গি দেখেছে। একইসঙ্গে তারা এখন বাংলাদেশের উন্নয়ন ও প্রবৃদ্ধির সুযোগে আস্থা রেখেছে। বিশ্বশক্তিগুলো ও বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সঙ্গে বাংলাদেশ সুসম্পর্কও বজায় রেখেছে। বাংলাদেশের ঐতিহ্যবাহী বন্ধুত্বপূর্ণ অংশীদার হিসেবে চীন সবসময় বাংলাদেশের উন্নয়নের প্রতি তাদের সমর্থন দিয়ে এসেছে। চীন-বাংলাদেশ সম্পর্কের দ্রুত বিকাশের মূল ভিত্তি হলো, বাংলাদেশের বাণিজ্যিক স্বাধীনতা ও বাংলাদেশের যেকোনো কৌশলগত ইস্যুতে তাদের ক্রমাগত প্রশংসা।

২০২৩ সালের আগস্টে চীনা প্রেসিডেন্ট শি জিনপিং দক্ষি আফ্রিকায় অনুষ্ঠিত ব্রিকস সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকের সময় চীন, তাদের জাতীয় সার্বভৌমত্ব, স্বাধীনতা এবং আঞ্চলিক অখণ্ডতা রক্ষায় তাদের পরিষ্কার অবস্থানের কথা জানিয়েছিল। এছাড়াও, বহিরাগত হস্তক্ষেপের বিরোধিতা করতে বাংলাদেশের প্রতি দেশটির সমর্থন থাকবে এবং বাংলাদেশের অভ্যন্তরীণ ঐক্য ও স্থিতিশীলতা বজায় রাখতেও চীন সাহায্য করবে বলে মত প্রকাশ করেছিল। একইসঙ্গে উন্নয়ন সহযোগী হিসেবেও চীন বাংলাদেশের পাশে আছে বলেও জানান দিয়েছিলেন শি জিনপিং। এসব ক্ষেত্রে একটি বিষয় পরিষ্কার যে চীন বাংলাদেশের দুর্দিনেরও বন্ধু। বাংলাদেশের প্রতি চীনের দৃষ্টিভঙ্গি সবসময়ই ইতিবাচক।

সাম্প্রতিক বছরগুলোতে অর্থনৈতিক বিষয় ও বাণিজ্যের ক্ষেত্রে দুই দেশের মধ্যে সহযোগিতা দ্রুততার সঙ্গে বিকশিত হয়েছে। বিগত দেড় দশক চীন বাংলাদেশের সবচেয়ে বড় বাণিজ্যিক অংশীদার হয়ে পাশে দাঁড়িয়েছে। অর্থনৈতিক ও বাণিজ্যিক বিনিয়োগ ছাড়াও দুই দেশ কৃষি, মৎস্য, দুর্যোগ প্রতিরোধ ও ত্রাণ, সামুদ্রিক বিষয়, মানবিক ও বহুপক্ষীয় সহযোগিতার মতো বিভিন্ন ক্ষেত্রে সমন্বয় ও সহযোগিতা করা। আর এ কারণে এরপর ৪৫ পৃষ্ঠায়



GOLDEN AGE HOME CARE

সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী

# হোম কেয়ার







## PCA AND CDPAP SERVICE

## সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা

আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে প্রতিমাসে ৮০০ ডলার পেতে সহায়তা করা হয়।



Shah Nawaz MBA
President & CEO, 646-591-8396

**JACKSON HTS OFFICE**
71-24 35th Ave
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852
Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

**YONKERS OFFICE**
558 E Kimball Ave
Yonkers, NY 10704
Ph: 718-650-6912
Fax: 917-396-4115

**HILLSIDE AVE. OFFICE**
170-18A Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-530-1820
Fax: 917-396-4115

**JAMAICA AVE. OFFICE**
180-15 Jamaica Ave
Jamaica, NY 11432
Ph: 718-481-8992
Fax: 917-396-4115

**ASTORIA OFFICE**
36-07 31 Street,
Astoria, NY 11106
Ph: 718-540-4130
Fax: 917-396-4115

**BROOKLYN OFFICE**
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115

Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

# বিরাট মূল্যহ্রাস

# BISMILLAH

## HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

১০টি কালার রেড/ব্লাক চিকেন কিনলে ২টি কালার চিকেন ফ্রি অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি

৩টি রেড হার্ড চিকেন $17.99 ৬টি রেড/ব্লাক চিকেন কিনলে ১টি রেড হার্ড চিকেন ফ্রি

আরো রয়েছে কোয়েল, কবুতর, তিতি মুরগী, বালিহাঁস, রেগুলার হাঁস, চাকার পাখি, রাতা মোরগ, কোয়েল ডিম, হাঁসের ডিম, মুরগীর ডিম, অর্গানিক ডিম

স্পেশাল সেল

৩টি
রেড হার্ড চিকেন
$17.99

Approved by

SBNY
Shariah Board New York

HALAL MONITORING SERVICES HMS CERTIFIED HAND ZABIHA ™

শরীয়াহ বোর্ড কর্তৃক একমাত্র
অনুমোদিত হালাল পোলট্রি মার্কেট



আমাদের রয়েছে শরীয়াবোর্ড অনুমোদিত
প্রতিদিন জবেহকৃত গোট ও বিফ

এছাড়াও এখানে পাবেন সকল ধরণের বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছ
ইলিশ, রুই, কাতল, মৃঘেল, কোরাল, গলদা চিংড়ী, কই, বাইলা, মলা, কাচঁকিসহ বিভিন্ন ধরণের মাছ



প্রতিদিন স্পেশাল ঃ বিফ উইথ বোর্ন $3.99
অল হোয়াইট চিকেন $2.99

শুধুমাত্র সীমিত সময়ের জন্য

Scan Here to Shop
& Get Free Delivery



ফ্রি ডেলিভারী
মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp
MasterCard VISA AMERICAN EXPRESS DISCOVER

Open 7 Days: 8:00am to 7:00pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205-7200 | 718.205.8262

বিসমিল্লাহির রাহমানির রাহিম

# ফরিদপুর জেলা এসোসিয়েশন অব ইউ,এস,এ ইন্‌ক
# FARIDPUR DISTRICT ASSOCIATION OF USA INC.




## বার্ষিক বনভোজন

২৮ জুলাই, ২০২৪ রবিবার
সময়: সকাল ১০:০০টা

**VENUE: GLEN ISLAND PARK**
*Weyman Ave, New Rochelle, NY 10805*
**PAVILION: 3**



সুধী,
আস্‌সালামু আলাইকুম, আগামী ২৮ জুলাই, ২০২৪ ইং রোজ রবিবার ফরিদপুর জেলা এসোসিয়েশন অব ইউএসএ ইন্‌ক এর বার্ষিক বনভোজনের আয়োজন করা হয়েছে। উক্ত বনভোজনে আপনি/আপনারা স্বপরিবারে আমন্ত্রিত।

পেশাদার বাবুর্চী দ্বারা স্পটে গরু ও খাসী রান্না করা হবে।

**আমন্ত্রনে: বনভোজন উদ্‌যাপন কমিটি**


আহ্বায়ক
**সাকিব হায়দার**
ফোন: ৪৭০-৪৪৭-৮৬২৫
যুগ্ম আহ্বায়ক
খাঁন নাজমুল হাসান
শিহান রেজা


প্রধান সমন্বয়কারী
**মোঃ লাকিবুল ইসলাম**
ফোন: ৯২৯-৫৯০-০৫৩৭
সমন্বয়কারী
মোঃ নজরুল ইসলাম
মোঃ জিয়াউর রহমান


সদস্য সচিব
**লিটু আনাম**
ফোন: ৬৪৬-২৪৮-৪৭৫৯
যুগ্ম সদস্য সচিব
এনামুল এহসান তুহা
মোঃ খায়রুজ্জামান

### চাঁদার পরিমান
একক: ৪০ ডলার
পরিবার ৪ জন: ১৪০ ডলার
নিজস্ব পরিবহন

### র‍্যাফেল ড্র
খাঁন হাবিবুর রহমান
মোঃ আবু বকর সিদ্দিক
এফ.এম. রেজাউল করিম
মোঃ আবুল কাশেম
সাকিব হায়দার
লিটু আনাম
মোঃ এনামুল হক হেলাল
মোঃ কিবরিয়া
মোঃ সুমন হুসাইন
ডাঃ সফিকুল ইসলাম, এমবিবিএস

### খেলাধুলা
এফ. এম রেজাউল করিম
মোঃ আবু বকর সিদ্দিক
মোঃ নজরুল ইসলাম
মাসুদ হায়দার লস্কর
মঞ্জিল চৌধুরী
কাজী ফখরুল হাসান
পীযুষ কুমার মিত্র
মোঃ জাকির সিকদার
মোঃ ফজলে হাসান, মোঃ আকাশ
রেজওয়ান সিদ্দিকী রেজা

### সংগীত
আইরিন পারভীন
আমেনা ইসলাম
ক্ষুদে শিল্পী গোষ্ঠী সন্দ
ও পরিবার

### অর্থ সংগ্রহে
এস.কে হিরু
৬৪৬-২৩৩-৮২০৫

### বিকালের নাস্তা
সাজেদা করিম
রিকতা সিকদার
ফারজাহা লাবনী
জহুরা আফরিন
পপি আক্তার
নাজমিন সুলতানা
ফাতেমা রহমান
সায়মা রহমান

### আপ্যায়নে
খাঁন নাজমুল হাসান
শিহান রেজা
কাজী মেহেদী হাসান
মোঃ জিয়াউর রহমান
মোঃ খায়রুজ্জামান
মোঃ লাকিবুল ইসলাম
মোঃ রফিকুল ইসলাম
মোঃ জাকির হোসাইন
ফারজানা লাবনী

**উপদেষ্টাবৃন্দ:** বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট আলী আফজাল, খাঁন হাবিবুর রহমান, এফ, এম, রেজাউল করিম, মোহাম্মদ আবু বক্কর সিদ্দিক, মোঃ তোফাজ্জল হোসেন, মাসুদ হায়দার লস্কর, মোঃ সালাউদ্দিন চৌধুরী, মোঃ শাখাওয়াত হোসেন, মোঃ সাইফ উদ্দিন মিলন, মোঃ সাইদুল ইসলাম, মোহাম্মদ আলমগীর হোসেন, মোঃ আবুল কাশেম, লিটু আনাম।

### যোগাযোগ
মোঃ অলিয়ার রহমান
সভাপতি
৩৪৭-৩৩৪-৮৯৫৫

**সার্বিক সহযোগিতায়:** মঞ্জিল চৌধুরী, মোঃ লাকিবুল ইসলাম, খান নাজমুল হাসান, এনামুল এহসান তুহা, মোঃ খারুজ্জামান, এস,কে. হিরু, সাহিদুজ্জামান চৌধুরী, মোঃ মুজিবুর রহমান, কাজী মেহেদী হাসান, মোঃ জিয়াউল হক, মোহাম্মদ শাহিন, কাজী ফখরুল হাসান, মোঃ আবুল বাশার মিএ্রা, মোঃ ইসলাম মিন্টু, মোঃ এনামুল হক সবুজ, মোঃ মনিরুজ্জামান সাগর, মোঃ ফজলে হাসান, মোহাম্মদ আকাশ, মোহাম্মদ আখতারুজ্জামান, মোঃ মামুনুর রহমান, মোঃ জাকির হোসাইন, পীযুষ কুমার মিত্র, মোঃ ফরিদুজ্জামান মিয়া, ভুপেশ ভৌমিক, মোঃ মোস্তফা কামাল, জাকির সিকদার, শুভঙ্কর সাহা শুভ, মোঃ ইসলাম উদ্দিন দিপু, তৌহিদুর প্রান্ত, মোঃ আবুল বাশার মিএ্রা এবং সকল কার্যকরি কমিটির সদস্যবৃন্দ।

স্বর্ণের গহনা
ল্যাপটপ, টিভিসহ
২০টি আকর্ষণীয় পুরস্কার

আকর্ষণীয় র‍্যাফেল ড্র,
খেলাধুলা ও মনোজ্ঞ
সাংস্কৃতিক অনুষ্ঠান

ধন্যবাদান্তে


**মোঃ অলিয়ার রহমান**
সভাপতি
ফোন: ৩৪৭-৩৩৪-৮৯৫৫




**এনামুল হক হেলাল**
সাধারণ সম্পাদক
ফোন: ৫১৮-৮৭০-৯২০৫

প্রচারে: বনভোজন উদ্‌যাপন কমিটি কর্তৃক প্রচারিত

# শিক্ষার্থীদের প্রতি এই মারমুখী অবস্থান কেন

> সরকারের নীতিনির্ধারকেরা শিক্ষার্থীদের আন্দোলন থেকে সরিয়ে নিতে নানা কৌশল নিয়েছেন। অন্তত বুধবার পর্যন্ত তাদের খেপিয়ে তুলতে চাননি। বরং আপিল বিভাগ যাতে স্থিতাবস্থা বজায় রাখে, সেই চেষ্টা চালিয়েছেন। অ্যাটর্নি জেনারেল ২০১৮ সালে জারি করা পরিপত্র যাতে বহাল থাকে সেই চেষ্টা করেছেন। মন্ত্রীদেরও অনেকে শিক্ষার্থীদের প্রতি উপদেশমূলক বক্তৃতা বিবৃতি দিয়েছেন। কিন্তু শিক্ষকদের বিষয় সরকারের পক্ষ থেকে কোনো ইতিবাচক পদক্ষেপ নেই। প্রধানমন্ত্রী দূরে থাক, কোনো মন্ত্রীর সঙ্গেও সাক্ষাৎ করতে পারেননি তাঁরা। আন্দোলনকারী একজন শিক্ষক বিমর্ষ কণ্ঠে এই কলাম লেখককে বললেন, একজন প্রভাবশালী মন্ত্রী তাঁদের সঙ্গে একদিন ফোনে কথা বলার পর সরকারের পক্ষ থেকে আর কোনো যোগাযোগ হয়নি। অর্থাৎ শিক্ষকদের আন্দোলনকে পাত্তাই দিচ্ছে না সরকার

সোহরাব হাসান



২০১৮ সালের পর এই প্রথম শিক্ষার্থীরা রাজপথে শান্তিপূর্ণ আন্দোলন করেছেন। সপ্তাহব্যাপী আন্দোলনে গত বুধবার পর্যন্ত কোথাও অঘটন ঘটেনি। তবে বৃহস্পতিবার যে সরকার আন্দোলনকারীদের বিরুদ্ধে শক্ত অবস্থান নেবে, সেটা আগেই টের পাওয়া গিয়েছিল।

বৃহস্পতিবার দুপুরে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে ঢাকা মহানগর অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম অ্যান্ড অপস) খন্দকার মহিদ উদ্দিন গরমেনরমে শিক্ষার্থীদের রাস্তায় নেমে জনদুর্ভোগ সৃষ্টি না করার আহ্বান জানান। একই সঙ্গে তিনি কেউ রাস্তা বন্ধ করে মানুষের দুর্ভোগ সৃষ্টি করলে পুলিশ প্রচলিত আইনে ব্যবস্থা নিতে পারবে বলেও মন্তব্য করেন।

মহিদ উদ্দিন বলেন, 'যাঁরা আন্দোলন করছেন, তাঁদের প্রতি পুলিশের অবশ্যই ভালোবাসা, সহমর্মিতা আছে। কিন্তু সেই সঙ্গে মনে রাখতে হবে, দেশের প্রচলিত আইন ও দেশের সর্বোচ্চ আদালতের প্রতি শ্রদ্ধাশীল থাকতে আমরা বাধ্য। সেই জায়গা থেকে ডিএমপির পক্ষ থেকে শিক্ষার্থীদের প্রতি আমি বিনীত অনুরোধ করছি, তাঁরা যেন মানুষকে দুর্ভোগ দিয়ে কর্মসূচি না দেন।' কিন্তু বৈষম্যবিরোধী আন্দোলনকারীরা সরকারের এই 'সদুপদেশ' শোনেননি। ফলে কয়েকটি স্থানে পুলিশের সঙ্গে সংঘাতের ঘটনাও ঘটেছে।

সরকারি চাকরিতে কোটাব্যবস্থা সংস্কারের দাবিতে ১ জুলাই থেকে আন্দোলন করে আসছেন শিক্ষার্থীরা। এর মধ্যে গত রোববার 'বাংলা ব্লকেড' কর্মসূচি শুরু করেছেন তাঁরা। প্রথম দুই দিন রবি ও সোমবার বিকেল থেকে রাত পর্যন্ত ঢাকাসহ সারা দেশে গুরুত্বপূর্ণ সড়কে অবস্থান নিয়ে যান চলাচল বন্ধ করে দেন তাঁরা।

মঙ্গলবার গণসংযোগ কর্মসূচি পালনের পর বুধবার আবার সকাল থেকে সূর্যাস্ত পর্যন্ত তাঁরা সড়ক ও রেলপথ অবরোধ করেন। তাঁদের এ কর্মসূচিতে সারা দেশ থেকে রাজধানী অনেকটা বিচ্ছিন্ন হয়ে যায়। বৃহস্পতিবারও তাদের খণ্ডিত ব্লকেড পালিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল থেকে মিছিল নিয়ে সেখানে আসেন শিক্ষার্থীরা। কয়েক শ শিক্ষার্থী সেখানে সমবেত হন। সেখানে একটি সংক্ষিপ্ত সমাবেশ হয়।

বুধবার পর্যন্ত রাজপথে ছাত্রলীগকে দেখা যায়নি। আর কোনো হাঙ্গামাও হয়নি। কিন্তু বৃহস্পতিবার সংবাদ সম্মেলনের মাধ্যমে ছাত্রলীগ মাঠে নামার ইঙ্গিত আমরা পেলাম। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাইর থেকেও বিভিন্ন জায়গায় ছাত্রলীগকর্মীদের ক্যাম্পাসে এনে জড়ো করা হয়। পরবর্তীতে আমরা দেখলাম, পুলিশ মারমুখী অবস্থান নেওয়ায় দেশের বিভিন্ন স্থানে শিক্ষার্থীদের সঙ্গে সংঘর্ষ হয়। রাজধানীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পুলিশের ব্যারিকেড ভেঙে শাহবাগে অবস্থান নেয় আন্দোলনকারী শিক্ষার্থীরা। চট্টগ্রাম শিক্ষার্থীদের ওপর পুলিশ লাঠিপেটা চালিয়েছে, কুমিল্লায় চালানো হয়েছে ফাঁকা গুলি। এরপরও শিক্ষার্থীরা আন্দোলন থেকে পিছিয়ে আসেননি। দেশের বিভিন্ন জায়গায় পুলিশের বাধার প্রতিবাদে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক, ঢাকা-আরিচা মহাসড়কসহ দেশের বিভিন্ন সড়কে অবস্থান নেন।

শিক্ষার্থীরা এখন কোটা সংস্কারের দাবিতে আন্দোলন করছেন, সেটা সঠিক। ২০১৮ সালেও সঠিক ছিল। সরকারের নীতিনির্ধারকেরা বলেছেন, আপিল বিভাগ কোটার বিষয়টি স্থিতাবস্থা ঘোষণা করার পর শিক্ষার্থীদের আন্দোলনের কোনো যুক্তি নেই। অন্যদিকে শিক্ষার্থীদের যুক্তি হলো, আমরা তো কোটা পুরোপুরি বাতিল চাইনি। সংস্কার চেয়েছি।

আগের একটি লেখায় ব্যাখ্যা করেছিলাম, সরকার নিজেই এ সমস্যা তৈরি করেছে। সেই সমস্যার কারণেই আজকে এসে শিক্ষার্থীরা রাজপথে নামতে বাধ্য হলো। কোটা পুরোপুরি বাতিল না করে যৌক্তিক পর্যায়ে নিয়ে এলে নতুন করে শিক্ষার্থীদের রাস্তায় নামতে হতো না। তাদের ভয়, আবার কেউ আদালতে গিয়ে আরেকটি নিষেধাজ্ঞা নিয়ে আসতে পারেন। শিক্ষার্থীরা সমস্যার স্থায়ী সমাধান চান। আর সেটা আসতে হবে নির্বাহী বিভাগ থেকেই। প্রয়োজন সরকার একটি কমিশনও গঠন করতে পারে।

সরকারের মন্ত্রীরা শিক্ষার্থীদের আন্দোলনে যখন তৃতীয় পক্ষের নাকগলানোর আশঙ্কা করছেন, তখন বিএনপির নেতারা বিষয়টি দেখছেন ভিন্ন দৃষ্টিতে। তাদের দাবি, দুর্নীতি, প্রধানমন্ত্রীর ভারত সফর ও নিত্য পণ্যের দাম আকাশচুম্বী বেড়ে যাওয়ায় সরকার বেকায়দায় আছে। এ জন্য তারা নতুন নতুন ইস্যু তৈরি করেছে।

এখানে সাফ একটি কথা বলা প্রয়োজন, বৈষম্যবিরোধী আন্দোলনকারীরা সরকারি বা বিরোধী কোনো ছাত্রসংগঠনের সঙ্গে যুক্ত নয়। তাঁদের আন্দোলন প্রমাণ করেছে, প্রচলিত ছাত্রসংগঠনগুলোর প্রতি (এমনকি রাজনৈতিক দল) সাধারণ শিক্ষার্থীদের সমর্থন নেই।

কোনো ছাত্রসংগঠন রাজু ভাস্কর্যের সামনে সমাবেশ ডাকলে কয়েক শ লোক হয় না। কিন্তু সাধারণ শিক্ষার্থীরা সমাবেশ ডাকলে হাজার হাজার শিক্ষার্থী সমবেত হন। তাঁরা পুলিশের ব্যারিকেড অগ্রাহ্য করে মিছিল নিয়ে বাংলামোটর ও কারওয়ান বাজার পর্যন্ত গেছেন। দেশের অনেক স্থানে সড়ক ও রেলপথ বন্ধ করে রেখেছেন। ন্যায্য দাবিতে শিক্ষার্থীরা আন্দোলন করেছেন জনগণের সহানুভূতিও পাচ্ছেন। ২০১৮ সালের কোটা ও নিরাপদ সড়ক আন্দোলনের পর এরকম ঘটনা আর ঘটেনি। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের শিক্ষার্থীদের রাজপথ ছেড়ে দিয়ে শ্রেণিকক্ষে যেতে বলেছেন। কিন্তু এরপর ৩৮ পৃষ্ঠায়



# বাস্তবতা, বিবেক ও যুক্তির আলোকে কোটাবিরোধী আন্দোলন

এ কে এম শাহনাওয়াজ

আমাদের দেশে শিক্ষিত বেকারের সংখ্যা অগুনতি। এখন আবার জেলায় জেলায় বিশ্ববিদ্যালয় স্থাপনের বিস্ময়কর সিদ্ধান্তে বেকারের মিছিলটি আরও বড় হবে। ফলে কর্মসংস্থানের বড় চাপে পড়তে হবে সরকারকে। সরকারি চাকরিতে মেধাবীদের অন্তর্ভুক্তি খুবই জরুরি। কিন্তু নানা ধরনের অপরিকল্পিত নীতি ও রাজনৈতিক বিবেচনা, তদবির এবং অর্থনৈতিক দুর্নীতির রাহুগ্রাসে সব সময় প্রকৃত মেধাবীদের অনেকে ছিটকে পড়েন। পদের শতকরা পঞ্চাশ ভাগ প্রকৃত যোগ্য প্রার্থী দিয়ে পূরণ করা হয় কিনা তা নিয়ে ভুক্তভোগী অনেকের সন্দেহ রয়েছে।

চাকরির ক্ষেত্রে কোটা প্রথা এ সমস্যা আরও বাড়িয়ে দিয়েছে। আমাদের রাজনৈতিক নেতারা অনেক ক্ষেত্রে সংবিধানের শাসন অনুসরণ করেন না। নিজেদের রাজনৈতিক সুবিধার প্রয়োজনে শুধু সংবিধানের দোহাই দেন। সমাজে পিছিয়ে পড়া মানুষকে এগিয়ে নিতে কোটা সুবিধা দেওয়ার কথা বলা আছে সংবিধানে। সেই হিসাবে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং প্রতিবন্ধীদের কোটা সুবিধা দেওয়ার কথা রাষ্ট্র ভেবেছে শুরু থেকেই। এরপর প্রশ্ন চলে আসে মুক্তিযোদ্ধা কোটা সুবিধা দেওয়ার। নারীদের এগিয়ে নেওয়ার জন্যও কোটা সুবিধা দেওয়ার কথা বিবেচনা করা হয়।

সংবিধানে সব নাগরিকের ক্ষেত্রে সমান ন্যায্যতার কথা যুক্ত থাকলেও মুক্তিযুদ্ধোত্তর দেশে সরকারি চাকরি প্রার্থীদের প্রতি ন্যায্যতা প্রতিষ্ঠার কথা বিবেচনায় আনা হয়নি। ঘোষিত পদের ৫৬ ভাগই কোটাভুক্ত করে ফেলা হয়েছে। এর মধ্যে ৩০ শতাংশ সংরক্ষিত বীর মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি-নাতনিদের জন্য, ১০ শতাংশ নারীদের জন্য, ১০ শতাংশ জেলা কোটা, ৫ শতাংশ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য এবং ১ শতাংশ প্রতিবন্ধীদের জন্য।

সংবিধানের মূল দৃষ্টিভঙ্গির বিবেচনায় স্বাধীনতার ৪ দশক পর থেকে যৌক্তিক কারণেই বীর মুক্তিযোদ্ধাদের সন্তান ও নাতি-নাতনি, নারী ও জেলা কোটা বন্ধ হয়ে যাওয়ার কথা। বীর মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা, সম্মান ও আবেগ রয়েছে সব মানুষেরই। সরকারের পক্ষ থেকে মুক্তিযোদ্ধাদের ভাতা প্রদানকে সবাই স্বাগত জানিয়েছে। মুক্তিযোদ্ধাদের মধ্যে যারা বয়সের বিচারে চাকরি করায় সক্ষম, তারা তো চাকরি পাওয়ার ক্ষেত্রে বিশেষ বিবেচনা পেতেই পারেন। পেয়েছেনও। যাদের বয়স ও শারীরিক সক্ষমতা নেই বা বেঁচে নেই, তাদের শিক্ষিত ছেলেমেয়েরা কোটা সুবিধা পাবেন এতে তেমন আপত্তি ছিল না।

কিন্তু মুক্তিযোদ্ধাদের নাতি-নাতনিদের সংবিধান মতে, পিছিয়ে পড়া গোষ্ঠীর অংশ বিবেচনা করা কি ঠিক হবে? তাছাড়া সুখের কথা আমাদের দেশের মেয়েরা শিক্ষায়, গবেষণায় অনেকটা এগিয়ে গেছে। ফলাফলের বিচারে অনেক ক্ষেত্রে ছেলেদেরও ছাড়িয়ে যাচ্ছে। মেয়েদের শিক্ষা ক্ষেত্রে এগিয়ে নিতে স্কুল থেকে সরকার নানা প্রণোদনা দিয়ে আসছে। সুতরাং বর্তমান বাস্তবতায় মেয়েরা প্রতিযোগিতা করে নিজেদের সক্ষমতায়ই চাকরি পাচ্ছে। কোটার অনুগ্রহ তাদের প্রয়োজন পড়ছে না। এটি সম্মানেরও নয়।



বাংলাদেশের মতো একটি ছোট আয়তনের দেশে কেন যে উন্মুক্ত প্রতিযোগিতার বদলে জেলা কোটা যুক্ত করা হলো, তা আমাদের বোধগম্য নয়।

নিশ্চয়ই মুক্তিযোদ্ধারা কিছু পাওয়ার প্রত্যাশায় মুক্তিযুদ্ধ করেননি। তাদের একমাত্র লক্ষ্য ছিল দেশকে শত্রুমুক্ত করা। তবু কৃতজ্ঞ জাতি এটুকু সুবিধা বীর মুক্তিযোদ্ধার সন্তানদের দিতেই পারে। তাই বলে বীর মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি-নাতনিরা এটাকে তাদের অধিকার ভাবতে পারেন না এবং যুগ যুগ ধরে এ সুবিধা পেতে পারেন না। এতে দেশের সাধারণ নাগরিক তরুণ-তরুণীরা ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হবেন। এমন বঞ্চনা সংবিধানসম্মত নয়। মুক্তিযোদ্ধাদের পরবর্তী প্রজন্মের তো স্বার্থবাদী না হয়ে আরও বেশি দেশপ্রেমিক হওয়া উচিত। তাদের পূর্বপুরুষ যেমন জীবন বাজি রেখে দেশ ও মানুষের জন্য যুদ্ধ করেছেন, তাদেরও উচিত দেশ ও মানুষের কল্যাণ চিন্তা করা; ন্যায্যতা প্রতিষ্ঠার পথে হাঁটা।

মুক্তিযুদ্ধ প্রসঙ্গই যদি আসে, তাহলে একটি মৌলিক প্রশ্ন এড়িয়ে যাওয়া উচিত হবে না। মিত্র বাহিনীসহ চূড়ান্ত আঘাতের পূর্ব পর্যন্ত দেশজুড়ে বীর মুক্তিযোদ্ধারা গেরিলা যুদ্ধে দুর্বল করে তুলেছিলেন পাকিস্তানি হানাদার বাহিনীকে। গেরিলা যুদ্ধ একটি সম্মিলিত-সমন্বিত যুদ্ধ। অস্ত্র হাতে যোদ্ধারা একক ভাবে গেরিলা যুদ্ধ এগিয়ে নিতে পারেন না। মুক্তিপ্রত্যাশী দেশবাসীর মৌন ও সক্রিয় সহযোগিতায় গেরিলা যুদ্ধ সাফল্য পায়। পাক হানাদার বাহিনীর অগ্নিসংযোগে অনেক পরিবার সর্বস্বান্ত হয়েছে। অনেক বাঙালি গণহত্যার শিকার হয়েছেন। মুক্তিযোদ্ধাদের সংকল্প দৃঢ় করতে, দেশ-বিদেশে জনমত তৈরিতে এদের অবদান কম নয়।

এসব ক্ষতিগ্রস্ত মানুষও নিঃসন্দেহে মুক্তিযোদ্ধা। গ্রামে-গঞ্জে যে মা-চাচিরা মুক্তিযোদ্ধাদের জন্য রাত জেগে রান্না করেছেন-খাবার সরবরাহ করেছেন, যে মুক্তিকামী সাধারণ মানুষ মুক্তিযোদ্ধাদের পথ দেখিয়েছেন, পাকিস্তানি সৈন্য ও রাজাকারদের সম্পর্কে তথ্য দিয়েছেন, জীবনের ঝুঁকি নিয়ে মুক্তিযোদ্ধাদের আশ্রয় দিয়েছেন, তাদের অস্ত্র নিরাপদে লুকিয়ে রেখেছেন-তাদের কি মুক্তিযোদ্ধার তালিকার বাইরে রাখা যায়? আমি নিজের কথাই বলি, নারায়ণগঞ্জের বন্দরে আমাদের তিন পুরুষের অস্থাবর সম্পত্তি ও ঘরবাড়ি পুড়িয়ে ছাই করে দিয়েছিল পাকিস্তানি হানাদাররা জামায়াতে ইসলামীর লোকজন ও বিহারিদের সহযোগিতায়। পরিবার আওয়ামী লীগ রাজনীতির সমর্থক হওয়ায় এবং বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের পর ক্লাবের তরুণদের মার্চপাস্টে সাহায্য করার অপরাধে আমাদের মতো এরপর ৪৪ পৃষ্ঠায়



> ২০১৮-এর পর আবার কোটা বাতিলের দাবিতে শিক্ষার্থীরা মাঠে নেমেছিল। আমরা বলব নামতে বাধ্য হয়েছিল। এসব ক্ষেত্রে আমরা তো সুবিধামতো রাজনৈতিক ও স্পর্শকাতর রং লাগাতে দক্ষ। ইতোমধ্যে সেই কাজও শুরু হয়ে গেছে। নাগরিকের কর্মসংস্থানের দায়িত্ব রাষ্ট্রের-সরকারের। আদালতই মুক্তিযোদ্ধার সন্তান, নাতি-নাতনিদের কোটা বহাল রেখেছেন। আদালতের প্রতি মানুষ আস্থা হারাননি। আমরা তাই এ আন্দোলনের যৌক্তিকতা বিচার করে বিনয়ের সঙ্গে আদালতের কাছেই পুনর্বিবেচনার আবেদন রাখতে চাই। আর সরকারের ক্ষমতার পরিধি তো অনেক বড়। এ ব্যাপারে সরকার সহযোগিতার হাত বাড়ালে তো কোনো কথাই নেই

# যুক্তরাষ্ট্রের 'তিব্বত আইন': শিলিগুড়ি করিডোরের বিকল্প ভাবতে হচ্ছে ভারতকে?

এম সাখাওয়াত হোসেন



পণ্ডিত জওহরলাল নেহরু ভারতের প্রথম ও টানা তিনবারের নির্বাচিত প্রধানমন্ত্রী ছিলেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধপরবর্তী দুনিয়া তখন দুটি বলয়ে বিভক্ত হয়ে গিয়েছিল। একটি বলয়ের নেতৃত্বে ছিল যুক্তরাষ্ট্র, অন্য বলয়ের নেতৃত্বে ছিল সোভিয়েত ইউনিয়ন।

নেহরু এই দুটি বলয় থেকে সমান দূরত্ব বজায় রাখার জন্য জোটনিরপেক্ষ আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলেন। কিন্তু শেষ পর্যন্ত তিনি সর্বাংশে সে অবস্থান ধরে রাখতে পারেননি। তিব্বতকে ঘিরে সিআইএ তথা যুক্তরাষ্ট্রের তৎপরতার কারণে শেষ পর্যন্ত জোটনিরপেক্ষ নেহরুর পক্ষেও নিরপেক্ষ থাকা সম্ভব হয়নি।

তিব্বতের কথিত শাসক ও ধর্মগুরু তেনজিন গিয়াৎসো (চতুর্দশ দালাই লামা) যখন ১৯৫৯ সালের ১৭ মার্চ তৎকালীন নর্থ ইস্টার্ন ফ্রন্টিয়ার এজেন্সিতে (নেফা) (বর্তমানে অরুণাচল প্রদেশ) প্রবেশ করেন এবং পরবর্তী সময়ে ভারতে আশ্রয় নেন, তখন থেকেই বন্ধুপ্রতিম প্রতিবেশী চীনের সঙ্গে ভারতের উষ্ণতায় ভাটা পড়তে শুরু করে।

ব্রিটিশ রাজের নির্ধারিত পশ্চিমের জনসন লাইন এবং পূর্বের ম্যাকমোহন লাইন বলে পরিচিত সীমান্তের ঐতিহাসিক অধিকার নিয়ে একসময়কার 'হিন্দি-চীনা ভাই ভাই' সম্পর্কে টানাপোড়েন শুরু হয় এবং একপর্যায়ে তা সামরিক সংঘাতের দিকে গড়ায়। উত্তেজনা প্রশমনে ভারতের সেই সময়কার প্রধানমন্ত্রী নেহরুর ঘনিষ্ঠ বন্ধু ও চীনের নেতা চৌ এনলাই বিশেষ উদ্যোগ নিয়েছিলেন।

১৯৬০ সালে দিল্লি সফরে এসে চৌ এনলাই তিব্বত ইস্যু সামনে এনে দুই দেশের সীমান্ত বিভেদ, বিশেষ করে পশ্চিম সীমান্তের উত্তেজনা কমাতে একটি 'গ্রহণযোগ্য' প্রস্তাব দিয়েছিলেন। কিন্তু ওই সময়কার ভারতীয় প্রধানমন্ত্রীর পরামর্শক ও রাজনৈতিক বিশেষজ্ঞদের অতি চাহিদার কারণে চৌ এনলাইয়ের প্রস্তাবটি নেহরু নাকচ করতে বাধ্য হন। এর পরে ভারতের কিছু উচ্চাভিলাষী পরামর্শকের কারণে দুদেশের মধ্যে প্রায় মাসব্যাপী রক্তক্ষয়ী যুদ্ধ হয়।

১৯৬২ সালের ২০ অক্টোবর থেকে ২১ নভেম্বর পর্যন্ত এই যুদ্ধে চীন পশ্চিম রণাঙ্গনে আকসাই চীনের ৩৮ হাজার বর্গকিলোমিটার ভূমি দখল করে নেয়। একই সঙ্গে তারা পূর্ব সীমান্তে আসামের পূর্ব পর্যন্ত দখল করে একতরফা যুদ্ধ বিরতি ঘোষণা করে সৈন্য প্রত্যাহার করে নেয়।

ভারতের কাছ থেকে হাতছাড়া হওয়া আকসাই চীন আজও চীনের দখলে রয়েছে। সেখানে দুই দেশের সীমান্তরেখা টানা হয়েছে লাইন অব অ্যাকচুয়াল কন্ট্রোলের (এলএসি) মাধ্যমে। ১৯৬২ সালের ওই যুদ্ধে ভারতের ব্যাপক পরাজয় শুধু নেহরুর জন্যই নয়, ভারতের জন্য আজ অবধি মানসিক পীড়ার কারণ হয়ে রয়েছে।

ভারতের অরুণাচল প্রদেশকে চীন এখনো নিজের ভূখণ্ড বলে দাবি করে। গত মার্চ মাসে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ওই অঞ্চলে সফর নিয়ে চীন কড়া প্রতিবাদ জানিয়েছে। তাদের বক্তব্য অঞ্চলটি ভারতের নয়, চীনের অংশ।

জবাবে ভারত বলেছে, অরুণাচল প্রদেশটি ভারতের অবিচ্ছেদ্য অংশ। ২০২৩ সালে চীনে অনুষ্ঠিত এশিয়ান গেমসে ভারতের উশু দলের ৩ খেলোয়াড়কে (যাঁদের বাড়ি অরুণাচল) চীন ভিসা দেয়নি এবং তার প্রতিবাদে ভারতীয় দল চীন সফর বাতিল করেছিল। খেলোয়াড়দের ভিসা না দেওয়ার মাধ্যমে চীন বোঝাতে চেয়েছে, অরুণাচল তাদের ভূখণ্ড, ভারতের নয়।

১৯৬২ সালের যুদ্ধ থেকে ভারত যে শিক্ষা নিয়েছে, তারই পরিপ্রেক্ষিতে ওই অঞ্চলকে ভারত অধিকতর সামরিকায়ন করেছে এবং সেখানে চলাচলের ব্যবস্থা উন্নত করেছে। একই সঙ্গে ভারত শিলিগুড়ি করিডর বা 'চিকেন নেক'এর প্রতিরক্ষা এবং সরবরাহ লাইনের প্রভূত উন্নতি ঘটিয়েছে। তারপরও এই অঞ্চলই সবচেয়ে ঝুঁকিপূর্ণ এবং চীনের সরাসরি নজরদারির আওতায় রয়েছে। এ কারণে এখানে ভারতের জন্য বিকল্প এবং নিরাপদ আপৎকালীন সরবরাহ পথ নিশ্চিত করা প্রয়োজন। এ পথের খোঁজেই এখন ভারতের ভূকৌশলবিদেরা তৎপর হয়ে উঠেছেন।

১৯৬২ চীন-ভারত যুদ্ধের প্রথম প্রহরেই ভারতীয় সেনাদের ওপর যে বিপর্যয়কর মনস্তাত্ত্বিক চাপ পড়েছিল, সেই চাপের প্রতিফলন এই সময়কার ভারতের বিদেশ ও সামরিক নীতিতেও দেখা যায়। বিষয়টি যে ভারতের মনস্তাত্ত্বিক বিষয়ের সঙ্গে জড়িয়ে গেছে, তা ভারতীয় কূটনীতিক ও রাজনীতিবিদেরাও স্বীকার করেছেন।

বর্তমানে আন্তর্জাতিক অঙ্গনসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা এবং দ্বিপক্ষীয় বাণিজ্যের ক্ষেত্রে সম্পর্ক বজায় থাকলেও দুই দেশের মধ্যে সীমান্ত বিরোধ জটিল হতে জটিলতর হচ্ছে। চীন দখলকৃত আকসাই চীন ছাড়াও অরুণাচল ও আসামের কিছু অঞ্চলকে ঐতিহাসিকভাবে তিব্বতের বহিরাংশ বলে দাবি করে।

ঐতিহাসিকভাবে অরুণাচল (একসময়ের 'নেফা') ১৯১৪ সালের আগে চীনের অংশ ছিলড়এই কথা বেইজিং প্রায়ই দিল্লিকে মনে করিয়ে দেয়। চীন এই প্রদেশের নাম দিয়েছে সিয়াং। একই সঙ্গে চীন এ অঞ্চলের ৩০টি স্থানের ঐতিহাসিক তিব্বতি তথা চীনা নাম দিয়েছে।

এই অঞ্চলের ভূরাজনৈতিক প্রেক্ষাপট তুলে ধরতেই আমি এই লেখায় ঐতিহাসিক বিষয়গুলো তুলে ধরেছি।

আমরা জানি, বর্তমানে বিশ্বশক্তি হিসেবে চীনের উত্থান ঠেকাতে যুক্তরাষ্ট্র মরিয়া হয়ে উঠেছে। ভারত মহাসাগর ও দক্ষিণ এশিয়া অঞ্চলে কোয়াডের উদ্ভব এবং বৃহৎ শক্তি হিসেবে ভারতের আত্মপ্রকাশের প্রেক্ষাপটে চীনের কাছে এখন দুটি সংবেদনশীল বিষয় রয়েছে। একটি হলো তাইওয়ান, অপরটি তিব্বত।

এরপর ১৬ পৃষ্ঠায়



> যেহেতু কয়েক বছর ধরে অরুণাচল সীমান্তে উভয় পক্ষ শক্তিমত্তা বাড়িয়েছে, সেহেতু ধারণা করা যেতে পারে, নেহরুর তৃতীয় মেয়াদের মতো মোদির তৃতীয় মেয়াদে এই উত্তেজনা সীমান্ত সংঘাতে রূপ নিতে পারে। তবে ভারত মনে করে, ১৯৬২ সালের মতো অবস্থা এখন আর নেই; তারা এখন চীনের সমকক্ষ জবাব দিতে প্রস্তুত আছে। ভূকৌশলগত কারণে এখন ভারতের প্রয়োজন কথিত চিকেন নেক বা শিলিগুড়ি করিডরের বিপরীতে আরও সুরক্ষিত বিকল্প সরবরাহ পথ তৈরি করা। এই কাজ তারা দ্রুত শুরু করতে চায়। এ ক্ষেত্রে তারা বাংলাদেশের সহযোগিতা আশা করে। সে ক্ষেত্রে পূর্ব সীমান্তে চীন-ভারত সম্ভাব্য সংঘাত বিবেচনায় নিলে বাংলাদেশের অবস্থান কী হবে তা শুধু ভূকৌশলবিদদেরই নয়, ভূরাজনীতিবিদদেরও ভেবে দেখার মতো গুরুত্বপূর্ণ বিষয়

# উইকিলিক্সের অ্যাসাঞ্জ কি প্রকৃতই আপস করলেন?

সুব্রত বিশ্বাস



'উইকিলিক্স'-এর প্রতিষ্ঠাতা জুলিয়ান অ্যাসাঞ্জ নিজের 'অপরাধ' স্বীকার করে কেন ওয়াশিংটনের সঙ্গে সমঝোতার পথ বেছে নিলেন? শুধু কি পরিবারের সঙ্গে সময় কাটানোর জন্য, নাকি এই উপলব্ধি থেকে যে, দীর্ঘ আইনি লড়াই তার ব্যক্তিগত জীবনকে ধ্বংস করে দিচ্ছিল? হয়ত বা ৫২ বছর বয়সী এই অ্যাক্টিভিস্ট ও সাংবাদিক আর চাপ নিতে পারছিলেন না এই কারণে! তার এই ক্ষমা প্রার্থনা তার গেরিলা জীবনের ভাবমূর্তিকে কি ধাক্কা দিল না? অনেকের মন্তব্য, 'মিডিয়ার চে গুয়েভারা' কি শেষ পর্যন্ত আপস করে নিলেন? তাহলে কি ওয়াশিংটনের সঙ্গে সন্ধি করে আপাতত নিশ্চিত জীবনে চলে যেতে চান 'উইকিলিক্স'-এর প্রতিষ্ঠাতা জুলিয়ান অ্যাসাঞ্জ?

জুলিয়ান অ্যাসাঞ্জের সঙ্গে আমেরিকার সমঝোতা হয়ে যাওয়ার ঘটনাটি ঠিক সেই সময় সামনে এল, যখন পৃথিবী আগের চেয়ে আরও উত্তাল। একদিকে গাজায় গণহত্যা, ইউক্রেন যুদ্ধ, অন্যদিকে পশ্চিম এশিয়ায় আমেরিকার সঙ্গে ইরানের তিক্ত সম্পর্ক আন্তর্জাতিক রাজনীতিকে টালমাটাল ও ঘোলাটে করে রেখেছে। আর এই সন্ধিক্ষণেই কেন জুলিয়ান অ্যাসাঞ্জ ওয়াশিংটনের সঙ্গে সন্ধি সম্পাদিত করে নিজের দেশ অস্ট্রেলিয়ায় ফিরে যাওয়া এবং নিরাপদ নিশ্চিন্ত জীবন কাটানোর সিদ্ধান্ত নিলেন সে প্রশ্ন ওঠা একান্ত স্বাভাবিক।

কেন জুলিয়ান অ্যাসাঞ্জকে নিয়ে এই আলোচনা। কেন 'উইকিলিক্স'-এর প্রতিষ্ঠাতা গত ১৮ বছর ধরে সবসময় খবরের শিরোনাম থেকেছেন? এবং 'পোলারাইজড' করার জন্য একেবারে উপযুক্ত চরিত্র জুলিয়ান অ্যাসাঞ্জ কেন বারবার পৃথিবীকে তার পক্ষে ও বিপক্ষে দ্বিধাবিভক্ত করে রেখেছেন? তার অন্যতম প্রধান কারণ বোধহয় জুলিয়ান অ্যাসাঞ্জের 'সাংবাদিক' থেকে 'অ্যাক্টিভিস্ট' হয়ে ওঠার যাত্রাপথটি। যতটা বিতর্ক হয়েছে অ্যাসাঞ্জের ব্যক্তিগত যাপন বা তার প্রেমজীবন নিয়ে, তার চেয়ে বহুগুণ বেশি বিতর্ক হয়েছে কীভাবে অ্যাসাঞ্জ বা তার প্রতিষ্ঠিত সংস্থা 'উইকিলিক্স' আমেরিকার 'ডিপ স্টেট' বা 'আসল' আমেরিকাকে বারবার উন্মুক্ত করে দিয়েছে, তা-ই নিয়ে। সেটা আফগানিস্তান যুদ্ধ হোক, কিংবা ইরাকে মার্কিন বাহিনীর উপস্থিতি, অথবা সিরিয়াতে কী হচ্ছে, এ সব তথ্য উন্মোচন করে জুলিয়ান অ্যাসাঞ্জ বারবার ওয়াশিংটনকে তছনছ করে দিয়েছেন।

কার্ল বার্নস্টাইন ও বব উডওয়ার্ড আমেরিকার এই দুই সাংবাদিক যদি সেই গত শতকের সাতের দশকে 'ওয়াটার গেট' কেলেঙ্কারি ফাঁস করে দিয়ে তৎকালীন আমেরিকার প্রেসিডেন্ট রিচার্ড নিক্সনের পদত্যাগকে বাধ্য করে থাকেন, তাহলে বলতেই হবে যে, সেই আমেরিকান 'ডিপ স্টেট'-কে বা তথাকথিত গণতান্ত্রিক ও মুক্ত পৃথিবীর ধ্বজাধারী আমেরিকা কীভাবে চলে, সেই আখ্যানকে ফাঁস করে দিয়েছেন জুলিয়ান অ্যাসাঞ্জ এই শতকের প্রথম দশকে 'উইকিলিক্স' প্রতিষ্ঠা করে।

'অল দ্য প্রেসিডেন্ট'স মেন' লিখে কার্ল বার্নস্টাইন আর বব উডওয়ার্ড যেমন রিচার্ড নিক্সনের প্রেসিডেন্ট জীবনের ইতি টানার গল্প আমাদের শুনিয়েছেন, তেমনই জুলিয়ান অ্যাসাঞ্জ ২০১৬ সালে যখন একের পর এক ইমেল ফাঁস করতে থাকেন, কার্যত সেটাই হিলারি ক্লিন্টনের 'প্রথম মহিলা প্রেসিডেন্ট' হিসাবে হোয়াইট হাউসে পৌঁছানোর স্বপ্নকে ব্যর্থ করে দেয়। সেই অর্থে বলতে গেলে, ডোনাল্ড ট্রাম্পের প্রেসিডেন্ট হওয়ার নেপথ্যে জুলিয়ান অ্যাসাঞ্জের সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আসলে, একদিক থেকে দেখলে, জুলিয়ান অ্যাসাঞ্জ মার্কিন রাজনীতিতে ডেমোক্রেটদের যত অস্বস্তিতে ফেলেছেন, রিপাবলিকানদের ততটা নয়। যদিও ডোনাল্ড ট্রাম্পও ক্ষমতায় আসার পর জুলিয়ান অ্যাসাঞ্জের বিরুদ্ধে বিচার ও শাস্তি দেওয়ার প্রক্রিয়াকে অব্যাহত রেখেছেন। কেন জুলিয়ান অ্যাসাঞ্জ 'মিডিয়ার চে গুয়েভারা'? 'ঠান্ডা যুদ্ধের' পরে দক্ষিণ আমেরিকায় মার্কিন রাষ্ট্রব্যবস্থা এবং 'সিআইএ' কীভাবে অপারেট করে, সেসব ঘটনা বেআব্রু করে দিয়েছিলেন ফিদেল ক্যাস্ত্রো এবং চে গুয়েভারা। কতটা সেই পথের অনুসরণেই সন্ত্রাসবাদের বিরুদ্ধে যুদ্ধরত আমেরিকার মুসলিম-বিরোধী মনোভাব জানা গিয়েছিল জুলিয়ান অ্যাসাঞ্জের উইকিলিক্স থেকে। কীভাবে আফগানিস্তানের মানুষকে হত্যা করা হয়েছে, কীভাবে মানুষকে তুলে এনে অত্যাচার করা হয়েছে, অথবা ইরাকের সেই বিখ্যাত হেলিকপ্টার ভিডিয়াল-সবই পৃথিবীকে নাড়িয়ে দিয়েছিল। বলাবাহুল্য এর অনেকটাই কিন্তু তখনকার, যখন মার্কিন যুক্তরাষ্ট্রে এক নতুন ইতিহাস তৈরি হয়েছিল, অর্থাৎ সে দেশে প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট হিসাবে বারাক ওবামা শপথ নিয়েছিলেন।

উইকিলিক্স আসলে ঠিক কী করেছিল? জুলিয়ান অ্যাসাঞ্জ যে প্ল্যাটফর্ম তৈরি করেন, তা আসলে সারা দুনিয়ায় শাসকের বিরুদ্ধে কথা বলার জন্য, শাসকরা কোথায় ঠিক কতটা দমন-পীড়ন চালাচ্ছে, সেগুলো প্রকাশ করে দিতে চেয়েছিল, শাসকের স্বার্থ রক্ষা করে এমন সব গোপন 'তথ্য' প্রকাশ করে দিতে চেয়েছিল। গুয়ানতানামো কারাগারে আমেরিকা যে আফগানিস্তান থেকে ধরে নিয়ে

এরপর ৪৪ পৃষ্ঠায়




> তাহলে কে জিতল? আমেরিকা না জুলিয়ান অ্যাসাঞ্জ? এ নিয়ে হয়তো বিতর্ক থাকবেই। জুলিয়ান অ্যাসাঞ্জের ক্ষমাপ্রার্থণা বা নিজেকে অপরাধী বলে ঘোষণা করা যদি আপাতদৃষ্টিতে তার গেরিলা ভাবমূর্তিকে কিছুটা ধাক্কা দিয়ে থাকে, তাহলে এ-ও মনে রাখতে হবে যে, আমেরিকার জন্যও এটা যথেষ্ট অস্বস্তিকর, জুলিয়ান অ্যাসাঞ্জের মতো একজন স্বাধীনচেতা চরিত্রের মানুষ এই বিশ্বের অন্য কোথাও বেঁচে রইলেন। কে জানে, জুলিয়ান অ্যাসাঞ্জ আবার ফিরে আসবেন কি না! আবার আমেরিকার 'ডিপ স্টেট'-কে বেআব্রু করে দেবেন কি না! ইতিহাস বলে, অ্যাসাঞ্জের মতো 'গেরিলা' চরিত্ররা ঠিক যেমন চে, কোনও দিন বিশ্রাম নিতে জানেন না, তাদের জীবনে শান্তিটা আসলে সাময়িক। হয়তো আবার ফিরে আসার জন্য কয়েক পলকের জরুরি ও অপরিহার্য বিরতি

# বাংলা ট্রাভেলস ওমরাহ হজ্ব কাফেলা



## ওমরাহ প্যাকেজ



আমরা IATA

আমরা ARC




পবিত্র মক্কায় তাওয়াফ করার পূর্ব মুহূর্তে



পবিত্র মক্কায় তাওয়াফরত অবস্থায়

## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

### সামার সেল চলছে

বাংলাদেশ থেকে আসার টিকেট কম দামে আমাদের কাছেই পাবেন




**প্যাকেজ বিবরণ**

বিমান ভাড়া ও হোটেল।
ভিসা, মোয়াল্লেম।
জেদ্দা এয়ারপোর্ট থেকে পিকআপ এবং ড্রপ।
মক্কা ও মদিনায় জিয়ারা।
মক্কা ও মদিনায় যাতায়াত।
৫/৩ ষ্টার হোটেল।

DELTA AIR LINES · American Airlines · Biman Bangladesh Airlines · Kuwait Airways · Etihad Airways · Emirates · Qatar Airways

★ আমরা ১০ মিনিটে সৌদি ভিসা প্রসেস করি

★ ১২ ঘন্টায় ওমরাহ ভিসা প্রসেস করি

আমাদের কাছে পাবেন গ্রুপ ওমরাহ প্যাকেজ, একক ওমরাহ প্যাকেজ ও কাষ্টম প্যাকেজ



Mohammad B Hossain (Belal)
President & CEO

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS

## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**7305 37th Road, Jackson Heights, NY 11372**

(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 10AM - 10PM *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’





# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

Moin Choudhury, Esq

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC





# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration





Timothy Bompart
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত



# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামুলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# প্রচলিত পেনশন বন্ধ না করে দুর্নীতি ও চুরি রোধ করুন

৬ পৃষ্ঠার পর

শিক্ষকের জাতীয় বেতনকাঠামো অনুসারে বেতন-ভাতা পান নিয়মিতভাবে। আর অবসরে গেলে পান পেনশন।

অবসর-পূর্ববর্তী বেতন-ভাতা এবং অবসর-পরবর্তী পেনশনদুটি মিলিয়ে একটি প্যাকেজ চিন্তা করা যায়, যা একজন শিক্ষকের পেশাগত প্রাপ্তি। একটি বিষয় সুস্পষ্ট হওয়া প্রয়োজন। বর্তমান নিয়মানুযায়ী, পেনশন কোনো অনুদান বা দয়াদান নয়, এটি শিক্ষকদের পেশাগত পাওনা, তাঁদের সেবার বিনিময় মূল্য, তাঁদের পারিশ্রমিক।

শিক্ষকদের প্রচলিত পেনশনের যৌক্তিকতা তুলে ধরা প্রয়োজন। উদাহরণ হিসেবে, বেসরকারি খাতে কর্মরত আমার সহপাঠীদের কথা চিন্তা করা যাক।

বেসরকারি খাতে তাঁরা নিয়মিতভাবে যে বেতন-ভাতা পাচ্ছেন, তা নিঃসন্দেহে নিশ্চিতভাবে সর্বদা আমাদের নিয়মিত বেতন-ভাতা থেকে বেশি। এই 'বেশি'র পরিমাণ ক্ষেত্রবিশেষে আমাদের বেতন-ভাতার কয়েক গুণ পর্যন্ত হয়ে থাকে। বিশেষ করে কর্মজীবন শেষের দিকের এই ব্যবধান অনেক বেশি হয়।

কাজেই বেসরকারি খাতের একজন পেশাজীবী তাঁর নিয়মিতভাবে প্রাপ্ত বেতন-ভাতার অধিকতর অংশ সঞ্চয়ের মাধ্যমে, অবসর-পরবর্তী সময়ের জন্য আমাদের পেনশনের চেয়েও অধিকতর আর্থিক সুরক্ষা পেতে পারেন।

আরও উল্লেখ্য, অধিকতর বেতন-ভাতার পাশাপাশি বেসরকারি খাতেও এখন বিভিন্ন অবসর-সুবিধা বিদ্যমান। শিক্ষকদের কাজের পরিধি ও সময়কাল অন্যদের তুলনায় বেশি ছাড়া কোনো অংশে কম নয়। সুতরাং শিক্ষকদের প্রচলিত পেনশন একটি ন্যায্য ও যৌক্তিক পাওনা। শুধু বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নন, জাতীয় বেতনকাঠামোর অন্তর্ভুক্ত যাঁরা পেনশন পাচ্ছেন, তা তাঁদের সেবার বিনিময়ে ন্যায্যভাবেই পাচ্ছেন। সরকারও সেই হিসাবে বাজেট প্রণয়ন করে চলেছে।

সাম্প্রতিক সর্বজনীন পেনশন প্রসঙ্গ। নির্বাচনী ইশতেহার ও প্রতিশ্রুতি অনুযায়ী, সরকারপ্রধান মাননীয় প্রধানমন্ত্রী নাগরিকদের আর্থিক সুরক্ষার জন্য নতুন ধারার সর্বজনীন পেনশনব্যবস্থা ঘোষণা করেন। এই পেনশনব্যবস্থা পেশাজীবীদের জন্য প্রচলিত সরকারি পেনশন থেকে সম্পূর্ণ আলাদা। নীতিগতভাবে সর্বজনীন পেনশন ও পেশাজীবীদের জন্য সরকারি পেনশনদুটি পৃথক বিষয়। একটি নাগরিক সুরক্ষা, অপরটি সরকারি পেশাজীবী সুরক্ষা।

প্রধানমন্ত্রী নিজেও বিষয়টি পরিষ্কার করে বলেছেন যে যাঁরা সরকারি পেনশন পান না, তাঁদের ভবিষ্যৎ আর্থিক সুরক্ষার জন্য এই সর্বজনীন পেনশন। নিঃসন্দেহে এটি সরকারের আরও একটি মহৎ উদ্যোগ। কিন্তু এটি পেশাজীবীর জন্য বাধ্যতামূলক করার আইনগত সুযোগ আছে কি না, তা দেখার বিষয়। সরকার কি কোনো পেশাজীবীর জন্য এটা বাধ্যতামূলকভাবে চেয়েছিল? না, সরকারের এই অবস্থান কিন্তু খুব স্পষ্ট ছিল।

এই প্রেক্ষাপটে, আসল উদ্দেশ্যের বাইরে গিয়ে, জাতীয় পেনশন কর্তৃপক্ষ 'প্রত্যয়' নামের একটি নতুন সর্বজনীন পেনশন স্কিম 'বাধ্যতামূলকভাবে' নিয়ে এল। এখানে স্বশাসিত, স্বায়ত্তশাসিত ও রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলোর কর্মজীবীদের বাধ্যতামূলকভাবে অন্তর্ভুক্ত করা হলো। দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোয়, যেখানে সুদীর্ঘকাল ধরে প্রচলিত সরকারি পেনশনব্যবস্থা কার্যকর রয়েছে, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে এই স্কিমে যুক্ত করা হলো।

২০২৪ সালের ১৩ মার্চ প্রজ্ঞাপন প্রকাশিত হওয়ার পর, প্রচলিত সরকারি পেনশন এবং নতুন প্রত্যয় স্কিম তুলনামূলক বিশ্লেষণ করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা বুঝতে পারলেন, এই নতুন স্কিম শিক্ষকদের জন্য শুধু ক্ষতিকরই নয়, বরং সমগ্র পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষাব্যবস্থার জন্য ধ্বংসাত্মক। গাণিতিক গণনা ও বিশ্লেষণ হাতে নিয়ে, বিশ্ববিদ্যালয়কে সচল রেখে, নিজ নিজ দায়িত্ব চালিয়ে গিয়ে শিক্ষকেরা নানাভাবে প্রায় সাড়ে তিন মাস ধরে এই প্রত্যয় স্কিমের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে এসেছেন।

একপর্যায়ে জাতীয় পেনশন কর্তৃপক্ষ জানিয়েছে, এই স্কিম কার্যকর হবে ২০২৪ সালের ১ জুলাই থেকে নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের জন্য। এই ঘোষণার মধ্য দিয়ে প্রত্যয় স্কিম, বর্তমান এবং ভবিষ্যৎ শিক্ষকদের মধ্যে বৈষম্যমূলক হয়ে ওঠে। যেমন ২০২৪ সালের ১ জুলাই পুরোনো একজন শিক্ষক গ্রেড-১ অধ্যাপক হিসেবে যদি অবসরে যান, তাহলে সে এককালীন পাবেন ৮০ দশমিক ৭৫ লক্ষ টাকা এবং মাসিক ৩৫ হাজার ১০০ টাকা হারে প্রতি মাসে পেনশন পাবেন। মাসিক ৩৫ হাজার ১০০ টাকা আবার ৫% হারে বছর বছর বৃদ্ধি পাবে। এই মাসিক টাকা পেনশনভোগী আমৃত্যু পাবেন। তাঁর মৃত্যুর পর নির্ভরশীল স্ত্রী বা স্বামীও আমৃত্যু পাবেন।

অপর দিকে ২০২৪ সালের ১ জুলাই যোগদান করা একজন নতুন শিক্ষক তাঁর সম্পূর্ণ কর্মজীবনে মাসে মাসে নিয়মিতভাবে বেতন থেকে একটি অংশ প্রত্যয় স্কিমে জমা দিয়ে আজ থেকে ৩৫ বছর পর যদি গ্রেড-১ অধ্যাপক হিসেবে অবসরে যান, তিনি এককালীন কোনো অর্থই পাবেন না, শুধু মাসিক ১ দশমিক ২৪ লাখ টাকা করে সময়হারে প্রতি মাসে পেনশন পাবেন। এখন প্রচলিত পেনশনের এককালীন ৮০ দশমিক ৭৫ লাখ টাকা একেবারে বিবেচনার বাইরে রাখি।

প্রচলিত পেনশনব্যবস্থার আজকের মাসিক ৩৫ হাজার ১০০ টাকা ৫% বাৎসরিক হারে বৃদ্ধি পেলে ৩৫ বছর পর এর মূল্য হবে মাসিক ১ দশমিক ৯৪ লাখ টাকা, যা প্রত্যয়ের ১ দশমিক ২৪ লাখ থেকে বেশি। অপর দিকে প্রত্যয়ের ৩৫ বছর পরের মাসিক ১ দশমিক ২৪ লাখকে বাংলাদেশের স্বাভাবিক মুদ্রাস্ফীতি ৭% ধরে বর্তমান সময়ে নিয়ে এলে তা হয় মাত্র ১১ দশমিক ৬ হাজার টাকা, যা প্রচলিত পেনশনের বর্তমান মাসিক ৩৫ হাজার ১০০ টাকা থেকে অনেক কম।

এসব যৌক্তিক গাণিতিক গণনা ও বিশ্লেষণ থেকে যেকোনো সচেতন মানুষ বুঝতে সক্ষম হবেন যে নতুন প্রত্যয় স্কিম থেকে প্রচলিত পেনশন অনেক ভালো। বর্তমানের শিক্ষকেরা প্রত্যয় স্কিম থেকে মুক্তি পেলেও ২০২৪ সালের ১ জুলাই থেকে নিয়োগ পাওয়া নতুন শিক্ষকেরা বঞ্চিত হবেন। যোগ্য, দক্ষ ও মেধাবীরা ভবিষ্যতে এই পেশায় আসতে আগ্রহ হারাবেন। ফলে বিশ্ববিদ্যালয় পর্যায়ের সমগ্র উচ্চশিক্ষাব্যবস্থা ধ্বংসপ্রাপ্ত হবে। দক্ষ জনশক্তির অভাবে উন্নত, সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশের প্রত্যাশা ব্যর্থ হবে। কাজেই সমগ্র উচ্চশিক্ষাব্যবস্থা ও স্মার্ট বাংলাদেশ এর স্বার্থে, নৈতিক অবস্থান থেকে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের চলমান এই আন্দোলন।

আমরা দেখতে পাচ্ছি, নতুন নতুন উন্নয়ন প্রকল্প গ্রহণ ও সফলতার সঙ্গে বাস্তবায়ন করছে সরকার। বছর বছর জাতীয় বাজেটের আকার বাড়ছে। দ্রব্যমূল্য দিন দিন বৃদ্ধি পাচ্ছে। অর্থনীতির স্বাভাবিক নীতি অনুযায়ী, এই পরিস্থিতিতে জাতীয় বেতনকাঠামোর অন্তর্ভুক্ত সবার বেতন-ভাতা বাড়ার কথা। নতুন উচ্চতর বেতনকাঠামো ঘোষণার কথা। অথচ জাতীয় পেনশন কর্তৃপক্ষের কেন এই বিপরীত অবস্থান? যা সরাসরি রাষ্ট্রের আর্থিক সামর্থ্যকে প্রশ্নবিদ্ধ করছে। রাষ্ট্রবিরোধী কোনো পরিকল্পনার অংশ হিসেবে, দেশের আর্থিক সক্ষমতাকে প্রশ্নবিদ্ধ করার কোনো চেষ্টা চলমান কি না, তা-ও খতিয়ে দেখা যেতে পারে।

দৃঢ়তার সঙ্গে বলব, প্রচলিত পেনশন বন্ধ নয়, দেশের আর্থিক সক্ষমতা বাড়াতে প্রথম প্রয়োজন দুর্নীতি বন্ধ করা। রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি বিরাজমান। সর্বক্ষেত্রে সব পর্যায়ে দুর্নীতি বন্ধ করতে হবে।

গণমাধ্যমের কল্যাণে কয়েক দিন আগে দেখলাম, দেশের বেসরকারি খাতের একটি শিল্পগোষ্ঠীর মাত্র দুটি প্রতিষ্ঠানের তিন বছরে ভ্যাট ফাঁকি প্রায় ৩ হাজার ৫০০ কোটি টাকা। ব্যক্তি খাতের আয়কর ফাঁকি দেওয়া হচ্ছে। ঋণের নামে ব্যাংক থেকে টাকা লুটে নেওয়া হচ্ছে। রিজার্ভ চুরি হয়ে যাচ্ছে। সরকারি কর্মকর্তাদের হাজারো কোটি টাকার অবৈধ অর্থ-সম্পদের সংবাদ আসছে নিয়মিত। অপব্যয় ও অপচয় সর্বত্র ছড়িয়ে আছে। সব পর্যায়ে অপচয়, অপব্যয় ও দুর্নীতি বন্ধ করা হোক, দেশের আর্থিক সক্ষমতা উজ্জ্বলতার সঙ্গে দৃশ্যমান হবে।

দার্শনিক প্লেটোর মতে, নিজ নিজ পেশাগত দায়িত্ব যথার্থভাবে সুসম্পন্ন করা একটি উৎকৃষ্ট পর্যায়ের দেশপ্রেম। আমরা ডিগ্রিধারী হয়েছি, পেশাজীবী হয়েছি, কিন্তু এখনো অনেকেই উৎকৃষ্ট দেশপ্রেমিক হয়ে উঠতে পারিনি। পেশাজীবীদের ধ্যান, জ্ঞান, শ্রম ও বাস্তবতা সবকিছুই থাকতে হবে নিজ নিজ পেশাগত দায়িত্বকে ঘিরে। সততা থাকতে হবে সর্বক্ষণে। রাষ্ট্রের স্বার্থ থাকতে হবে সর্ববিবেচনায়। এ বিষয়ে আমাদের অধিকতর মনোযোগী হতে হবে।

আমরা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা পেশাগত দায়িত্ব-কর্তব্য সম্পর্কে সচেতন। নিজেদের শূন্যতা ও সীমাবদ্ধতা অতিক্রম করে আন্তর্জাতিকভাবে এগিয়ে যেতে আমরা সর্বদা সচেষ্ট। গবেষণা ও দক্ষ জনশক্তি উন্নয়নের মাধ্যমে সরকারঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমরা অগ্রণী ভূমিকা পালন করতে দৃঢ়প্রতিজ্ঞ। রাষ্ট্রের আর্থিক সামর্থ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ যথার্থ বেতন-ভাতা এবং ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তার জন্য প্রচলিত পদ্ধতিতে পেনশন নিয়েই আমরা সন্তুষ্ট থাকতে চাই। পরিশেষে বলব, শিক্ষকদের প্রচলিত পেনশন বন্ধ নয়, সর্বক্ষেত্রে সব পর্যায়ে অপচয়, অপব্যয় ও দুর্নীতি বন্ধ করুন, রাষ্ট্রের আর্থিক সক্ষমতা সুস্পষ্টভাবে দৃশ্যমান হবে। সরকারের ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সফলপর হবে।

লেখক: অধ্যাপক, কেমিকৌশল বিভাগ, বুয়েট।

# যুক্তরাষ্ট্রের 'তিব্বত আইন': শিলিগুড়ি করিডোরের বিকল্প ভাবতে হচ্ছে ভারতকে?

১২ পৃষ্ঠার পর

১৯৭৫ সালে ভারতের সিকিম দখল এবং ভূখণ্ডটিকে অন্তর্ভুক্ত করে নেওয়ার পরও ভারত ও চীনের মধ্যে একধরনের অলিখিত বোঝাপড়া ছিল যে তিব্বত এবং তিব্বতে দালাই লামার কথিত কর্তৃত্বের বিষয়টি চাপা থাকবে। অন্তত ১৯৭৯ সালের সেই সময়কার প্রধানমন্ত্রীর বেইজিং সফর শেষে তিব্বত নিয়ে টানাপোড়েন অবসানের ইঙ্গিত পাওয়া গিয়েছিল।

১৯৭১ সালে চীনের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্ক স্থাপনের মূলে ছিল যুক্তরাষ্ট্রের 'এক চীন নীতি' গ্রহণ, যেখানে যুক্তরাষ্ট্র তিব্বত ও তিব্বতের বৃহত্তরাংশকে চীনের অংশ বলে স্বীকৃতি দিয়েছিল। তবে কয়েক বছর ধরে যুক্তরাষ্ট্র তিব্বত ইস্যুকে আবার চীনের বিরুদ্ধে দাঁড় করানোর উদ্যোগ নিচ্ছে। এর ফলে শুধু যুক্তরাষ্ট্রেরই নয়, ভারতের সঙ্গেও চীনের সম্পর্ক উত্তেজনাপূর্ণ হয়ে উঠেছে। এর প্রমাণ ২০২০এর গালওয়ান উপত্যকায় চীন-ভারতের সীমিত সংঘাত।

তিব্বতকে ঘিরে চীন-ভারত-যুক্তরাষ্ট্রের ভূরাজনৈতিক বিন্যাসবিকাশ যে জটিল এবং সংঘাতের দিকে যাচ্ছে, তা বেশ স্পষ্ট। গত মাসে মার্কিন কংগ্রেসের উভয় দলের ৭ সদস্যের একটি দল ভারত ভ্রমণে গিয়ে ধর্মশালায় গিয়ে দালাই লামা এবং প্রবাসী সরকারের সদস্যদের সঙ্গে দেখা করে। মার্কিন প্রতিনিধিরা তিব্বতের নেতাদের হাতে তুলে দেন গত ১২ জুন পাস করা 'রিসলভ তিব্বত অ্যাক্ট'-এর একটি কপি।

যুক্তরাষ্ট্রের এই আইনের মাধ্যমে দালাই লামার সঙ্গে তিব্বতের স্বায়ত্তশাসন তথা সার্বভৌমত্ব নিয়ে আবার আলোচনার দ্বার উন্মোচন করতে চীনের প্রতি আহ্বান জানানো হয়েছে। যুক্তরাষ্ট্র তিব্বতের কথিত প্রবাসী সরকারকে সহযোগিতা দিয়ে যাবে বলেও আইনটিতে বলা আছে। তিব্বত বিষয়ে যুক্তরাষ্ট্রের এই নতুন নীতির বিষয়ে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছে চীন।

এরই মাঝে মার্কিন দলটি গত ২০ জুন প্রধানমন্ত্রী মোদির সঙ্গে দেখা করে নতুন আইনটির বিষয়ে তাঁকে অবহিত করেছে। মোদির তৃতীয় দফায় প্রধানমন্ত্রিত্বের যাত্রার শুরুতেই যুক্তরাষ্ট্রের পরিবর্তিত তিব্বত নীতির পরিপ্রেক্ষিতে চীনের সঙ্গে ভারতের নতুন উত্তেজনার পথ উন্মুক্ত হলো।

যেহেতু কয়েক বছর ধরে অরুণাচল সীমান্তে উভয় পক্ষ শক্তিমত্তা বাড়িয়েছে, সেহেতু ধারণা করা যেতে পারে, সেনকের তৃতীয় মেয়াদের মতো মোদির তৃতীয় মেয়াদে এই উত্তেজনা সীমান্ত সংঘাতে রূপ নিতে পারে। তবে ভারত মনে করে, ১৯৬২ সালের মতো অবস্থা এখন আর নেই; তারা এখন চীনের সমকক্ষ জবাব দিতে প্রস্তুত আছে।

ভূকৌশলগত কারণে এখন ভারতের প্রয়োজন কথিত চিকেন নেক বা শিলিগুড়ি করিডরের বিপরীতে আরও সুরক্ষিত বিকল্প সরবরাহ পথ তৈরি করা। এই কাজ তারা দ্রুত শুরু করতে চায়।

এ ক্ষেত্রে তারা বাংলাদেশের সহযোগিতা আশা করে। সে ক্ষেত্রে পূর্ব সীমান্তে চীন-ভারত সম্ভাব্য সংঘাত বিবেচনায় নিলে বাংলাদেশের অবস্থান কী হবে তা শুধু ভূকৌশলবিদদেরই নয়, ভূরাজনীতিবিদদেরও ভেবে দেখার মতো গুরুত্বপূর্ণ বিষয়।

লেখক: নির্বাচন বিশ্লেষক, সাবেক সামরিক কর্মকর্তা এবং এসআইপিজির সিনিয়র রিসার্চ ফেলো (এনএসইউ)।




# SmartTech IT Solutions Inc.

**We built your dream job in (IT)**

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

**Learn Salesforce Without Coding**

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

**Earn Yearly : 80K - 120K**

## Learn QA Test Engineer

SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ
- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

**Ph: (917) 293-5724**
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372

# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা



# শিশুর যক্ষ্মারোগে করণীয়

ডা. প্রণব কুমার চৌধুরী

'মাইকোব্যাক্টেরিয়াম টিউবারকুলেসিস' বা 'মাইকোব্যাকটেরিয়াম বোভিস' নামের জীবাণু দ্বারা যক্ষ্মারোগের সৃষ্টি। যক্ষ্মায় আক্রান্ত লোকের হাঁচি-কাশির মাধ্যমে যক্ষ্মার জীবাণু বাতাসে ছড়িয়ে পড়ে। শিশু এর সংস্পর্শে এলে জীবাণু তার ফুসফুসের অভ্যন্তরে প্রবেশ করে। গর্ভাবস্থায় মা যক্ষ্মারোগে ভুগলে নবজাতক শিশুও এই রোগ সঙ্গে নিয়ে জন্মগ্রহণ করতে পারে।



**ফুসফুসে যক্ষ্মা**

যদিও শিশুদের যক্ষ্মার বেশির ভাগই (প্রায় তিন-চতুর্থাংশ) ফুসফুসে হয়ে থাকে, কিন্তু প্রথম দিকে তা নির্ণয় করা অত্যন্ত কঠিন। শিশুর খিদে লোপ, ওজন কমতে থাকা, দীর্ঘমেয়াদি স্বল্পমাত্রার জ্বর, দীর্ঘমেয়াদি কাশি, খিটখিটে মেজাজ ইত্যাদি সাধারণ কিছু লক্ষণ দেখা যায়, কখনো কখনো তা-ও থাকে না। যক্ষ্মার জীবাণু ফুসফুসে প্রবেশ করার পর প্রথমত ফুসফুসের আবরক ঝিল্লির নিচে অবস্থান নেয়, যাকে বলা হয় 'প্রাইমারি ফোকাস'। ধীরে ধীরে তা ফুসফুসের গ্ল্যান্ডে ('হাইলার গ্ল্যান্ডে') পৌঁছে এবং এই দুইয়ে মিলে তৈরি হয় 'প্রাইমারি কমপ্লেক্স'। প্রায় ৯০ শতাংশ ক্ষেত্রে এই কমপ্লেক্স শুকিয়ে সেরে যায়। কিন্তু শিশুর শরীরে রোগ প্রতিরোধক্ষমতা কম থাকলে, যেমন-শিশু অপুষ্ট কিংবা হাম বা হুপিং কাশিতে আক্রান্ত হলে, এই কমপ্লেক্স না শুকিয়ে ফুসফুসে তালোমতো জেঁকে বসে। নানা জটিলতাসহ উপসর্গের সৃষ্টি করে। অথবা আগের শুকানো স্পট নতুন করে আত্মপ্রকাশ করে, যার কারণে নিউমোনিয়া, 'প্লুরেল ইফিউশন' (বুকে পানি জমা) হতে পারে। এই অবস্থায় শিশুর শ্বাসকষ্ট দেখা দেয়। বুকের এক্স-রে করার সঙ্গে সঙ্গে টিউবারকুলিন টেস্ট ও বুকের পানি নিয়ে পরীক্ষা করে টিবি 'প্লুরেল ইফিউশন' নির্ণয় করা হয়।

**মস্তিষ্কের টিবি**

শিশুদের যক্ষ্মার প্রায় ২০ শতাংশ মস্তিষ্কের টিবিরূপে হয়ে থাকে। টিবি মেনিনজাইটিস মূলত ব্রেনের আবরক ঝিল্লিতে হয়ে থাকেএটা সবচেয়ে মারাত্মক ধরনের যক্ষ্মারোগ। অবশ্য প্রথম পর্যায়ে রোগ নিরূপণ করে চিকিৎসা করা গেলে প্রায় ১০০ শতাংশ ক্ষেত্রেই রোগীর আরোগ্য লাভ করার সম্ভাবনা থাকে।

চিকিৎসা শুরু করতে যত বিলম্বে হবে, রোগীর মৃত্যুঝুঁকি এবং বেঁচে থাকলে মস্তিষ্কের বিভিন্ন জটিলতা দেখা দেওয়ার ঝুঁকি ততই বেড়ে যায়। টিবি মেনিনজাইটিসের লক্ষণগুলো তিন পর্যায়ে প্রকাশ পেয়ে থাকে।

প্রথম পর্যায় : তিন-চার সপ্তাহ স্থায়ী হয়। রোগের লক্ষণ এতটা সাধারণ ধরনের যে খুব সতর্ক না হলে রোগ নির্ণয় এড়িয়ে এরপর ৪৯ পৃষ্ঠায়



## বসে কাজ করার সময় যেসব বিষয় খেয়াল রাখবেন

অধ্যাপক ডা. খাজা নাজিম উদ্দিন

কাজের ব্যস্ততার মধ্যেও শরীরের কিছু হালকা ব্যায়াম প্রয়োজন। তেমনি কাজের পদ্ধতি ঠিক হওয়াটাও জরুরি। কম্পিউটার ব্যবহার ও বসে কাজ করার সময় যেসব বিষয় খেয়াল রাখা দরকার-

১. সবসময় পিঠ ও ঘাড় সোজা রেখে বসুন। ঘাড় বা কোমর বাঁকিয়ে বসলে পরবর্তী সময়ে ব্যথা হতে পারে।

২. নরম গদির চেয়ার পরিহার করুন। রিভলভিং চেয়ারও স্বাস্থ্যসম্মত নয়। এমন চেয়ার ব্যবহার করুন, যাতে বসলে পুরো মেরুদণ্ড স্বাভাবিক, সোজা ও স্থির থাকে। আরামদায়ক উচ্চতার চেয়ার-টেবিল ব্যবহার করুন। পিঠ টান করে পেছনে লাগিয়ে বসা ভালো।

৩. কম্পিউটার মনিটর থাকবে চোখের উচ্চতায়। শরীর থেকে মনিটরের দূরত্ব থাকবে কমপক্ষে একহাত। অনেকে অফিসের ডেস্কের যে কোনো এক প্রান্তে কম্পিউটারের মনিটর রাখেন (ডান বা বাম দিকে)। ফলে বারবার মনিটরের দিকে ঘাড় ঘুরিয়ে কাজ করতে হয়। এটি একেবারেই উচিত নয়। কিছু দিন এভাবে কাজ করলে ঘাড়ের ব্যথায় ভুগতে হবে। তাই কম্পিউটারের মনিটর রাখুন ঠিক সামনের দিকে।

৪. ফাইল বা কোনো কাজ পড়তে হলে বা কিছু লিখতে হলে খেয়াল রাখুন যেন ঘাড় বাঁকিয়ে কাজটি করতে না হয়। টেবিল কিছু হলে ঘাড় বাঁকিয়ে লিখতে হতে পারে। এ ক্ষেত্রে টেবিল পরিবর্তন করা সম্ভব না হলেও টেবিলের ওপর অধিক পুরুত্বের বইপত্র রেখে কাজের জায়গাটুকু উঁচু করে নিন। এভাবে কাজ করলে ঘাড় বাঁকাতে হবে না।

৫. কম্পিউটারের মাউস বা কি-বোর্ড ব্যবহারের সময় হাতের কবজি ভাঁজ করে রাখা ঠিক নয়। কবজি ভাঁজ না করে সোজাভাবে হাত রেখে কাজ করার অভ্যাস গড়ে তুলুন। কি-বোর্ড ও মাউস রাখুন আরামদায়ক দূরত্বে। কাজ করার সময় শরীর থেকে কনুই যেন খুব দূরে সরে না যায়।

৬. কাজের সময় পা সোজাভাবে মাটিতে রাখুন, চাইলে পা-দানিতে রাখতে পারেন।

## ধরন ও পর্যায় ভেদে প্রকাশ পায় ব্লাড ক্যান্সার

অধ্যাপক ডা. মো. সালাহউদ্দীন শাহ্



ব্লাড ক্যান্সার মূলত রক্তের কোষের উৎপাদন ও কার্যকারিতাকে প্রভাবিত করে। এটি যখন ঘটে, তখন রক্তের কোষগুলো অস্বাভাবিকভাবে ও অনিয়ন্ত্রিতভাবে বৃ দ্ধি পেতে থাকে, রক্তের স্বাভাবিক কার্যকারিতায় হস্তক্ষেপ করে।

**ধরন**

ব্লাড ক্যান্সারের তিনটি প্রধান প্রকার বা ধরন রয়েছে। এগুলো হলো- লিউকেমিয়া, লিম্ফোমা ও মাইলোমা।

**কারণ**

ব্লাড ক্যান্সারের সঠিক কারণ অজানা। আবার রোগটি বংশানুক্রমিকভাবে হয়, তা-ও কিন্তু নয়। তবে বংশানুক্রমিকভাবে দেহের যেকোনো অসুখ বংশপরম্পরায় চলে আসতে পারে। দেহে থাকা এই রোগ প্রতিনিয়ত অ্যান্টিজেনিক স্টিমুলেশনের মাধ্যমে ক্যান্সারে রূপ নিতে পারে।

আমাদের দেশে এই অ্যান্টিজেনিক স্টিমুলেশন হলো ভেজাল খাদ্য খাওয়া, কিছু রাসায়নিক পদার্থ, বিকিরণের সংস্পর্শ ইত্যাদি। এই প্রভাবগুলো আমাদের দেহে থাকা ভিকেন্দ্রিত জিনের মধ্যে অ্যান্টিজেনিক স্টিমুলেশন হিসেবে কাজ করে। আবার দেখা যায় কিছু ভাইরাস রয়েছে; যেমন হেপাটাইটিস বি, সিসহ আরো অনেক ভাইরাস, যেগুলো শরীরকে আক্রান্ত করলে দীর্ঘমেয়াদি ব্লাড ক্যান্সার হতে পারে।

**লক্ষণ**

* ব্লাড ক্যান্সারের ধরন এবং স্টেজ বা পর্যায়ের ওপর নির্ভর করে কিছু লক্ষণ পরিলক্ষিত হয়।

এর সাধারণ লক্ষণগুলো হলো :

* ঘন ঘন জ্বর হওয়া, কিছুতেই জ্বর না কমা।
* হিমোগ্লোবিনের পরিমাণ দিন দিন কমে যাওয়ার ফলে দুর্বল লাগা।
* ঘন ঘন সংক্রমণ।

এরপর ৪৯ পৃষ্ঠায়



## ত্বকের যে হাল করে চিনি

আজকাল স্বাস্থ্য ডেস্ক

চিনির সাথে মানবদেহের সম্পর্ক বেশ জটিল। আমাদের দেহে চিনির প্রয়োজনীয়তা থাকলেও তা শারীরিক ও মানসিক স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। মাঝে মাঝে মিষ্টি জাতীয় খাবার খাওয়ার তাগিদ অনুভূত হয়। এটা মন্দ নয়। তবে প্রতিদিন মিষ্টি জাতীয় খাবার বা চিনি খাওয়া করা শরীরের বারোটা বাজাতে পারে। ত্বক বিশেষজ্ঞ ডাক্তার গীতিকা মিত্তাল গুপ্ত তার ইনস্টাগ্রাম পোস্টে আমাদের ত্বকে চিনির প্রভাব এবং প্রতিনিয়ত এর ব্যবহারে ত্বকের যে ক্ষতি হয় তার সম্পর্কে ধারণা দিয়েছেন।

তিনি লিখেছেন, আপনি কি জানেন চিনি আপনার ত্বকের ব্যাপক ক্ষতি করতে পারে। চিনি চেহারা এবং পুরো ত্বকের জন্য বিভিন্ন উদ্বেগের কারণ হতে পারে। এর সম্পর্কে জেনে নেওয়া যাক।

জ্বালাপোড়াঃ চিনি আমাদের ত্বকে জ্বালাপোড়ার সৃষ্টি করতে পারে। এতে লালচে ভাব ও অস্বস্তিভাব দেখা দিতে পারে। এমন অবস্থায় বেশি করে ফলমূল, শাকসবজি খাওয়া এরপর ৪৭ পৃষ্ঠায়

## প্রসব-পরবর্তী বিষণ্নতায় আবেগে পরিবর্তন

ডা. রুবাইয়াৎ ফেরদৌস

প্রসব-পরবর্তী বিষণ্ণতা হলো নতুন মায়েদের এক ধরনের মানসিক সমস্যা, যা সাধারণ বিষণ্ণতার পর্যায়ে থাকে না। এ অবস্থায় শারীরিক (রাসায়নিক), আবেগীয় এবং আচরণগত অনেক পরিবর্তন ঘটে। ডিএসএম-৫ অনুযায়ী, এটি একটি মানসিক সমস্যা, যা কিনা সন্তান প্রসবের চার সপ্তাহের মধ্যে পরিলক্ষিত হয়। যদিও এর নির্দিষ্ট সময়সীমা নেই।

বরং বিষণ্ণতার তীব্রতার ওপর নির্ভর করে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক তথ্য থেকে জানা যায় যে প্রায় ১০ শতাংশ নারী গর্ভাবস্থায় এবং ১৩ শতাংশ নারী সন্তান জন্মের পর বিষণ্ণতা ভোগে।

**উপসর্গ**

* বেশির ভাগ সময়ই বিষণ্ণ থাকা, সহজেই বিরক্ত হওয়া, অতিসংবেদনশীলতা।
* সব কিছু অতিরিক্ত মনে হওয়া, হতাশ লাগা, নিরাশ লাগা।
* দুঃখ, অসহায় বা অপরাধবোধের মতো নেতিবাচক অনুভূতি। নিজেকে খারাপ মা মনে করা।
* অবসাদগ্রস্ততা ও দুর্বল লাগা।
* ঘন ঘন আবেগের পরিবর্তন।
* কান্না বা কান্নার ভাব হওয়া বা কোনো কারণ ছাড়াই কান্না পাওয়া।
* মনঃসংযোগের অভাব, সিদ্ধান্তহীনতায় ভোগা।
* পছন্দের কাজগুলো অপছন্দ হতে থাকা।
* দুশ্চিন্তা করা, রেগে যাওয়া।
* স্মৃতিশক্তির সমস্যা।
* ঘুমের সমস্যা বা বারবার ঘুম ভেঙে যাওয়া।



ভেঙে গেলে ঘুম না আসতে চাওয়া।
* খাবারে অনীহা বা অতিরিক্ত খাওয়া।
* মাথা ব্যথা, পেট ব্যথা, পেশিতে ব্যথা, পিঠ ব্যথা ইত্যাদি।
* যৌন আকাঙ্ক্ষা কমে যাওয়া।
* কাউকে আঘাত করতে ইচ্ছা করা, এমনকি নিজেকে বা নবজাতক শিশুকেও আঘাত করতে ইচ্ছা করা।
* বাচ্চাকে বিরক্ত লাগা।
* নিজেকে অপদার্থ বা অকেজো বলে মনে হওয়া।
* পরিবার ও বন্ধুদের থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়া বা পালাতে চাওয়া।
* মৃত্যুর চিন্তা এমনকি আত্মহত্যার চিন্তা আসা।

কখন মানসিক রোগ এরপর ৪৯ পৃষ্ঠায়

NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC B02902
BLACK & GREEN CAR BASE
718 225-1798

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR


NABANNO
حلال
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ
নবান্নেই
• আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
• পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
• আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
• সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
OUR SERVICES
TLC INSURANCE
TLC Base (Black & Green Cab)
TLC Car & Plate Rent
DMV & TLC Service
Auto, Home & Business Ins.
Arif Shahriar
President & CEO
41-05 69th Street, Woodside, NY 11377
718-567-5600
info@libertybkg.com
www.libertybkg.com



# মহররম ও আশুরার ফজিলত

দীদার মাহদী

আশুরার রোজা : আশুরা অর্থ দশম। মহররম মাসের ১০ তারিখ আশুরা নামে পরিচিত। আশুরা শব্দটি আরবি। 'আশারা' শব্দমূল থেকে এসেছে। যার অর্থ দশ। আর আশুরা মানে দশম। আশুরার দিনে পৃথিবীতে অলৌকিক ও রহস্যময় অনেক গুরুত্বপূর্ণ ঘটনা সংঘটিত হয়েছিল। এ কারণে মুসলমানদের কাছে ১০ মহররম বিশেষভাবে মর্যাদাপূর্ণ ও মহিমান্বিত। আশুরার দিন রোজা রাখা সুন্নাত। আশুরার রোজা সব নবীর আমলেই ছিল। নবী করিম (সা.) মক্কায় থাকতেও আশুরার রোজা পালন করতেন। হিজরতের পর মদিনায় এসে রাসুলুল্লাহ (সা.) দেখতে পেলেন, ইহুদিরাও এ দিনে রোজা রাখছে। প্রিয় নবী (সা.) তাদের রোজার কারণ জানতে পারলেন, এদিনে মূসা (আ.) সিনাই পাহাড়ে আল্লাহর পক্ষ থেকে তাওরাত লাভ করেন। এদিনেই তিনি বনি ইসরাইলকে ফেরাউনের কয়েদখানা থেকে উদ্ধার করেন এবং এদিনেই তিনি বনি ইসরাইলদের নিয়ে লোহিত সাগর অতিক্রম করেন। আর ফেরাউন সেই সাগরে ডুবে মারা যায়। তাই কৃতজ্ঞতা প্রকাশের জন্য ইহুদিরা এই দিন রোজা রাখে।



মহানবী (সা.) বললেন, মূসা (আ.)-এর সঙ্গে আমাদের সম্পর্ক তোমাদের চেয়ে বেশি ঘনিষ্ঠ। অতঃপর তিনি মহররমের ৯-১০ অথবা ১০-১১ মিলিয়ে দুটি রোজা রাখতে বললেন, যাতে ইহুদিদের সঙ্গে সাদৃশ্য না হয়। দ্বিতীয় হিজরিতে রমজান মাসের রোজা ফরজ করা হলে আশুরার রোজা নফল হয়ে যায়। তবে রমজানের রোজা রাখার পর আশুরার রোজা সর্বাধিক গুরুত্বপূর্ণ ও ফজিলতপূর্ণ। এ মাসের নফল রোজা ও অন্যান্য ইবাদত রমজান মাস ব্যতীত অন্য যে কোনো মাস অপেক্ষা অধিক উত্তম। [মুসলিম ও আবুদাউদ]। আবু মূসা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী (সা.) যখন মদিনায় এলেন, তখন এরপর ৪৭ পৃষ্ঠায়

## মহররম ও আশুরায় যা করবেন না

মুফতি আসিম নাজিব

মহররম মাসের গুরুত্ব ও তাৎপর্য অনেক। কোরআনে বর্ণিত সম্মানিত চার মাসের অন্যতম একটি এই মাস। এ মাসে পৃথিবীর বহু ঐতিহাসিক ঘটনা সংঘটিত হয়েছে। হাদিসের ও ইতিহাসের কিতাবগুলো সেগুলোর আলোচনা এসেছে।

আল্লাহ তাআলা আশুরার দিন কুদরত প্রকাশ করেছেন। বনি ইসরাইলের জন্য সমুদ্রে রাস্তা বের করে দিয়েছেন এবং তাদের নিরাপদে পার করে দিয়েছেন। আর একই রাস্তা দিয়ে ফেরাউন ও তার অনুসারীদের ডুবিয়ে মেরেছেন। (সহিহ বুখারি, হাদিস : ১/৪৮১)

কিন্তু কিছু মানুষ এ দিনের গুরুত্ব প্রকাশ করতে গিয়ে নানান ভিত্তিহীন কথা বলে থাকেন। যা কোনোভাবেই শরিয়ত সমর্থন করে না। যেমন- এদিন ইউসুফ (আ.) জেল থেকে মুক্তি পেয়েছেন। ইয়াকুব (আ.) চোখের জ্যোতি ফিরে পেয়েছেন। ইউনুস (আ.) মাছের পেট থেকে মুক্তি পেয়েছেন। ইদরীস (আ.)-কে আসমানে উঠিয়ে নেওয়া হয়েছে। আবার অনেকে বলে, এদিনেই কিয়ামত সংঘটিত হবে। অথচ এসব কথার কোনো ভিত্তি শরিয়তে নেই। (বিস্তারিত জানতে দেখুন : আল আসারুল মারফুআ, আবদুল হাই লখনউবি : ৬৪-১০০; মা ছাবাহা বিসসুন্নাহ ফি আয়্যামিস সানাহ : ২৫৩-২৫৭) এরপর ২৮ পৃষ্ঠায়



## মহররম মাসের যে আমল ধন্য করবে

মাহমুদ আহমদ

হিজরি বছরের প্রথম মাস মহররম। মহররম শব্দের অর্থ সম্মানিত। ইসলামের ইতিহাসে এই মাসটি এমন কতগুলো উল্লেখযোগ্য স্মৃতিবিজড়িত, যে স্মৃতিগুলোর সম্মানার্থেই এই মাসকে মহররম বা সম্মানিত বলে আখ্যায়িত করা হয়েছে। তাইতো এ মাসের ৯, ১০ অথবা ১০, ১১ তারিখে ২টি রোজা রাখা উত্তম। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হিজরতের ঘটনাকে কেন্দ্র করেই হিজরি সনের শুভ সূচনা হয়।

ইসলামি সন তথা হিজরি সন মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মক্কা থেকে মদিনা হিজরতের ঐতিহাসিক তাৎপর্যময় ঘটনার অবিস্মরণীয় স্মারক। হিজরি বছরের প্রত্যেকটি মাসেরই রয়েছে বিশেষ গুরুত্ব। হিজরি সনের প্রথম মাস মহররম। ইসলামে এ মাসের অনেক গুরুত্ব ও তাৎপর্য রয়েছে। মুহাররম মাস শুধুমাত্র কারবালার ঘটনা স্মরণ করার মাস নয় বরং মুসলিম বিশ্বকে নতুন করে গড়ে তোলার দৃঢ় প্রতিজ্ঞার মাস ।

হাদিসে বর্ণিত হয়েছে হজরত আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, 'আমি মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে রোজা রাখার জন্য এত অধিক আগ্রহী হতে দেখিনি যত দেখেছি এই আশুরার দিন এবং রমজান মাসের রোজার প্রতি।' (বুখারি)

হজরত আলী (রা.) থেকে বর্ণিত, এক ব্যক্তি একবার রাসুল (সা. )-এর দরবারে এসে বলল, হে আল্লাহর রাসুল, আমরা রমজানের পর সবচেয়ে বেশি রোজা রাখব কোন মাসে? তিনি বলেন, তোমরা যদি রমজানের পর কোনো মাসে রোজা রাখতে চাও, তাহলে মহররম মাসে রাখো। কেননা এটি আল্লাহর মাস। এই মাসে এমন একটি দিন আছে, যেদিন আল্লাহ আগের এক জাতির তাওবা কবুল করেছেন এবং পরবর্তীদের তাওবাও কবুল করবেন। (তিরমিজি, হাদিস : ৭৪০; ইবনে মাজাহ, হাদিস : ১৭৪২)

অপর এক হাদিসে এসেছে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, রমজানের রোজার পর সবচেয়ে উত্তম রোজা হলো মহররম মাসের রোজা।' (মুসলিম)

তাই আমরা চেষ্টা করব এ মাস ইবাদত-বন্দেগিতে রত থেকে অতিবাহিত করা। আমরা যেন এমন কিছু না করি যা আমাদেরকে ইসলাম অনুমতি দেয় না।

যেমন কান্নাকাটি করা, মাতম-মর্সিয়া করা, শরীরের রক্ত বের করা ইত্যাদি করা থেকে আমরা বিরত থাকব।

১০ মহররমকে কেন্দ্র করে অতিরঞ্জিত কিছু না করে আমরা চেষ্টা করব হজরত ইমাম হোসাইন (রা.) সত্য প্রচারের যে আদর্শ রেখে গেছেন তা যেন আমরা সব সময় আঁকড়ে ধরে রাখতে পারি আর এর জন্য আমাদেরকে প্রাণপন চেষ্টা অব্যাহত রাখতে হবে। ১০ই মহররমে আমাদের অঙ্গিকার থাকবে সত্য ও ন্যায় প্রতিষ্ঠার ক্ষেত্রে আমরাও দৃঢ় এরপর ৩৮ পৃষ্ঠায়



## হিজরি বর্ষ মুসলিম উম্মাহর ঐতিহ্য

এহসান বিন মুজাহির

স্বাগত হিজরি নববর্ষ ১৪৪৬। হিজরি সনের প্রথম মাস মহররম। ইসলামে হিজরি সন ও তারিখের গুরুত্ব অপরিসীম। কারণ হিজরি সন এমন একটি সন, যার সঙ্গে মুসলিম উম্মাহর তাহজিব-তামাদ্দুন ও ঐতিহ্যের ভিত্তি সম্পৃক্ত। মুসলমানদের রোজা, হজ, ঈদ, শবেবরাত, শবেকদর, শবেমেরাজসহ ইসলামের বিভিন্ন বিধিবিধান হিজরি সনের ওপর নির্ভরশীল। ধর্মীয় আচার-অনুষ্ঠান ও আনন্দ-উৎসবসহ সব ক্ষেত্রেই মুসলিম উম্মাহ হিজরি সনের অনুসারী।

দুঃখজনক হলেও সত্য যে, হিজরি সনের পহেলা মাস মহররম একের পর এক আমাদের দুয়ারে উপস্থিত হয় ঠিক; কিন্তু হিজরি সনের শুভ আগমন উপলক্ষে হৈচৈ নেই, নেই কোনো প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়ার বিশেষ কোনো আয়োজন। যেমনভাবে বিশেষ আয়োজন পরিলক্ষিত হয় ইংরেজি নববর্ষের আগমনে। বাংলা ও ইংরেজি নববর্ষকে যেভাবে গুরুত্ব দিয়ে আনুষ্ঠানিকতার মাধ্যমে উদযাপন করা এরপর ৪৬ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি

Prayer Times For New York City — জুলাই-২০২৪

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ১৩ | ৪:০১ | ৫:৩৬ | ০১:০২ | ৫:০১ | ৮:২৭ | ১০:০৩ |
| ১৪ | ৪:০২ | ৫:৩৭ | ০১:০২ | ৫:০১ | ৮:২৬ | ১০:০২ |
| ১৫ | ৪:০৩ | ৫:৩৮ | ০১:০২ | ৫:০০ | ৮:২৬ | ১০:০১ |
| ১৬ | ৪:০৪ | ৫:৩৯ | ০১:০২ | ৫:০০ | ৮:২৫ | ১০:০০ |
| ১৭ | ৪:০৫ | ৫:৪০ | ০১:০২ | ৫:০০ | ৮:২৫ | ০৯:৫৯ |
| ১৮ | ৪:০৬ | ৫:৪০ | ০১:০২ | ৫:০০ | ৮:২৪ | ০৯:৫৮ |
| ১৯ | ৪:০৭ | ৫:৪১ | ০১:০২ | ৫:০০ | ৮:২৩ | ০৯:৫৭ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

# 347-659-8842

## 7 DAYS OPEN



আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)

রম্য লেখা



# এক অলৌকিক হলুদ আলো



জসিম মল্লিক

১

এক অদ্ভুত আলো আঁধারি সময় পার করছি তখন আমি। এক একটা সময় আসে মানুষের জীবনে। এ রকম হয়। মানুষ যে আসলে কত অসহায় তা বোঝা যায় কখনও কখনও। এই যেমন এখন। খুউব অসহায় লাগছে। এই রকম দিনগুলোতে কেমন শূন্য করে দিয়ে যায় সবকিছু। এই যে মানুষ জন্মাচ্ছে পৃথিবীতে, বেঁচে থাকছে, কাম-ক্রোধ-লোভের হাত ধরে চলেছে এরা তো আসলে জানেনা কেনো জন্ম, কেন এই জীবন, মৃত্যুই বা কেন! তাই পৃথিবীতে রয়েছে সবসময় এক ঘোর অন্ধাকার, কিন্তু মানুষ সেটা বুঝতেই পারে না। তাদেরই মন থেকে অন্ধকার ছড়িয়ে যাচ্ছে পৃথিবীতে। যতটুকু দেখে মানুষ ততটুকু আসলে কিছু নয়, তার চেয়ে অনেক বেশি কিছু যা সে দেখতে পায় না। মানুষের বেদনাগুলোও তাই। দেখা যায় না। আপনজন হারানোর বেদনা বিশেষ করে মা-বাবা বা সন্তান হারানোর বেদনা যে কত তীব্র তা যে হারায় সেই অনুভব করে।

এই যে আমার মা চলে গেলেন। এখন শুধু মায়ের স্মৃতি নিয়ে বেঁচে থাকা। কত স্মৃতি ভীড় করে আসে মনে। পেয়ারাতলার ছোট্ট খুপরি রান্নাঘরটায় মা নিশ্চল বসে থাকতো। একটু কুঁজো হয়ে কেমন ছেলেমানুষের মতো বসবার ভঙ্গি ছিল মা'র। যেন কোনও কিশোরীবেলার চিন্তায় বিভোর। সারাদিন কাঠকুড়ুনির মতো কুঁজো হয়ে হয়ে মা সারা ঘর ঘুরে বেড়ায়, খুঁজে খুঁজে ময়লা বের করে ঘর থেকে, বার বার সামান্য জিনিসগুলো গুছিয়ে রাখে, বিছানার চাদর টান করে অকারণে, তারই ফাঁকে ফাঁকে হঠাৎ শূন্য হয়ে যায় মার চোখ, শিশুর মতো বোকা হয়ে যায় ভোবড়ানো মুখ। যেন চার দিকের এই ঘরবাড়ি, ছোটখাটো জিনিসপত্র, এই ছোট্ট সংসার- এর কোনও কিছুর অর্থই মা বুঝতে পারে না। হাঁটু মুড়ে ছোটখাটো হয়ে মা সবসময় ঘুমোতো, নিঃসাড় সেই ঘুম, আর মাঝে মাঝে সেই মুখে একটু একটু হাসি ফুটে উঠে মিলিয়ে যেতো। তখন মনে হয় মা স্বপ্ন দেখছে- সেই কিশোরীবেলার স্বপ্ন। এক দূর গঞ্জ কিংবা গাঁয়ের স্বপ্ন, যার সঙ্গে এই চারপাশের জীবনের লক্ষ লক্ষ মাইলের তফাত।



২

অপরাহ্নে এক-একদিন উঠোনে একটা অদ্ভুত আলো এসে পড়ত। শালিখের পায়ের মতো হলুদ তার রং। পাঁচালির ছায়া ঘর ছাড়িয়ে অর্ধেক উঠোন পর্যন্ত চলে যায়। পেয়ারা গাছে ফিরে আসে পাখির ঝাঁক। সেই অলৌকিক হলুদ আলো-আঁধারিতে মা কুঁজো হয়ে সড়সড় করে উঠোন ঝাঁট দেয়, বিড় বিড় করে কী যেনো কথা বলে নিজের সঙ্গে। ঝাঁট দেওয়া শেষ হলে মা ঘটি থেকে পানি ছিটিয়ে দেয় সারা উঠোন। ঠিক সেই সময় দূরে কোথাও বাচ্চা ছেলেদের খেলা ভাঙে- তাদের হাসি চিৎকারের শব্দ ভেসে আসে। কোথা থেকে উঠোনে এসে পড়ে বিষন্ন সব ছায়া আর ছায়া। ভেজা মাটির গন্ধ মন্থর বাতাসে ভারী হয়ে ওঠে। তখন মা ডেকে বলে যা, ঘরে যা, সন্ধ্যা হয়ে গেছে। তখন অপরাহ্নের নিঃশেষ আলোয়, দীর্ঘ গাঢ় ছায়ার দিকে চেয়ে থেকে বহুদুরের এক নিস্তব্দতার কণ্ঠস্বর শোনা যায়। তখন ছোট্ট উঠোনটায় শব্দহীন ভাবে শেষ হয়ে যায় এক একটা দিন।

দিন যায়। এভাবেই আমার দিন যায়। মা চলে যাওয়ার পর আমি কেমন নির্ভার হয়ে গেছি। নিজেকে কেমন হালকা মনে হয়। পাখীর পালকের মতো। যখন মা ছিলো তখন কত চিন্তা ছিল মাকে নিয়ে। নিয়ম করে ফোন করতে হবে, ছুটি ছাটার জন্য চেষ্টা করতে হবে। সেলের টিকেট খুঁজতে হবে। মাঝে মাঝে ফোন করা হয়ে উঠতনা। অকস্মাৎ মনে হয় আরে অনেকদিনতো মার সাথে কথা হয় না! শেষ কিছু দিন আমার কথা মা কিছুই শুনতে পেতো না। এই অবস্থায়ই চলে গেলো মা। ওই ছোট্ট ঘরটায় মা আর নেই। কিন্তু আমি দেখতে পাচ্ছি মা শুয়ে আছেন। মা যে নেই সেই দৃশ্য আমি দেখিনি। আমার কল্পনায় এখনও মা আছেন। তাই ওই শূন্য ঘরের বেদনার্ত হাহাকার অনুভব করার কোনো ইচ্ছে আমার নেই। আমি সহ্য করতে পারবো না ওই শূণ্যতা।

৩

আমি ফোন করি, মা কেমন আছেন! মা বলতেন ভালো নেই। আমি ভালো নেই। মা ভালো নেই, ভাল থাকার কথাও নয়। শেষ দিকে লাম্বাগো আর বাতে প্রায় পঙ্গু মা ভাল করে হাঁটাচলা করতে পারতো না, প্রায় সময়েই হামাগুড়ি দিয়ে কাজকর্ম করে। মাকে ভাল রাখার চেষ্টা কি আমি করেছি! এখন মনে হয় আরও অনেক কিছু করার ছিল। অনেক কিছু। প্রতিবার যখন দেশে যাই ভাবি এবার মার কাছে বেশী করে থাকবো। মনে আছে অনেক বড় হয়েও আমি মায়ের কাছে ঘুমিয়েছি। মায়ের বুকে মুখ রেখে ঘুমানোর অভ্যাস ছিল আমার।

বহুবারেই যখন মাকে দেখতে যাই মনে হয় মার চেহারা আরো পাল্টে গেছে। আরও রোগা কিংবা বুড়ো হয়ে গেছে। মনে হয় যেন মা আরও বোকা হয়ে গেছে। মুখটা সামান্য খোলা, ভ্যাবলা একটা বোধবুদ্ধিহীন দৃষ্টি তার চোখে। আমাকে দেখে নীচের ঠোঁটটা আবেগে সামান্য কাঁপছে। মা তাকিয়ে থাকে। রোগা দুটো হাতে ভর দিয়ে বিছানা থেকে মা উঠবার চেষ্টা করে। একবার কোথাও বসলে মা আর সহজে

এরপর ৩৮ পৃষ্ঠায়

# এ সপ্তাহের কবিতা



## বর্ষার ছবি

অভীক বসু

কদমের বনে হুল্লোড় জাগে নব বর্ষার ধারা
উত্তাপে যারা দগ্ধ হয়েছে আজ তারা মাতোয়ারা,
বর্ষা এসেছে খবর এনেছে বৃষ্টির ভেজা হাওয়া
ভাবনায় কবি বিভোর হয়েছে, হয়নি নাওয়া খাওয়া,
জমা জল ভেঙে বই খাতা নিয়ে ছাত্ররা দলে দলে
কাগজের নৌ বানিয়ে শিশুরা ভাসিয়ে দিয়েছে জলে,
ভেজা কাক এক কার্নিশে বসে চেঁচিয়ে চলেছে কা কা
সে যেন জীবনে অনেক দেখেছে বুঝে গেছে সব ফাঁকা,
দুঃখ বেদনা আকাশের বুকে জমে আছে থরে থরে
আকাশের যত না বলা কাহিনী বৃষ্টি হয়ে সে ঝরে।

লেখক: কবি, কলকাতা।



## আমার না-লেখা কবিতাটি

আসাদ মান্নান

দুরন্ত মেঘের পিঠে মাঝে মাঝে চোখ মেলে দেখি
মোহিনী নারীর মতো মনোরম শরীর দুলিয়ে
নগ্ন পায়ে হেঁটে যাচ্ছে আমার না-লেখা কবিতাটি;
কুয়াশায় হতাশায় তাকে পেতে আশার আলোয়
টকটকে পূর্ণিমায় কত ঘোর অমাবস্যা নামে;
মন্দিরে মন্দিরা বাজে, নিরালোকে দীপাবলী জ্বেলে
অপেক্ষার উপকূলে চন্দ্রালোকে শব্দের আগুন
জ্বালিয়ে দিয়েছে এক অলৌকিক রহস্যের দেবী।

কবিতার জন্য আমি নারী আর নদীর পেছনে
কত যে ছুটেছি! ছুটতে ছুটতে ক্লান্ত হয়ে
পড়ে আছি শূন্যতার কোলে;
শূন্য থেকে মহাশূন্যে ডানাহীন
উড়ন্ত মেঘের পিঠে চড়ে চৈতন্য রহিত এক
অন্ধ তীরন্দাজ ছুটছে-কেউ তাকে থামাতে পারে না:
অন্ধকারে ধীরে ধীরে দৃষ্টি জুড়ে পর্দা সরে যায়:
আমাদের যতীন বাবুর ওই বাঁশ বাগানের
মাথার উপরে দেখি মাধবী লতার মতো
বাঁকা একফালি খুকু চাঁদ ওঠে একা একা;
আচানক দেখা গেলা তার বুকে দুর্নিবার প্রমত্ত ঝড়ের
ঘূর্ণি তালে আদিগন্ত দুলে ওঠে কবির নিখিল;
রহস্যের জাল বুনতে বুনতে সে আসে নীরব স্রোতে
গা ভাসিয়ে, যেন এক নিরুদ্বিগ্ন শাদা রাজহাঁস,
বাতাসে কম্পন তুলে ভেসে যাচ্ছে পরম নিশ্চিন্তে।

তারপর দেখতে দেখতে দীর্ঘ উপত্যকা পার হয়ে
জীর্ণ শীর্ণ নদীতীরে বেলা ডুবে যায়, খেলা শেষ:
আমার হলো না আর লেখা সেই প্রিয় কবিতাটি,
যে কবিতা লিখতে গিয়ে হারিয়েছি নিজস্ব নারীকে।
কী সুন্দর বৃষ্টি হচ্ছে বাইরে এখন! তবু কেন
নিশ্চল গোধূলি নামে চিলে ঢালা মেঘের যোনিতে;
বুকের ভেতরে বয়ে যাচ্ছে এ কেমন লু হাওয়া!
বালুঝড়ে লণ্ডভণ্ড মরূদ্যান বসতি খামার--
মাঝে মাঝে এ রকম হয় --কবিতা উটের মতো
গ্রীবাটা বাঁকিয়ে মুখ থুবড়ে পড়ে থাকে অগোচরে;
কখনো বা মাথার খোড়লে ঢুকে কৃমির মতন
নড়াচড়া করে; আবার কখনো দেখি হিমাগারে
এক মৃত কাছিমের মতো চিৎ হয়ে পড়ে আছে --
সব কিছু তছনছ হয়ে যাচ্ছে,
আমি সুন্দরের পাপড়ি ছুঁয়ে কবিতাকে উঠে আসতে বলেছি যখন
সে তখন আমার উঠোন ছেড়ে চলে গেছে দূরে
বহু দূরে হাজার শতাব্দী দূরে মেঘের ওপারে --
আমার হলো না আর কবিতার সঙ্গে সহবাস:
চালাক চতুর আর ধোঁকাবাজ খ্যাতির বেপারী
বেহায়া পিরীতি নিয়ে ফুর্তি করে প্রেমের ভাগাড়ে;
তুমি প্রিয় শব্দপীর! কবিতার ধ্যানী মহাদেব
আমাকে উদ্ধার করে নিয়ে যাও তোমার আশ্রমে।

লেখক: কবি, ঢাকা।



## কাব্যকথার ভাগ্য

এ কে আজাদ

কাব্য-কথার আকাশ জুড়ে উড়তে গেলে পায়রা,
শকুন এসে খামচে ধরে কুলের মত টায়রা।

ছন্দকথার টিয়া পাখির বুকে মারে তীর,
দলের কুলি কাস্তে হাতে ভাঙে পাখির নীড়।

কোথায় কিসের ছন্দ আছে? স্বপ্ন লাগে মনে,
দলবাজিতে কাব্যশীলন টানছে কেবল বনে।

বনের ভেতর ছলোগুলোর নখের আকার মস্ত,
অজ-বনের শূকর বলে- আমার দলের নস্ তো!

বিষাক্ত সব সর্প দর্পে ভীষণ রকম ধমকায়,
ইচ্ছে হলেই কামড়ে দেবে- শুনে পিলে চমকায়!

কবির মেধা মাপার তুলা- কোন্ ঘরানার কর্মী?
কে জানে কার নিম্নে আসন, কার যে উচ্চধর্মী!

কার কলমে শক্তি কেমন- নেই হিসেবে মাত্র,
বিবেচনার নিক্তি এখন হিরক রাজার পাত্র!

ভালবাসা, গলাগলি - নেই কো নীতির দর্শন,
অর্থবাদের স্বার্থভূমি হচ্ছে এখন কর্ষণ।

ভিরমি খেয়ে ভাবছি বসে- মাথা না কি পেশী-
কাব্য-রানির আশীর্বাদ যে কার উপরে বেশী!

অসির চেয়ে মসি বড়- আগে ছিল মন্ত্র,
এখন মসি কইলে কথা- অসি কাটে অন্ত্র।

ফুলের বনে পেঁচারা সব সুবাস মাপে পাল্লায়,
কাব্য-কথার ভাগ্য কি তা জানে শুধু আল্লায়!

লেখক: কবি, বাংলাদেশ।

# Gov. Hochul denies rift with Lt. Gov. Delgado after his call for President Biden to end reelection bid




*New York Gov. Kathy Hochul stands with Lieutenant governor Antonio Delgado during the primary election night party, Tuesday, June 28, 2022, in New York. AP Photo*

**● Politics**

**Shah Nawaz**

Gov. Kathy Hochul on Thursday insisted she is not angry with Lt. Gov. Antonio Delgado despite his surprising announcement Wednesday calling for President Joseph Biden to end his reelection bid. Hochul, a steadfast supporter of Biden, told reporters during an unrelated July 11 press event in Manhattan that she was not shocked by Delgado's announcement. "It's not a surprise that there are various voices that have emerged with different opinions within the Democratic party, but I stand firmly with the president," Hochul said. Delgado, who has mostly kept a low profile as Hochul's number 2, posted a statement on social media saying that he shares the same "legitimate concerns" as many of his fellow Democrats over Biden's ability to beat former President Donald Trump in the November presidential election. The statement was posted as Democrats across the country are questioning Biden's viability following his disastrous debate performance against Trump late last month. "I believe we should move forward with a nominee capable of reinvigorating and re-energizing Americans who are determined to protect our democracy, and who want to do so with a candidate they believe can win," Delgado posted. Delgado's statement marks a major break from the governor, who has been an outspoken supporter of the president. She has strongly backed Biden throughout the race and serves as one of his campaign surrogates. It is the first time Delgado has publicly diverged from Hochul, who appointed him lieutenant governor in 2022 following the resignation of his predecessor, Brian Benjamin. Benjamin stepped down after being hit with corruption charges brought by the US Attorney's office in Manhattan. Hochul confirmed reports that Delgado called her before releasing the statement on Wednesday to give her a heads up, adding that she was in transit when she received the call.

**● Opinion**

## Op-Ed | An open letter to Andrew Cuomo



**Dear Former Governor Cuomo**

We have known you and your family, and collaborated with you throughout your career in public service, for years. We've worked together, broken bread together, and fought side-by-side together on a range of critical issues. Through all the ups and downs, we've always managed to find common ground. That's why we were so surprised, disappointed, and angered by your recent op-ed on antisemitism that singled-out for criticism Manhattan D.A. Alvin Bragg, the first Black person to hold this prestigious position. We strongly condemn the terrorist attacks that occurred on October 7, and all subsequent antisemitism and targeted violence that has occurred across the city, including at college campuses, since that awful day. D.A. Bragg does as well. He attended the UJA Federation & JCRC rally on October 10 and joined elected leaders at Congregation Ansche Chesed to mourn and pray. But you not only ignored or got flat-out wrong so many truths about D.A. Bragg's career commitment to fighting hate and antisemitism; you also mysteriously ignored virtually identical charging decisions in very similar situations by several white prosecutors across the state. The sad truth is many in New York and across the country have made the cynical decision to bolster themselves and their political ambitions with false smears against D.A. Bragg. He's been vilified unfairly in the national media; deluged with vile racist attacks, and bomb and death threats for simply doing his job; and routinely attacked by anyone and everyone seemingly looking for a quick, cheap headline to advance themselves. We fear that your recent op-ed is a craven replication of the worst, basest instincts of other self-serving politicians, because of so much you got wrong, and so much you left out. For instance, if you had taken the time to gather all the facts, you would have learned that: There are more than 30 protest cases still ongoing at both Columbia University and City College, including felony charges of Assault in the Second Degree and charges related to trespass and burglary. D.A. Bragg's Office conducted a joint investigation with NYPD and charged Anas Saleh for Coercion in the Third Degree for threatening "Zionist" passengers on the subway on June 10.

# Argentina vs. Colombia

## 2024 Copa America final

**Mohammad Hasanuzzaman**

The Copa América final features two teams entering on streaks. Argentina has won its last two major tournaments as the reigning champion of both this tournament and the World Cup. Colombia has gone 28 matches unbeaten, an all-time run for Los Cafeteros.

Argentina is favored to continue its streak Sunday in South Florida. Lionel Messi's team is a commanding -175 in the odds to win the 2024 Copa América.

If Argentina wins, it will be a third straight trophy for a national team, and Messi more specifically, that not long ago was derided for not winning anything despite loads of talent. The last two triumphs have reframed what has been a ridiculous run for La Albiceleste. Starting with the 2014 World Cup, Argentina has made the semifinals in seven of the last eight major tournaments. The lone early exit was the 2018 World Cup, which while disappointing also saw Argentina's two losses come to the two finalists (France and Croatia).



*Lionel Messi of Argentina drives the ball during the CONMEBOL Copa America 2024 semifinal match between Canada and Argentina at MetLife Stadium on July 09, 2024 in East Rutherford, New Jersey. Photo by Getty Images*

This is Argentina's sixth final since 2014. Four of the previous five went to extra time and three went to penalties. The 2021 Copa América final, which Argentina won 1-0 against Brazil, was the only final in that run decided in regular time. Despite how heavily favored Argentina is in the odds, Colombia will not be an easy team to beat. Colombia's 28-match unbeaten run includes wins against Germany, Brazil (in a World Cup qualifier), Spain and now Uruguay in the semifinal of this tournament. The team has not lost with Argentine manager Néstor Lorenzo in charge, but Argentina was also the last team to beat Colombia. That was in a World Cup qualifier on Feb. 1, 2022. Colombia last beat Argentina more than five years ago in the group stage of the 2019 Copa América.

Argentina has the best defensive record of this tournament, allowing just one goal in five matches. That one goal against Ecuador was nearly fatal. Kevin Rodríguez's 92nd-minute goal sent that quarterfinal to penalties, where Argentina goalkeeper Emiliano Martínez did his thing and made two stops to save Argentina.

Meanwhile, Colombia has scored the most goals in this tournament with 12 through five matches. Four players have scored twice (Jhon Córdoba, Luis Díaz, Jefferson Lerma and Daniel Muñoz) for Colombia, although Muñoz will be suspended after being sent off for getting two yellow cards in the semifinal win against Uruguay.

With those two opposites going head-to-head, what style will win out in this match? Will Colombia be able to make this match a more open affair like many of the team's previous matches in this tournament? Will Argentina maintain control as the patient, defensively solid team it has been so far?

The goal total odds put it somewhere in the middle with over 1.5 goals listed at -190 odds. For context, the Spain-England Euro 2024 final has -210 odds for over 1.5 total goals, showing that match is expected to be slightly higher-scoring. Argentina's Lautaro Martinez has four goals this tournament, making him the overwhelming favorite to finish as the golden boot winner. Argentina is seeking its 16th Copa América title, which would break a tie with Uruguay for the most all-time. Even with that record, Argentina has just one Copa América title in the last 30 years.

Colombia has won Copa América once. That was in 2001 when Colombia hosted the tournament and Argentina did not participate. With that context, a win on Sunday could be the greatest achievement in the history of the Colombian national team.

No matter what happens, it's likely to be a heck of a party in Miami. South Florida is home to significant populations from both countries.

# Queens can be a home for everyone

**• Op-Ed**

*By* **Gabriela Sandoval Requena**

When my family and I moved to the United States 23 years ago from Santiago, Chile, it was difficult to find an affordable home for us, especially in a safe neighborhood with good schools.



As is the case for many newcomers, the only suitable home we could find in our budget was a basement apartment, rented from a fellow immigrant family looking to make some supplemental income from underutilized space in their house. The basement apartment gave my family an opportunity to gain our footing as we started our new lives in America, but the fact that it was illegal always left us on edge.

My family's story highlights a major issue facing Queens, New York City, and the entire state as a whole – it's just far too difficult to find quality housing that working-class families can afford. For apartments renting for less than $2,400, the vacancy rate is less than 1%, the lowest it has been in decades. For many families, including mine, the only options are illegal basement rentals, which usually lack the most basic safety measures and prevent folks from having the tenant protections to which New Yorkers are usually entitled.

I know firsthand the struggle of finding a good place to live in the city. If Queens wants to continue to be one of the best places to live in the country, we need to build more housing and make it more accessible to everyone. With the City of Yes plan, we have the chance to do just that.

City of Yes, part of Mayor Adams' plan to create a more inclusive New York, offers a plethora of ways to help increase the level and quality of housing in Queens and make it a more affordable and welcoming place for immigrants, domestic violence survivors, and everyone else who wants to make the World's Borough their home. One of the most impactful ways to do that is to legalize and expand accessory dwelling units (ADUs) like backyard cottages, granny flats, and basement apartments, just like the one my family and I lived in when we moved to New York.

Allowing communities to introduce ADUs can help homeowners develop new revenue streams and mitigate their rising expenses, especially older New York residents with limited income but available space in their home. This strategy is beneficial for everyone, as homeowners get extra cash and families looking to move to Queens have even more safe options when it comes to finding an affordable home. In 2021, eleven Queens residents perished in their basement apartments when Hurricane Ida's heavy rainfall overwhelmed the sewer system and flooded their homes. With countless unregulated ADUs already across Queens, legalizing this type of development would give added protection to the homeowners and renters alike when the next storm and flash floods put their lives at risk.

But ADU legalization alone is not the only reform that would help make Queens a more inviting borough to live in – increasing town center zoning and transit-oriented development would be hugely beneficial to our communities. Across Queens, there are dozens of vibrant streets and commercial corridors that are the bedrocks of our neighborhoods, and yet it has been exceptionally difficult to build more mixed-use buildings in these areas since the 1950s. By relegalizing this type of mixed-use development, Queens could create both much-needed new housing and opportunities for small, community-oriented businesses to thrive. Just like with mixed-use housing along commercial corridors, building new multifamily homes in the vicinity of mass transit like subway stops has been essentially illegal since the 1950s – this must change. Large lots within walking distance of public transit are obvious solutions for our housing crisis, as these centrally located homes would make it easier for our neighbors to get to work across the city, lower our dependence on cars, and help reduce emission and make New York a cleaner and healthier city for everyone. We should institute the City of Yes plan to make this a reality.

I know the struggle of finding an affordable places in New York to live, a struggle that thousands of other working-class families, immigrants, and domestic violence survivors face every day. Now, we have a chance to rectify these issues and make Queens a stronger borough that can be a home to everyone, no matter their income level. I strongly urge my Council Member, Lynn Schulman, along with every other member of the City Council, to quickly pass City of Yes into law.

# Chanchal Chowdhury receives award from Parambrata Chattopadhyay

**• Entertainment**

**Ajkal Report**

Two distinguished actors hailing from the two Bengals—one from Bangladesh and the other from India—are making waves in the Bengali film industry. The talents in question are Chanchal Chowdhury and Parambrata Chattopadhyay. Both celebrated for their exceptional acting prowess, recently crossed each other's paths. This year, the



North American Bengali Conference (NABC) introduced an award named after an esteemed figure, and Chanchal Chowdhury was honoured as the first recipient. The actor expressed his gratitude acknowledging, "My friend, actor Parambrata, presented the award to me." Chanchal Chowdhury has been in the United States for several days to attend two award ceremonies. The "Aynabaji" actor posted about his recent visit to the US, where he recounted the highlights and memorable times during his trip. Along with his narrative, he included two photographs of him receiving awards.

In his post, The actor wrote about his America tour, mentioning that his initial destination was New York for the Dhallywood Award 2024, followed by a trip to Chicago, where he received the Best Actor Award at NABC 2024. The actor has previously received the Dhallywood Award multiple times, with gratitude to Alamgir Khan Alam. Chanchal remarked, "However, this time, I feel particularly honoured and thrilled to receive the Best Actor Award at NABC 2024. This award holds special significance as it is the respected Sunetra Ghatak Memorial Award, named in memory of the mother of renowned West Bengal actor Parambrata Chatterjee."

At the end of the post, he introduced Sunetra Ghatak, noting that the esteemed Sunetra was a renowned filmmaker of the subcontinent and the niece of Ritwik Kumar Ghatak.

Holding the award in his hand, Chanchal Chowdhury expressed his gratitude, stating "I am deeply thankful to the NABC authorities for bestowing this special honour upon me. Here's to the continued success of Bengali cinema." Established in 1981, the North American Bengali Conference (NABC) is a significant event where expatriate Bengalis in the US and Canada host various programmes featuring numerous stars. Each year, celebrities from India's West Bengal join the festivities.

**• Crime**



*The NYPD re-released video of the fatal shooting of a South Jamaica mother of two, hoping it sparks someone's memory of the gunman before the investigation goes to the cold case file.*

# Chilling video of South Jamaica mom's murder re-released

**Abubakar Siddique**

Homicide detectives out of the 113th Precinct in Jamaica re-released video of a suspect wanted in connection to a heinous murder of a mother in South Jamaica back in 2021, hoping to catch a break in the investigation before it becomes a cold case in December.

In a fatal shooting that shocked Southeast Queens just days before Christmas, a gunman was seen in a chilling surveillance video approaching 39-year-old Dawn Peterson in front of her home at 155-37 Foch Blvd. after she started her car at 6:21 a.m. on Friday, Dec. 17.

The suspect fired multiple shots, striking the mother of two in her chest and back, even when she was in a prone position on the roadway. The suspect drove away from the crime scene in a silver sedan that had been parked at 155th Street near 116th Drive, police said.

EMS responded to the location and rushed Peterson to Jamaica Hospital Medical Center, where she was pronounced dead. Crime scene investigators collected evidence, including seven shell casings. The gunman has remained at large for more than two-and-a-half years and the investigation remains ongoing.



## টেক্সাসে বেরিলের তান্ডবে বিদ্যুৎহীন ২৭ লাখ লোক, বাতিল ১৩০০ ফ্লাইট

৬২ পৃষ্ঠার পর

করেছে। কয়েক দিন আগে এই হ্যারিকেন ক্যারিবিয়ান অঞ্চলে আঘাত হানে এবং এতে কমপক্ষে ১০ জন নিহত হয়েছিল। টেক্সাসে সোমবার ৫৩ বছর বয়সী এক ব্যক্তি মারা গেছেন। মূলত বাতাসের ধাক্কায় বিদ্যুতের লাইন ভেঙে পড়ায় এবং হ্যারিস কাউন্টিতে তার বাড়িতে গাছ ভেঙে পড়ে প্রাণ হারান তিনি। গাছ ভেঙে বাড়ির ওপরে পড়ার ফলে তার ছাদ ধসে পড়েছিল। একই কাউন্টিতে হিউস্টনের কিছু অংশও রয়েছে এবং সেখানে ৭৪ বছর বয়সী এক বৃদ্ধার বাড়ির ছাদে গাছ ভেঙে পড়ার পরে মারা গেছেন বলে খবর পাওয়া গেছে। ওই বৃদ্ধার নাতনি পুলিশকে পরে খবর দেন।
সোমবারের এই ঝড়ের পর হিউস্টনের শহরতলিতে পুলিশ ইতোমধ্যেই উদ্ধার কার্যক্রম পরিচালনা শুরু করেছে। মার্কিন পূর্বাভাস প্রদানকারী সংস্থা অ্যাকুওয়েদারের মতে, জুলাই মাসে টেক্সাসের এই ধরনের হ্যারিকেনের আঘাত বেশ কিছুটা বিরল। মূলত হিউস্টন একটি নিচু উপকূলীয় শহর এবং এটি বরাবরই বন্যার জন্য ঝুঁকিপূর্ণ। দুর্যোগের সময় হিউস্টন এলাকায় বাতাসের একটানা গতিবেগ ঘণ্টায় ৭৫ মাইল বা ১২০ কিলোমিটারে পৌঁছেছিল এবং জোরো বাতাসের গতিসীমা ঘণ্টায় ৮৭ মাইল বা ১৪০ কিলোমিটার পর্যন্ত পৌঁছেছিল বলে জানানো হয়েছে।
এছাড়া ঝড়ের সময় মুষলধারে বৃষ্টিপাতের কারণে আকস্মিক বন্যাও দেখা দিয়েছে। মূলত যে সমস্ত এলাকায় মাত্র কয়েক ঘণ্টার মধ্যে ব্যাপক বৃষ্টি হয়েছে, সেসব এলাকা বন্যার পানিতে প্লাবিত হয়েছে।
পাওয়ারআউটেজ.ইউএস-এর তথ্য মতে, সোমবার বিকেল পর্যন্ত টেক্সাসের ২৭ লাখেরও বেশি গ্রাহক বিদ্যুৎবিহীন রয়েছেন। এছাড়া ফ্লাইটঅ্যাওয়ার.কম-এর তথ্য অনুসারে, হিউস্টনের বৃহত্তম বিমানবন্দর বুশ ইন্টারকন্টিনেন্টাল বিমানবন্দরে ১ হাজার ৯৭টি ফ্লাইট বাতিল করা হয়েছে।

## সিকিউরিটি প্রহরায় বাফেলো বিএনপির সভা

৬২ পৃষ্ঠার পর

বাফেলো শহরের লাভ বার্ড রেস্টুরেন্টের এ সভায় সভাপতিত্ব করেন বিএনপি নেতা নাজমুল ভূঁইয়া।
প্রধান অতিথি ছিলেন নিউইয়র্ক স্টেট বিএনপির সভাপতি অলিউল্লাহ মোহাম্মদ আতিকুর রহমান। প্রধান বক্তা স্টেট বিএনপির সাধারণ সম্পাদক সাইদুর রহমান সাঈদ। বিশেষ অতিথি ছিলেন আতিকুর রহমান আতিক ও মোহাম্মদ রইস উদ্দিন, আমিনুল ইসলাম, অতিথিবৃন্দ ছাড়াও অনুষ্ঠানের বিশৃঙ্খলা পরিস্থিতির আলোকে বক্তব্য দেন ঢাকা মহানগর স্বেচ্ছাসেবক দলের সাবেক সদস্য সচিব আব্দুর রহিম, নিউইয়র্ক সিটি বিএনপি নেতা আবু জাফর কয়াজী, জাহেদ মোল্লা, বাফেলো বিএনপি নেতা মেজবাহ উদ্দিন, তানভীর আহমেদ, জামাল উদ্দিন, শামীম মিয়া, জাহাঙ্গীর সোহেল প্রমুখ। বাফেলোর নাজমুল আলম, হাবিবুর রহমান হাবিব এবং সিরাজুদ্দৌলাহ বাবুল বিশেষ অতিথি মঞ্চে ছিলেন। যৌথভাবে সঞ্চালনা করেন তরিকুল ইসলাম প্রিন্স মৃধা, সোহেল হাওলাদার এবং ইমতিয়াজ সোয়াল।
জানা গেছে, নিউইয়র্ক স্টেট বিএনপির সাবেক সভাপতি আব্দুল বাসার, সদ্য সাবেক যুগ্ম আহবায়ক মতিউর রহমান লিটু, ব্রুকলিন বিএনপির সাবেক সভাপতি কামাল উদ্দিন সহ কয়েকজনকে সম্মান প্রদর্শন না করায় অনুষ্ঠানের শুরুতেই অনেকে ক্ষিপ্ত হয়ে ওঠেন। অনুষ্ঠানস্থ উত্তপ্ত হওয়ার আগেই আয়োজকরা আনুষ্ঠানিকভাবে ক্ষমা চাইলে পরিস্থিতি স্বাভাবিক হয়ে ওঠে এবং পরবর্তীতে সিকিউরিটি প্রহরায় সম্পন্ন হয় পুরো অনুষ্ঠান।
বাফেলোতে বিএনপির কমিটি গঠনের প্রক্রিয়া চলছে বেশ কিছুদিন আগে থেকে। এ নিয়ে নিজেদের মধ্যে নেতৃত্বের প্রতিযোগিতা নিয়ে উত্তেজনা ছড়িয়ে পড়েছিল দলীয় প্রধানের রোগমুক্তির আলোচনা সভাতেও। তবে সিকিউরিটি উপস্থিতি ও বিএনপি নেতাদের হস্তক্ষেপে ঘটনায় তা বেশীদূর গড়াতে পারেনি। এ ব্যাপারে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্ক স্টেট বিএনপির সভাপতি অলিউল্লাহ মোহাম্মদ আতিকুর রহমানের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, সে রকম হট্টগোল ও বিশৃঙ্খলার সৃষ্টি হয় নাই। পদ-পদবী নিয়ে কয়েকজনের মধ্যে ভুল বুঝাবুঝির সৃষ্টি হয়। পরে সুন্দর ভাবে অনুষ্ঠান শেষ হয়।
বক্তারা বেগম খালেদা জিয়ার চিকিৎসা নিয়ে সরকারের খামখেয়ালিপনার সমালোচনা করেন এবং তার কিছু হলে সমস্ত দায় শেখ হাসিনার সরকারকে বহন করতে হবে বলে বলা হয়। বক্তারা বাংলাদেশে চলমান গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলন দমনে সরকারের বিভিন্ন ধরনের জুলুম-নির্যাতনেরও কঠোর সমালোচনা করেন।
সভায় অতিথিরা বলেন,অন্য সকল সিটি ও স্টেটের মতো বাফেলো বিএনপির কমিটিও গোপন ব্যালটে গঠিত হবে। বিএনপির কেন্দ্রীয় আন্তর্জাতিক সম্পাদকের নির্দেশ পেলেই স্টেট বিএনপি বিস্তারিত কর্মসূচি ঘোষণা করা হবে।



## কেন্টাকিতে জন্মদিনের পার্টিতে বন্দুক হামলা, মৃত ৪ জন

৬২ পৃষ্ঠার পর

চলছে। ধরা পড়ার ভয়ে আত্মহত্যা করে বন্দুকবাজও। কী কারণে এই হামলা, তা খতিয়ে দেখছে পুলিশ।
পুলিশ সূত্রে খবর, শনিবার রাতে বাড়িওয়ালার ২১ বছর বয়সি ছেলের জন্মদিনের পার্টিতে হাজির হয়েছিলেন অনেকে। সেই পার্টিতে ঢুকে গুলি চালাতে থাকে এক বন্দুকবাজ। তাতে মৃত্যু হয় বাড়িওয়ালার। ফ্লোরেন্সের পুলিশ প্রধান জেফ ম্যালোরি বলেন, ২০ বছরের ওই বন্দুকবাজ পার্টিতে আমন্ত্রিত ছিলেন না। তবে তিনি পার্টিতে উপস্থিত অনেককেই চিনতেন। গুলি চালিয়ে পালিয়ে যাওয়ার সময় তাকে ধাওয়া করে পুলিশ। হামলাকারীর গাড়িটি পিছলে রাস্তার পাশে নালায় পড়ে যায়। পুলিশের হাতে ধরা পড়ার ভয়ে তখন সে নিজের উপর গুলি চালায়। হাসপাতালে নিয়ে যাওয়া হলে তাকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকরা।

## নিউইয়র্কের সৈকতে  জোছনা উৎসব ২২ জুলাই

৬৪ পৃষ্ঠার পর

সাংবাদিক ও কমিউনিটি এক্টিভিস্ট শিতাংশু গুহ এবং ব্যবসায়ী ও রাজনীতিক নুরুল আমিন বাবু।
নাচ, গান, কবিতা ও পুঁথিপাঠসহ সব বয়সী মানুষের জন্য থাকবে নানা আকর্ষণীয় আয়োজন। উৎসব চলবে বিকাল ৫টা থেকে রাত ১০টা পর্যন্ত।
উৎসবের আহ্বায়ক শুভ রায় জানান, নিউইয়র্কে তৃতীয়বারের মতো জোছনা উৎসব হচ্ছে। তিনি বলেন, গতবার সমুদ্রপাড়ে মানুষ উপচে পড়েছিল। এবার উৎসবে বিপুল লোক সমাগম হবে বলে আশা করছেন তিনি। শুভ জানান, উৎসবে অংশগ্রহণকারীদের ১০ ডলার (জনপ্রতি) দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে।
এজন্য ৯২৯-৩৯৫-৮৪৩০ (সুদর্শন জোসেফ গমেজ) এই নম্বরে জিল করে ডলার পাঠানোর জন্য অনুরোধ জানানো হয়েছে। এর বিনিময়ে রেজিস্ট্রিকৃত অংশগ্রহণকারীদের হালকা বৈকালিক নাস্তা ও রাতের খাবার দেওয়া হবে। অনুষ্ঠানে নিউইয়র্কের শিল্পীদের পরিবেশনায় থাকবে সংগীত, নৃত্যসহ আকর্ষণীয় সাংস্কৃতিক পর্ব।

## এবার কলকাতায় বাংলাদেশি তরুণের রহস্যজনক মৃত্যু

৬৪ পৃষ্ঠার পর

জলাশয় থেকে ওই তরুণের নিথর দেহ উদ্ধার করা হয়।
সঙ্গে থাকা নথিপত্র দেখে পুলিশ জানতে পারে, তিনি বাংলাদেশি নাগরিক। তার নাম দাউদ হোসেন উপল, বয়স ২৩ বছর। উপল ঢাকার বাসিন্দা ছিলেন।
এদিকে, কলকাতায় বাংলাদেশি এ তরুণের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় উঠে এসেছে বেশ কিছু চাঞ্চল্যকর তথ্য।
জানা গেছে, কলকাতার নিউমার্কেটের মারকুইস স্ট্রিট সংলগ্ন কাওয়াই স্ট্রিট লেনের আফ্রিদি ইন্টারন্যাশনাল হোটেলে চার বন্ধুর সঙ্গে উঠে ছিলেন উপল। তারা বন্ধুরা হলেন রাশিদ মোবারক, সোহেল আল আফনান এবং ফেরদৌস হোসেন।
হোটেলের ম্যানেজার আতিক হোসেনের কাছে উপল জানিয়েছিলেন, তারা চার বন্ধু কলকাতায় ঘুরতে এসেছেন। আফ্রিদি ইন্টারন্যাশনাল হোটেলের ৪০২ এবং ৪০৪ রুমে উঠেছিলেন তারা। এর মধ্যে উপল থাকছিলেন ৪০৪ নম্বর রুমে।
হোটেলটির ম্যানেজার জানিয়েছেন, চারজন একসঙ্গে রুম নিলেও কেউ একই দিনে হোটেল ছাড়েননি। তারা ধাপে ধাপে হোটেল ছেড়েছিলেন।
আতিক আরও জানান, বাকি তিন বন্ধুর মধ্যে কে উপলের সঙ্গে রুম শেয়ার করেছিলেন, তা ঠিক বলতে পারবো না। তবে এই চারজনের ব্যবহার অস্বাভাবিক মনে হয়নি। গত মঙ্গলবার (৯ জুলাই) উপল হোটেল কর্তৃপক্ষকে জানিয়েছিলেন, ওইদিন দুপুরে তার দেশে ফেরার ফ্লাইট রয়েছে। তাই সেদিন রুম ছেড়ে দেবেন। হোটেল কর্তৃপক্ষ আরও জানায়, মঙ্গলবার দুপুর ১২টা নাগাদ ট্যাক্সিতে চড়ে লাগেজসহ হোটেল থেকে বেরিয়ে যান উপল। এরপর পুলিশ সূত্রে জানা যায়, বুধবার কলকাতার সায়েন্স সিটির কাছে একটি জলাশয় থেকে তরুণের মরদেহ উদ্ধার করে প্রগতি ময়দান থানা পুলিশ।
দাউদ হোসেন উপলের পাসপোর্টের তথ্য অনুযায়ী, তার বাড়ি ঢাকার মোহাম্মদপুরের মসজিদ গলির রোডে।
তবে উপল হোটেল থেকে বেরিয়ে ঠিক কী কারণে সায়েন্স সিটির ওই জলাশয়ের কাছে গিয়েছিলেন, তা পুলিশের কাছে স্পষ্ট নয়। কেন তারা ঢাকা থেকে কলকাতায় এসেছিলেন এবং কেন হোটেল কর্তৃপক্ষকে বেড়াতে আসার কথা বলেছিলেন সেটিও নিশ্চিত নয়। এর পেছনে না অন্য কোনো উদ্দেশ্য ছিল কি না তা তদন্তের পর জানা যাবে বলে জানিয়েছে কলকাতা পুলিশ। এছাড়াও, রাশিদ মুবারক হোটেলে ছাড়েন ৫ জুলাই, মোহাম্মদ সোহেল আফনান এবং ফেরদৌস হোসেন হোটেল ছাড়েন ৮ জুলাই এবং উপল হোটেল ছাড়েন ৯ জুলাই। কেন তারা একসঙ্গে হোটেল ছাড়লেন না। এসব প্রশ্নের জবাব খুঁজছে পুলিশ। এরই মধ্যে তার দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে কলকাতা পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার ময়না তদন্তের রিপোর্ট আসতে পারে। তখন জানা যাবে উপল আত্মহত্যা করেছেন না তাকে হত্যা করা হয়েছে। কীভাবে তার মৃত্যু হয়েছে সেটিও পরিষ্কার হবে। কলকাতায় এসে বাংলাদেশিদের নিখোঁজ হওয়া এবং মৃত্যুর ঘটনা চিন্তা বাড়িয়েছে স্থানীয় পুলিশ প্রশাসনের। গত ১৩ মে কলকাতা এসে খুন হন বাংলাদেশের ঝিনাইদহ-৪ আসনের এমপি আনোয়ারুল আজিম আনার। তারপরে কলকাতায় এসে নিখোঁজ হয়েছিলেন আরও দুই যুবক। এদের মধ্যে একজনকে পাওয়া গেলেও আরেকজনের খোঁজ এখনো মেলেনি।

## যেন রূপকথার বিয়ে

৬৪ পৃষ্ঠার পর

দেওয়ার জন্য ৩টি ফ্যালকন-২০০০ জেট বিমান ভাড়া করেছে আম্বানি পরিবার। বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে অতিথিদের বিয়ের আসরে নিয়ে আসবে এই বিশেষ ধরনের চার্টার্ড বিমান। ঘণ্টাপিছু এর ভাড়া পড়বে ৭ লাখ ২০ হাজার রুপি।
এবার চার্টার্ড কোম্পানি ক্লাব ওয়ান এয়ারের প্রধান নির্বাহী রাজন মেহতা জানিয়েছেন, বিয়ের আসরে বিশিষ্ট অতিথিদের নিয়ে যাওয়ার জন্য আম্বানি পরিবার তার কোম্পানি থেকে তিনটি ফ্যালকন-২০০০ বিমান ভাড়া করেছেন। তিনি বার্তা সংস্থা রয়টার্সকে বলেন, অতিথিরা বিভিন্ন জায়গা থেকে আসছেন এবং প্রতিটি বিমান সারাদেশে একাধিক ট্রিপ দেবে। তবে শুধু এই তিনটি জেট বিমানই নয় আরও প্রায় শতাধিক বিমান আগামী তিনদিন ধরে অতিথিদের সেবায় নিয়োজিত থাকবে।
সাম্প্রতিক সময়ে ভারতের সবচেয়ে ব্যয়বহুল বিয়ে এটি যেখানে বলিউড, বলিউডের নামী তারকা ছাড়াও থাকবেন বিভিন্ন দেশের শীর্ষ ব্যবসায়ীরা। এর আগে গত ১ মার্চ থেকে ৩ মার্চ পর্যন্ত প্রাক-বিয়ের আয়োজন করা হয় গুজরাটের জামনগরে। জমকালো আয়োজন, খাবারের মেন্যু এবং নামী অতিথিদের আগমন সব মিলিয়ে ওই অনুষ্ঠান রীতিমতো বিশ্বকে তাক লাগিয়ে দিয়েছিল। ফেসবুকের প্রতিষ্ঠাতা মার্ক জাকারবার্গ থেকে শুরু করে বিশ্বের সবচেয়ে ধনী ব্যক্তি বিল গেটসও হাজির হয়েছিলেন ওই অনুষ্ঠানে।
প্রাক-বিবাহ অনুষ্ঠানে অতিথিদের যাতায়াতে আরাম ও বিলাসিতার কমতি যাতে না থাকে সেজন্য বিলাসবহুল গাড়ির আয়োজন করেন মুকেশ আম্বানি। অতিথিদের যাতায়াতের জন্য ব্রিটিশ কোম্পানি রোলস রয়েসের গাড়ির ব্যবস্থা করা হয়। বিশ্বের সবচেয়ে জনপ্রিয় ও বিলাসবহুল এই গাড়ির দাম শুরু হয় আনুমানিক ৩ থেকে ৪ কোটি রুপি থেকে। মুকেশ আম্বানি, নীতা আম্বানি, অনন্ত আম্বানি, রাধিকা মার্চেন্ট এবং আকাশ আম্বানির কাছেও রয়েছে রোলস রয়েসের বিভিন্ন মডেলের গাড়ি।

## সোসাইটির নির্বাচনে চূড়ান্ত দুই প্যানেল

৬৪ পৃষ্ঠার পর

সভাপতি মরহুম কামাল আহমেদের পরিবারের নাম। নির্বাচন পর্যবেক্ষকরা বলছেন, ভোটের বিবেচনায় বৃহত্তর সিলেটের বিশেষ গুরুত্ব রয়েছে। সিলেটিদের ভোট বেশি। সেলিম-আলী প্যানেলের সভাপতি প্রার্থী আতাউর রহমান সেলিমের বাড়ি সিলেট। আঞ্চলিকতার বিবেচনায় সেলিম এগিয়ে থাকবেন বলে মনে করা হচ্ছে। প্রতিপক্ষরা এখন এই সিলেটের ভোট ভাগ করতে মরিয়া। তারা সিলেটের ভেতর থেকে একজন সভাপতি প্রার্থী করার বিষয় নিয়ে ভাবছেন। আর এতে তারা সাবেক জনপ্রিয় সভাপতি কামাল আহমেদের জনপ্রিয়তাকে কাজে লাগাতে চান। প্রার্থী খুঁজছেন সেই পরিবার থেকেই। তারা কামাল আহমেদের স্ত্রীকে সভাপতি প্রার্থী করা যায় কিনা তা খতিয়ে দেখছেন। সেক্ষেত্রে রুহুল আমিন সিদ্দিকী সভাপতি প্রার্থীতা থেকে সরে যেতে পারেন। অনেকে আবার মরহুম কামাল আহমেদের মেয়ে রুমানা আহমেদকে প্রার্থী করার ব্যাপারে আগ্রহী। কামাল আহমেদের স্ত্রী কমিউনিটিতে সক্রিয় নন তাই তার সম্ভাবনাকে অনেকেই নাকচ করেছেন। তবে তার মেয়ে রুমানা বেশ সক্রিয়।
রুহুল আমিন সিদ্দিকী সোসাইটির বর্তমান কমিটির সাধারণ সম্পাদক। জাহিদ মিন্টু বৃহত্তর নোয়াখালী সমিতির সাধারণ সম্পাদক ছিলেন। প্যানেল প্রশ্নে জাহিদ মিন্টুর দৃষ্টি আকর্ষণ করলে তিনি  বলেন, আগামী সাত দিনের মধ্যেই জানতে পারবেন। নির্বাচন করছেন কিনা জানতে চাইলে তিনি বলেন, আমার শুভাকাঙ্ক্ষীরা প্রচুর চাপ দিচ্ছেন নির্বাচন করার জন্য। এখনও চূড়ান্ত সিদ্ধান্ত নিইনি। তবে কমিউনিটির কাছে দায়বদ্ধতার তাগিদে নির্বাচন করলে আপনাদের জানাবো।
সেলিম-আলী প্যানেলের সাধারণ সম্পাদক প্রার্থী মোহাম্মদ আলী আলাপকালে বলেন, ভোটারের বিবেচনায় আমাদের সমর্থকরা বেশি পরিমাণে ভোটার হয়েছেন। তা অন্য প্যানেলের তুলনায় কয়েক হাজার বেশি। আমরা যে প্যানেল করছি তাতে কমিউনিটির সবাই পরিচিত মুখ। সততার সাথে সার্ভিস দিয়ে কমিউনিটির মানুষের সাথে তারা রয়েছেন। যোগ্যতার বিচারে সেলিম-আলী প্যানেলের প্রার্থীরা এগিয়ে। আমরা শিগগিরই আনুষ্ঠানিকভাবে প্যানেল ঘোষণা করবো।
সম্ভাব্য রুহুল-জাহিদ প্যানেলের একজন নীতি নির্ধারক বলেন, সভাপতি পদে রুহুল, সাধারণ সম্পাদক জাহিদ, সহসভাপতি ফারুক চৌধুরী, সহসাধারণ সম্পাদক আমিরুল ইসলাম ও কোষাধ্যক্ষ পদে নওশেদ হোসেন নির্বাচন করছেন এটা নিশ্চিতভাবেই বলা যায়। আনুষ্ঠানিক ঘোষণা আগামী সপ্তাহে আসছে।

## এক প্রতারক নারীর কাহিনী !

৬৪ পৃষ্ঠার পর

সাথে ইস্যুকৃত টিকেটগুলো বাতিল করেছে। কিন্তু তাদের কয়েকশ ডলার পেমেন্ট করতে হয়েছে ক্যানসেলেশন ফি বাবদ। যাদের জরুরিভাবে কোথাও যেতে হবে এমন ক্লায়েন্টদের জন্যই মহিলাটি বেশির ভাগ টিকেট কিনে থাকেন। জরুরি ভিত্তিতে টিকেট কিনে তিনি চেকে পেমেন্ট করেন। ক্লায়েন্ট দুই-একদিনের মধ্যে যাত্রী ফ্লাই করে চলে যায়। কিন্তু ট্রাভেল এজেন্টকে দেয়া চেক ক্লিয়ারেন্স হতে যে দুই-একদিন সময় লাগে সেই সময়ের পর দেখা যায় চেকগুলো ডিজঅনার হয়ে ফেরত এসেছে। এরপর আর ওই মহিলাকে খুঁজে পাওয়া যায় না। ভুক্তভোগী ব্যবসায়ীর অভিযোগ, তার সুন্দর ব্যবহার ও আন্তরিকতায় তাকে সন্দেহ করার কোন অবকাশ থাকে না।  নতুন যে কেউ তার ফাঁদে পা দিয়ে সহজেই প্রতারিত হতে পারেন। নিউইয়র্কে বাংলাদেশি ট্রাভেল এজেন্টদের সংগঠন এই মহিলার সাথে ব্যবসা করতে সদস্যদের মৌখিকভাবে সতর্ক করে দিয়েছে।
বাংলাদেশের নোয়াখালী জেলায় বাড়ি এই মহিলার। স্বামীসহ বসবাস করেন জ্যামাইকায়। প্রতারণাকেই তিনি পেশা হিসেবে নিয়েছেন বলে মনে করেন সংশ্লিষ্টরা।

## জায়েদ খান রিভারটেলের ব্র্যান্ড অ্যাম্বাসেডর

৬৪ পৃষ্ঠার পর

করে জায়েদ খান। রিভারটেল সিইও রুবিন হোসেন জানান, চিত্রনায়ক জায়েদ খান এ সময়ে দারুণ জনপ্রিয়। তার জনপ্রিয়তাকে কাজে লাগাতে চায় রিভারটেল। তিনি বলেন, রিভারটেল বাংলাদেশি মালিকানাধীন একটি প্রতিষ্ঠান। যুক্তরাষ্ট্রে বাংলাদেশিরা এই কোম্পানির গ্রাহক। জায়েদ খান বাংলাদেশসহ বহির্বিশ্বে রিভারটেলের প্রচারে কাজ করবেন। আশা করছি আমরা এর সুফল পাব।
চুক্তি স্বাক্ষরের পর জায়েদ খান তার ফেসবুক স্ট্যাটাসে লিখেছেন, আজকে একটা সম্মানজনক কাজের সাথে যুক্ত হলাম। বিদেশে বসবাসরত নিউইয়র্কে একমাত্র বাঙালি মালিকের টেলিকম কোম্পানি রিভারটেল-এর ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসাবে চুক্তি সাইন করলাম। ১৮০টিরও বেশী দেশে এই সিমটি কাজ করে। বাংলাদেশ থেকেই এই সিমটি অ্যাকটিভ করে চালাতে পারবেন। আমি নিজে ব্যবহার করছি। আপনারা যে কোন দেশ থেকে যারা আমেরিকা এসে এই সিমটি ব্যবহার করতে পারেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে রিভারটেলের কোফাউন্ডার মুশরাত শাহীন অনুসহ রিভারটেলের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## ব্রিটেনে দুই বাঙালি মন্ত্রী

৬৪ পৃষ্ঠার পর

মেধাবী রাজনীতিবিদ হিসেবে তিনি পরিচিত। ছায়া সিটি মিনিস্টার হিসেবে লেবার পার্টি বিরোধী দলে থাকা অবস্থায় দায়িত্ব পালন করেন টিউলিপ। দল ক্ষমতায় আসার পর এ পদেই মন্ত্রীর দায়িত্ব পেলেন তিনি।
ব্রিটেনের মন্ত্রিসভায় রোশনারা আলী:
এদিকে বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটেনের প্রথম ও পাঁচবারের সংসদ সদস্য রোশনারা আলীকে গৃহায়ন, কমিউনিটি ও স্থানীয় সরকার মন্ত্রণালয়ের আন্ডার সেক্রেটারি হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।
রোশনারা আলী লন্ডনের বাংলাদেশি-অধ্যুষিত টাওয়ার হ্যামলেটসের বেথনাল গ্রিন এবং স্টেপনি আসন থেকে ১৫ হাজার ৮৯৬ ভোট পেয়ে পঞ্চমবারের মতো সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন।
বেথনাল গ্রিন ও বো আসনে ২০১০ সাল থেকে টানা চার মেয়াদে লেবার পার্টির মনোনয়নে সংসদ সদস্য নির্বাচিত হয়ে আসছেন রোশনারা আলী। এবার এই আসনের নাম ও সীমানা পরিবর্তিত হলেও জয়ী হন তিনি।
রোশনারা আলীর জন্ম সিলেটের বিশ্বনাথ উপজেলার তুরুকি গ্রামে। ছোটবেলায় তিনি মা-বাবার সঙ্গে লন্ডনে আসেন।
স্কটিশ পার্লামেন্টে বাংলাদেশি বংশোদ্ভূত প্রথম এমপি ফয়সল চৌধুরী বলেন, টিউলিপ সামনে আরও বড় জায়গায় যাবেন। রোশনারা আলীও নতুন দায়িত্ব পেয়েছেন। তাদের নিয়ে আমরা গর্বিত।

EXPERT AUTOMATION TEAM

Learn and Start a Career in Tech.

Earn $90k to $115k Annually.
Job Placement Assistance Available

646-321-7507 | 646-262-0268
info@expertautomationteam.com
www.ExpertAutomationTeam.com

QA Automation with Java Selenium

QA Automation with Python Selenium

QA Automation with Cypress JavaScript

QA Automation with API Testing

QA Automation with Performance Testing

DevTangle

Fullstack IT Solutions and Digital Marketing Agency

Do you have an online presence? Would having additional business revenue help?

Contact Us Today.

646-321-7507
ask@devtangle.com
www.DevTangle.com

Custom Web Development

Custom Software Development

Mobile App Development

UI/UX Design

Tech Consulting and Strategy

Digital Marketing

## মহররম ও আশুরায় যা করবেন না

২১ পৃষ্ঠার পর

শোক পালনে মাতম জায়েজ নেই

এ মাসের একটি ঘটনা শাহাদাতে হুসাইন (রা.)। বলাবাহুল্য যে, উম্মতের জন্য এই শোক সহজ নয়। কিন্তু নবী (সা.)-এরই তো শিক্ষা-'নিশ্চয়ই চোখ অশ্রুসজল হয়, হৃদয় ব্যথিত হয়, তবে আমরা মুখে এমন কিছু উচ্চারণ করি না যা আমাদের রবের কাছে অপছন্দনীয়।' কিন্তু তাদের জন্য শোক প্রকাশ করতে গিয়ে যেন এমন কিছু না করা হয়, যা ইসলাম সমর্থন করে না। ইসলামের নামে ইসলাম বহির্ভূত কাজ করলে, আল্লাহ তাআলা শাস্তি দেবেন। এক হাদিসে নবীজি (সা.) বলেন, 'মানুষের মধ্যে দুটি চরিত্র কুফুরির পর্যায়ের। একটি হলো বংশ মর্যাদায় আঘাত হানা। আর অপরটি হলো- কোনো মৃত ব্যক্তিকে নিয়ে বিলাপ করা।' (মুসলিম, হাদিস : ৬৭)। তাই যে ব্যক্তি এমন করে, তাকে নবীজি (সা.) উম্মতের বাইরের লোক হিসেবে অভিহিত করেছেন। আবদুল্লাহ ইবনে মাসউদ (রা.) থেকে বর্ণিত হাদিসে রাসুল (সা.) বলেন, 'যে ব্যক্তি গালে থাপ্পড় মারে, পকেট ছিঁড়ে ফেলে ও জাহিলিয়াতের রীতি-নীতির প্রতি আহবান করেও সে আমাদের দলভুক্ত নয়।' (সহিহ বুখারি, হাদিস : ১২৯৪)। মাতমকারীর ওপর লা'নত বা অভিশাপ নেমে আসে। আবু উমামা (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) মুখমণ্ডল ক্ষত- বিক্ষতকারিনী, পকেট বিদীর্ণকারী এবং দুর্ভোগ ও ধ্বংস প্রার্থনাকারিণীর ওপর লা'নত করেছেন।' (ইবনে মাজাহ, হাদিস : ১৫৮৫)। এমন ব্যক্তি যে কি-না কারও মৃত্যুতে মাতম করেছে সে যদি তার এ কাজের জন্য আল্লাহ তাআলার কাছে তাওবা না করে মারা যায় তাহলে পরকালে তাকে ভয়াবহ শাস্তি ভোগ করতে হবে। আবদুল্লাহ ইবনে মাসউদ (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেন, 'মাতমকারিণী মৃত্যুর পূর্বে তওবা না করলে কিয়ামতের দিন তাকে আল-কাতরার পাজামা ও খোস-পাঁচড়ার চাল পরিহিতা অবস্থায় দাঁড় করানো হবে।' (সহিহ মুসলিম, হাদিস : ৯৩৪)।

যে ব্যক্তির মৃত্যুতে বিলাপ বা মাতম করা হয় তার জন্যও বিষয়টি কোনো উপকার বয়ে আনে না। বরং তার জন্যও ব্যাপারটি কষ্টের কারণ হয়। উমর ইবনুল খাত্তাব (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেন, 'মৃত ব্যক্তিকে তার কবরের মধ্যে তার জন্য মাতম করে কান্না করার দরুন শাস্তি দেওয়া হয়।' (সহিহ বুখারি : ১২৮৮)। অর্থাৎ সে ব্যক্তি তার উত্তরসূরীদের এহেন কাজের জন্য কবরে থেকে কষ্ট পান। তাই আমাদের উচিত মানুষের মৃত্যুতে শোক পালনের এ অন্যায় পদ্ধতি বর্জন করা।

আশুরা নিয়ে অনৈসলামিক কর্মকাণ্ড নয় : অতএব শাহাদাতে হুসাইন (রা.)-কে কেন্দ্র করে কোনো ধরনের অনৈসলামিক কর্মকাণ্ডে লিপ্ত না হওয়া এবং সব ধরনের জাহেলী রসম-রেওয়াজ থেকে দূরে থাকা প্রত্যেক মুসলিমের অবশ্য কর্তব্য।

এ মাসে যেসব অনৈসলামিক কাজকর্ম ঘটতে দেখা যায়, তার মধ্যে তাজিয়া, শোকগাথা পাঠ, শোকপালন, মিছিল ও র‍্যালি বের করা, শোক প্রকাশার্থে শরীরকে রক্তাক্ত করা ইত্যাদি অন্তর্ভুক্ত। এসব রসম-রেওয়াজের কারণে এ মাসটিকেই অশুভ মাস মনে করার একটা প্রবণতা অনেক মুসলমানের মধ্যেও লক্ষ করা যায়। এজন্য অনেকে এ মাসে বিয়ে-শাদি থেকেও বিরত থাকে। বলাবাহুল্য এগুলো অনৈসলামিক ধারণা ও কুসংস্কার। মোটকথা, এ মাসের করণীয় বিষয়গুলো হলো- তওবা, ইস্তেগফার, নফল রোজা এবং অন্যান্য নেক আমল।

এসব বিষয়ে যত্নবান হওয়া এবং সব ধরনের কুসংস্কার ও গর্হিত প্রথা-রেওয়াজ থেকে বেঁচে কোরআ-সুন্নাহ মোতাবেক চলাই মুসলমানের একান্ত কর্তব্য। আল্লাহ তাআলা আমাদের তাওফিক দান করুন।

## কোপার ফাইনালই মেসির শেষ ম্যাচ!

৫৬ পৃষ্ঠার পর

মনে করছি, এগুলো (আমাদের) শেষ লড়াই।'

লিওনেল মেসি বিদায় না বললেও ডি মারিয়া নিশ্চিতভাবেই বিদায় বলছেন আর্জেন্টিনার জার্সিকে। আগেই সেই ঘোষণা করেছিলেন এল ফিদেও। কানাডার বিপক্ষে জয়ের পর তা মনে করিয়ে দিলেন আরও একবার, 'আমার ধারণা ছিল আমি সামনের দরজা দিয়েই বিদায় নিতে পারব। এজন্য আমি নিজের সর্বোচ্চটুকু করেছি। আমার যা করা সম্ভব ছিল সবই করেছি, আমি শুধুমাত্র নিজের চেষ্টাটাই করে গেছি। সবসময়ই নিজের সেরাটা দেওয়ার চেষ্টা ছিল। এই জার্সির (আর্জেন্টিনার) জন্য আমি নিজের জীবন বাজি রেখেছি। এখানে এমনও সময় গেছে, যা আমার পক্ষে ছিল না। কিছুটা দেরিতে সেই সময়টা শুরু হয়েছে।'

জাতীয় দলের হয়ে মেসি নিজের অপূর্ণতা ঘুচিয়েছেন ২০২১ সালে। ক্যারিয়ারের শেষ দিকে এসে একে একে জয় করেছেন কোপা আমেরিকা, ফিনালিসিমা এবং বিশ্বকাপ। এবারের কোপা আমেরিকা জয় করলে ইতিহাসের দ্বিতীয় দল হিসেবে টানা তিন মেজর আন্তর্জাতিক শিরোপা ঘরে তুলবে আর্জেন্টিনা। এর আগে এমনটা দেখা গিয়েছিল স্পেন দলে। ২০০৮ সাল থেকে ২০১২ সাল পর্যন্ত এই কৃতিত্ব দেখিয়েছে ইউরোপিয়ান দলটি।

আর্জেন্টাইন সাংবাদিক হোসে আরমান্দো কার্লো স্পোর্টস এবং ডিপোর্তে টোটাল ইউএসএ এর হয়ে লিওনেল মেসি ও ইন্টার মায়ামি নিয়ে কাজ করে চলেছেন। তার এমন মন্তব্যের পর স্বাভাবিকভাবেই টুইটারে শুরু হয়েছে বড় রকমের আলোচনা। যদিও শেষ পর্যন্ত মেসি ২০২৬ পর্যন্তই থেকে যাবেন এমন প্রত্যাশাই করছেন আর্জেন্টাইন ভক্তরা।

## ফাইনাল খেলার প্রস্তুতি নিচ্ছেন শাকিরা

৩৬ পৃষ্ঠার পর

কলম্বিয়ান পপ তারকা শাকিরার। গত কয়েক বছর খুব একটা ভালো কাটেনি শাকিরার। ট্যাক্স জালিয়াতির মামলা নিয়ে বেশ ঝামেলা পোহাতে হয়েছে তাকে। স্পেনে কর ফাঁকির একটি মামলায় শেষ পর্যন্ত কাঠগড়ায়ও দাঁড়াতে হয়েছে তাকে। পিকের সঙ্গে বিচ্ছেদের পর বার্সেলোনা ছেড়ে দুই সন্তান নিয়ে যুক্তরাষ্ট্রে পাড়ি জমিয়েছেন শাকিরা।

একাধিক গ্র্যামি ও গোল্ডেন গ্লোবসহ বহু পুরস্কার রয়েছে শাকিরার ঝুলিতে। গত শতকের নব্বইয়ের দশকের মাঝামাঝি সময় থেকে লাতিন আমেরিকা ও স্পেনের রক সংগীতাঙ্গন থেকে তিনি কুড়িয়েছেন জনপ্রিয়তা। ২০১০ সালে ফুটবল বিশ্বকাপের থিম সং 'ওয়াকা ওয়াকা' গেয়ে বিশ্বব্যাপী ঝড় তোলেন তিনি। সাত বছর বিরতির পর গত মার্চ মাসে নতুন অ্যালবাম প্রকাশিত হয় শাকিরার। তার ১২তম এ স্টুডিও অ্যালবামের নাম 'ওমেন নো লংগার ক্রাই'।

## কোপার ফাইনালে আর্জেন্টিনা-কলম্বিয়া

৫৬ পৃষ্ঠার পর

একটি ম্যাচ বাকি, স্বপ্নের মতো শেষটা পাচ্ছি এবং এটাই আমি চেয়েছিলাম।'

এদিকে, গুঞ্জন উঠেছে কোপার ফাইনাল খেলে অবসর নেবেন মহাতারকা মেসিও। আর্জেন্টাইন সাংবাদিক হোসে আরমান্দো দাবি করেছেন, ২০২৬ বিশ্বকাপ নয়। রোববারের (বাংলাদেশ সময় সোমবার) ফাইনালই লিওনেল মেসির জন্য আর্জেন্টিনার হয়ে শেষ ম্যাচ। ডিপোর্তে টোটাল ইউএসএ এর এই সাংবাদিক নিজের এক্স হ্যান্ডেলে এমন দাবি নিয়ে হাজির হয়েছেন। তার মতে, আনহেল ডি মারিয়ার বিদায়ের ক্ষণ উদযাপনের স্বার্থেই এখনই মুখ খুলছেন না মেসি।

ফাইনাল মিস করবেন কলম্বিয়ান দুই তারকা : ফাইনালে উঠার আনন্দের মাঝেই দুশ্চিন্তার ভাঁজ কলম্বিয়ান কোচ ন্যাস্টর লরেঞ্জোর কপালে। দলের সেরা দুই তারকাকে কোপা আমেরিকার শ্রেষ্ঠত্বের ম্যাচে পাওয়া যাচ্ছে না তার। সেমিফাইনালে উরুগুয়ের বিপক্ষে ম্যাচে কার্ড নিষেধাজ্ঞায় পড়েছেন কলম্বিয়ান রাইটব্যাক ড্যানিয়েল মুনোজ। আর ইনজুরির কারণে ফাইনাল মিস করতে পারেন মিডফিল্ডার রিচার্ড রিওস।

প্রথমার্ধেই দুই হলুদ কার্ড হজম করেছিলেন মুনোজ। ম্যাচের ৪৪ মিনিটে উরুগুয়ের ম্যানুয়েল উগার্তেকে মেজাজ হারিয়ে কনুই দিয়ে ধাক্কা দেন মুনোজ। এরপরই তাকে লাল কার্ড দেখান রেফারি।

অনলাইনে যেভাবে দেখবেন : কোপা আমেরিকার ফাইনালের ময়দান বাংলাদেশে বসে দেখা যাবে স্পোর্টস ভিত্তিক বেসরকারি টিভি চ্যানেল টি-স্পোর্টসে। এ ছাড়া অনলাইনে টি-স্পোর্টস অ্যাপেও দেখা যাবে খেলা। পাশাপাশি সনি ওয়ান, সনি ওয়ান এইচডি, সনি টু, সনি টু এইচডি, সনি লাইভ অ্যাপে খেলা উপভোগ করা যাবে।

অপ্রতিরোধ্য কলম্বিয়াকে ফাইনালে পেলো আর্জেন্টিনা : টানা ২৮ ম্যাচ অপরাজিত। গেল বছর আর্জেন্টিনা ও ব্রাজিলকে হারিয়ে দেয়া উরুগুয়েও ছাড় দিল না হামেস রদ্রিগেজের কলম্বিয়া। মার্সেলো বিয়েলসার দলটিকে বলা হচ্ছিল, এবারের কোপা আমেরিকার অন্যতম সেরা এক দল।

ট্যাকটিক্সের কারণেই কিনা উরুগুয়ের পক্ষে বাজি ধরেছিলেন অনেকেই। কিন্তু নেস্তোর লরেঞ্জোর দলটা যেন রীতিমতো অপ্রতিরোধ্য। লাতিনের খেলায় শিল্পের ছাপ হারিয়েছে বহু আগেই। সেই জায়গায় এখন এসেছে শরীরী ফুটবল। উরুগুয়ে এবং কলম্বিয়ার ম্যাচেও দেখা গেল তা। ৬ হলুদ কার্ড, ১ লাল কার্ড আর ২৪ ফাউলের ম্যাচের ফল নির্ধারণ করলেন জেফারসন লারমা। পুরো আসরে দারুণ ছন্দে থাকা এই মিডফিল্ডারের একমাত্র গোলে ২০২৪ কোপা আমেরিকার ফাইনালে কলম্বিয়া। যেখানে তাদের প্রতিপক্ষ লিওনেল মেসির আর্জেন্টিনা।

বাংলাদেশ সময় আগামী সোমবার মায়ামির হার্ড রক স্টেডিয়ামে এবারের কোপা আমেরিকার ফাইনালে খেলতে নামবে আর্জেন্টিনা ও কলম্বিয়া। এর আগে একবারই দুই দলের দেখা হয়েছিল কোপা আমেরিকার ফাইনালে। ১৯৯১ সালের সেই ফাইনালে ২-১ গোলে জয় নিয়ে ফেরে আর্জেন্টিনা।

ব্রাজিল এবং আর্জেন্টিনার উন্মাদনা ছাপিয়ে এবারের আসরে সবচেয়ে আলোচিত দুই দল ছিল কলম্বিয়া এবং উরুগুয়ে। দুই দলেরই সাম্প্রতিক রেকর্ড ছিল দুর্দান্ত। ১৯৬০ সালের পর থেকে একই বছরে আর্জেন্টিনা ও ব্রাজিলকে হারানো একমাত্র দল ছিল উরুগুয়ে। এবারের আসরেই তারা বিদায় করেছে ব্রাজিলকে। অন্যদিকে কলম্বিয়া গেল কয়েক বছর ধরেই আছে দারুণ ছন্দে। টানা ২৭ ম্যাচ হারের মুখ দেখেনি তারা।

নর্থ ক্যারোলিনায় তাই দারুণ এক ফুটবলের অপেক্ষায় ছিলেন ফুটবলের ভক্তরা। কিন্তু দুই দলের কারো খেলাতেই দেখা গেল না সুস্পষ্ট পরিকল্পনার ছাপ। কলম্বিয়া বরাবরই হামেস রদ্রিগেজ এবং লুইস দিয়াজের গতিশীল ফুটবলের ওপর নির্ভর করেছে। সেমির মঞ্চেও তারাই খেললেন হলুদ জার্সিতে।

বিপরীতে উরুগুয়ে খেলতে চেয়েছে বিয়েলসার চিরায়ত জোনাল মার্কিং সিস্টেমে। বল প্রতিপক্ষের পায়ে থাকলেই কড়া প্রেসিং করেছে। কিন্তু সেটা প্রেসিংয়ের তুলনায় ফাউলের জন্ম দিয়েছে বেশি। অবশ্য এরমাঝেও কলম্বিয়াই আধিপত্য দেখিয়েছে বেশি। ১৩ মিনিটে মুনোজ গোলের খুব কাছ থেকে ফিরে আসেন। ১৬ মিনিটে জেফারসন লারমার দূরপাল্লার শটও ভয় ধরিয়েছিল উরুগুয়ের বুকে।

এরপরের মিনিটেই ম্যাচের সেরা সুযোগ মিস করেন উরুগুয়ের ডারউইন নুনিয়েজ। কেকে অ্যারাউহোর দারুণ এক পাস দক্ষতাভাবেই নিয়ন্ত্রণে নেন এই স্ট্রাইকার। ছিটকে ফেলেছিলেন ডিফেন্ডার কার্লোস কুয়েস্তাকেও। এরপরেই অবিশ্বাস্যভাবে শট করেন গোলপোস্টের বাইরে। ম্যাচে লিড নেয়া হয়নি কলম্বিয়ার।

২৮ মিনিটে আরও একবার সুযোগ পেয়েছিলেন নুনিয়েজ। এবারও সেই একইভাবে শেষ ডিফেন্ডারকে পাশ কাটিয়ে চলে গিয়েছিলেন গোলের খুব কাছে। কিন্তু ফলাফল একই। বল রাখতে পারেননি পোস্টে। এমন মিসের শাস্তিটাও কলম্বিয়া দিল মিনিট দশেক পর। কর্নার থেকে হামেস রদ্রিগেজ বল রেখেছিলেন দূরের পোস্টে। সেখান থেকেই মাথা ছুঁইয়ে দলকে গোল এনে দেন জেফারসন লারমা।

ম্যাচের ৪৪ মিনিটে উরুগুয়ের ম্যানুয়েল উগার্তেকে মেজাজ হারিয়ে কনুই দিয়ে ধাক্কা দেন মুনোজ। দ্বিতীয় হলুদ কার্ড হজম করে মাঠ ছাড়তে হয় তাকে। ফাইনাল মিস করছেন এই রাইটব্যাক। বড় ম্যাচের আগেই বড় ধাক্কা খেতে হলো কলম্বিয়াকে।

নাটকীয় আর ঘটনাবহুল প্রথমার্ধের পর খুব বেশি কিছু দেখা যায়নি দ্বিতীয়ার্ধে। ৫১ মিনিটে হামেসের কর্নার আতঙ্কসকায় ভয় দেখিয়েছিল উরুগুয়েকে। দশ জনের দলের বিরুদ্ধেও উরুগুয়ে হতাশ করেছে। ৬৬ মিনিটে ডারউইন নুনিয়েজের শট বারপোস্টে লেগে ফিরে আসে। যদিও সেই প্রচেষ্টা বাতিল হয় অফসাইডের কারণে। ৭১ মিনিটে লুইস সুয়ারেজের প্রচেষ্টাও ফিরে আসে বারপোস্ট থেকে। ম্যাচের এরপরের বড় মুহূর্ত এসেছে ৮৮ মিনিটে। কলম্বিয়ার মিডফিল্ডার কাস্তানোর শট ফিরে আসে ক্রসবার থেকে। তবে তাতে আক্ষেপ করার কিছু ছিল না কলম্বিয়ার জন্য। ডিফেন্স শক্ত রেখেই অতিরিক্ত ৭ মিনিট পার করে দেয় তারা। তাতেই ২০০১ সালের পর ২৩ বছরের অপেক্ষা শেষে ফাইনালের টিকিট কাটলো কলম্বিয়া।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



নিউইয়র্কের সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট
কনকর্ড ট্রাভেল
২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত
আসন সংখ্যা সীমিত
আজই আপনার আসন সংরক্ষণ করুণ

Emirates SAUDIA ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS
সৌদিয়াতে ওমরার জন্য বিশেষ সেল চলছে

ঢাকা থেকে নিউইয়র্কে আসার টিকেট সেল করা হয়
37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

## COPY & PRINT CENTER

# NOOR PRINTING INC.

172-33 Hillside Ave Jamaica NY 11432

**Tel: 347-233-2227**

noorprintinginc@gmail.com | noorprintinginc.com

**OPEN HOURS** MON-FRI: 10AM-8PM | SAT-SUN: 11AM-7PM

| | | |
|---|---|---|
| Business Card | Banner/Poster | Photocopy |
| Flyer/Postcard | Stand Banner | Scan/Fax/Email |
| Restaurant Menu | Sticker/Decal | Laminating/Binding |
| Invitation Card | Sidewalk Sign | Rubber Stamp |
| Receipt Book | Real Estate Sign | Mug Print |
| Passport Photo | Calendar | T-Shirt Print |

# নূর প্রিন্টিং এর ১ম বর্ষপূর্তি

উপলক্ষে সবাইকে জানাই
আন্তরিক সালাম ও শুভেচ্ছা



১লা জুলাই ২০২৪ থেকে আমরা
১৭২-৩৩ হিলসাইড এভিনিউ এ

WE ARE HERE
172-33

**Noor Alam Babu**
*Masters of Social Science, Printing Technologist*
President & Chief Designer




SHOWTIME MUSIC
rivertel
PRESENTS
TICKET PRICE
$30
$50
$100 VIP
TAHSAN, LAILA & LUMIN
LIVE IN NEW YORK
POWERED BY
GOLDEN AGE
HOME CARE
Licensed Home Health Care Agency
CASTLE HILL MEDICAL OF NY
Rahat Muqtadir, CEO
Raihan Zaman
Chairman
UtshobGroup
Khalil Biryani House
SUNDAY, 14TH JULY 8PM
VENUE - QUEENS PALACE 37 11 57TH
STREET WOODSIDE NY 11377
BHUIYAN CONSTRUCTION
CEO, MIZANUR RAHMAN
MILTON BHUIYAN
FOR MORE INFORMATION
646 546 6038


রিয়েল এস্টেট ইনভেস্টর
Govt License No: 10401380352
SSRR Properties
• অকশনের বাড়ি
• ব্যাংকের বাড়ি
• শর্ট-সেল ও REO প্রপার্টি
• We Buy House All Cash
• Around 10 Days Closing
• Residential Investment
• Commercial Investment
646-591-8396
GET IN TOUCH
SSRR PROPERTIES INC
71-18 35th Avenue, Jackson Heights
New York-11372, Tel: 646-591-8396
Email: ssrrproperties@gmail.com
www.ssrrproperties.com
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
Shah Nawaz MBA
President & CEO


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# PREMIUM SUPERMARKET

HALAL

**PREMIUM SUPERMARKET**

CONTACT | WhatsApp Number

74-18, 37TH AVE, JACKSON HEIGHTS, NY 11372............ 347-658-4362

2101, STARLING AVE, BRONX, NY 10462 ........................ 347-658-0134

FREE PARKING IN BELLEROSE STORE

**Sales Promotion Valid from Friday to Thursday (July 12 - 18, 2024) | Promo Code : PSP81**

## $100 OR ABOVE PURCHASE 1 BOX CHICKEN BIRIANY OR BEEF TEHARI FREE

## WE ACCEPT EBT & OTC

- SALE $3.99/LB — PRE-CUT — ZABIHA HALAL — **FROZEN GOAT**
- SALE $2.49/LB — ZABIHA HALAL — **REGULAR CHICKEN**
- BUY 2 GET 1 FREE — ZABIHA HALAL — **MEDIUM HARD CHICKEN**
- SALE $1.79/LB — NO CLEAN NO CUT — ZABIHA HALAL — MINIMUM 10 LB PURCHASE — **CHICKEN REGULAR LEG**
- SALE $21.99/EA — SIZE 10 / 12 — CK FARMS **HILSHA**
- SALE $24.99/EA — SIZE 4 KG — **ROHU**
- SALE $27.99/EA — SIZE 4 KG — **MRIGAL**
- SALE $14.99/EA — SIZE 1 KG — **KORAL WHOLE**
- SALE $10.99/EA — **PANGASH WHOLE**
- SALE $9.99/EA — SIZE 1 KG — **WHOLE TELAPIA**
- SALE $8.99 EACH BAG — SIZE 1 KG BAG — BAG HAS 2 PICES — **MAGUR WHOLE**
- SALE $3.99/LB — **GOLDEN POMPANO**
- SALE $3.49/LB — **TILAPIA FILLET**
- SALE 2/$12.99 — 1 KG — **WHOLE PUTI**
- SALE 2/$5.00 — 250 GM — HAOR BRAND **GURA ESA BLOCK**
- SALE 2/$9.99 — 500 GM — SAMPAN BRAND **LOTIA BLOCK**
- SALE 2/$8.99 — **DRY LOTIA**
- SALE 3/$5.00 — 5 LB BAG — **IDAHO POTATO**
- SALE $5.99/EA — 2 LB BAG — CK BRAND **PANGASH STEAK**
- SALE $27.99/EA — 50 LB — **RICELAND WHITE RICE EXTRA LONG GRAIN**
- SALE $27.99/EA — 2.5 KG — **RED COW MILK POWDER**
- SALE $34.99/EA — 2.5 GAL — **MAZOLA CORN OIL**
- SALE $10.99/EA — **OLIO VILLA BLENDED POMACE OIL**
- SALE $5.99/EA — 1 LTR — **TEZ MUSTARD OIL**

WE ACCEPT ALL MAJOR CREDIT & EBT CARDS "MULTIPLE SALES CANNOT BE COMBINED & PRICE CAN CHANGE WITHOUT NOTICE"
STRICTLY CAN NOT COMBINE ANY SPECIAL OFFERS, DISCOUNTS OR COUPONS WITH ONE AND ANOTHER.
THESE SPECIAL OFFER VALID WHILE STOCKS LAST. PREMIUM STORE MANAGEMENT HAS THE RIGHT TO LIMIT THE QUANTITY ISSUED PER CUSTOMER.


PREMIUM SUPERMARKET
HALAL
256-11 HILLSIDE AVE, GLEN OAKS, BELLEROSE, NY 11004 CONTACT WhatsApp Number 347-657-8911
Sales Promotion Valid from Friday to Thursday (July 12 - 18, 2024) | Promo Code : PSP81
WE ACCEPT EBT & OTC
SPECIAL OFFER $100 PURCHASE 2 PCS FRIED CHICKEN WITH BISCUIT FREE
FREE PARKING IN BELLEROSE STORE
SALE $3.99/LB PRE-CUT FROZEN GOAT
SALE $2.49/LB REGULAR CHICKEN
BUY 2 GET 1 FREE MEDIUM HARD CHICKEN
SALE $1.79/LB NO CLEAN NO CUT MINIMUM 10 LB PURCHASE CHICKEN REGULAR LEG
SALE $21.99/EA SIZE 10 / 12 CK FARMS HILSHA
SALE $24.99/EA SIZE 4 KG ROHU
SALE $27.99/EA SIZE 4 KG MRIGAL
SALE $14.99/EA SIZE 1 KG KORAL WHOLE
SALE $10.99/EA PANGASH WHOLE
SALE $9.99/EA SIZE 1 KG WHOLE TELAPIA
SALE $8.99 EACH BAG SIZE 1 KG BAG BAG HAS 2 PICES MAGUR WHOLE
SALE $3.99/LB GOLDEN POMPANO
SALE $3.49/LB TILAPIA FILLET
SALE 2/$12.99 1 KG WHOLE PUTI
SALE 2/$5.00 250 GM HAOR BRAND GURA ESA BLOCK
SALE 2/$9.99 500 GM SAMPAN BRAND LOTIA BLOCK
SALE 2/$8.99 DRY LOTIA
SALE 3/$5.00 5 LB BAG IDAHO POTATO
SALE $5.99/EA 2 LB BAG CK BRAND PANGASH STEAK
SALE $27.99/EA 50 LB RICELAND WHITE RICE EXTRA LONG GRAIN
SALE $27.99/EA 2.5 KG RED COW MILK POWDER
SALE $34.99/EA 2.5 GAL MAZOLA CORN OIL
SALE $10.99/EA OLIO VILLA BLENDED POMACE OIL
SALE $5.99/EA 1 LTR TEZ MUSTARD OIL
WE ACCEPT ALL MAJOR CREDIT & EBT CARDS "MULTIPLE SALES CANNOT BE COMBINED & PRICE CAN CHANGE WITHOUT NOTICE"
STRICTLY CAN NOT COMBINE ANY SPECIAL OFFERS, DISCOUNTS OR COUPONS WITH ONE AND ANOTHER.
THESE SPECIAL OFFER VALID WHILE STOCKS LAST. PREMIUM STORE MANAGEMENT HAS THE RIGHT TO LIMIT THE QUANTITY ISSUED PER CUSTOMER.
HELP WANTED
We Are Looking For
A Manager For A Supermarket.
3-4 Years Work Experience Required.
Very Attractive Salary And Incentives
Waiting For The Right Candidate
Email Your Resume
Hr@premiumgroupnyc.com Or
Call 718-679-9983
For Details.
আবশ্যক
আমরা একটি সুপার মার্কেটের জন্য
একজন ম্যানেজার খুঁজছি।
৩-৪ বছরের কাজের অভিজ্ঞতা প্রয়োজন।
খুবই আকর্ষণীয় বেতন এবং প্রণোদনা।
সঠিক প্রার্থীর জন্য অপেক্ষা করছি।
আপনার জীবনবৃত্তান্ত ইমেল করুন
HR@PremiumGroupNYC.com
বা 718-679-9983
নম্বরে কল করুন বিস্তারিত জানার জন্য।

**Charles B. Wang**
**Community Health Center**

**প্রেস রিলিজ**
**অবিলম্বে মুক্তির জন্য**
জুন, 26, 2024

**যোগাযোগ:** Maggie Wong
**মার্কেটিং ও কমিউনিটি রিলেশনের পরিচালক**
929-362-3018
mwong@cbwchc.org

## কমিউনিটি হেলথ সেন্টার বাংলাভাষী চিকিৎসা প্রদানকারী নিয়োগ করে নিউইয়র্কের বাংলাভাষী সম্প্রদায়ের জন্য পুরস্কারপ্রাপ্ত পরিষেবা নিয়ে আসছে

নিউইয়র্ক, [NY, জুন.26, 2024]- চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার (CBWCHC) লোয়ার ম্যানহাটন এবং ফ্লাশিং-কুইন্সের ছয়টি স্থানে, ইন্টারনাল মেডিসিন, শিশুরোগ, প্রসূতি/ স্ত্রীরোগ, দন্ত এবং মানসিক স্বাস্থ্য পরিষেবায় নিউইয়র্কের বাংলাভাষী সম্প্রদায়ের স্বাস্থ্যসেবা চাহিদা পূরণের জন্য তাদের পরিধি প্রসারিত করছে ।

সুবিধাবঞ্চিত এশিয়ান আমিরিকানদের সফলভাবে যত্ন নেওয়ার ঐতিহ্যের উপর ভিত্তি করে, চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার সম্প্রতি বাংলাভাষী স্বাস্থ্যসেবা পেশাদারদের সানন্দে স্বাগত জানিয়েছে, যা বিভিন্ন কমিউনিটির সেবায় এই সংস্থার আন্তরিকতার প্রতিফলন ঘটায়।

চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টারের সিইও কৌশল চালা বলেন, "এশিয়ান আমেরিকান সম্প্রদায় কার্যকরীভাবে নিউইয়র্কের মতোই বৈচিত্র্যময়। "রোগীর অভিবাসন ইতিহাস, তারা যে ভাষায় কথা বলে বা তাদের আর্থিক সক্ষমতা নির্বিশেষে নিখুত সর্বোচ্চ মানের পরিচর্যা প্রদানের জন্য আমরা গর্বিত।"

স্বাস্থ্যসেবায় ভাষা ও সাংস্কৃতিক আদান প্রদানের গুরুত্ব অনুধাবন করে, চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার ইংরেজি, বাংলা ও হিন্দিতে দক্ষ বাংলাদেশে জন্মকৃত শিশু বিশেষজ্ঞ ডাঃ মাহবুব চৌধুরীর মতো পেশাজীবীকে সানন্দে দলে আন্তর্ভূক্ত করেছে।

২০২৩ সালে হেলথ সেন্টার যোগদানকারী ডঃ চৌধুরী বলেন, " এমন একজন ডাক্তার থাকা সবসময়ই সহায়ক যিনি আপনার ভাষায় কথা বলেন এবং বুঝতে পারেন যে আপনি কোথা থেকে এসেছেন। " আমার এবং আমার সহকর্মীদের জন্য আমাদের রোগীদের সাথে সংযোগ স্থাপন করা গুরুত্বপূর্ণ যাতে তারা জানেন যে আমরা এখানে তাদের এবং তাদের পরিবারের জন্য চমৎকার পরিচর্যা নিশ্চিত করার জন্য উপস্থিত রয়েছি।"

চালা বলেন, বিভিন্ন সম্প্রদায়ের সেবা করার অংশ মানে সেই সম্প্রদায়ের সুনির্দিষ্ট চাহিদা পূরণের জন্য পরিচর্যা গড়ে তোলা। সেই মূল লক্ষ্যকে প্রতিফলিত করে, চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার ছিল নিউইয়র্ক রাজ্যের একমাত্র স্বাস্থ্য কেন্দ্র এবং যুক্তরাষ্ট্রে মাত্র ছয়টির মধ্যে একটি স্বাস্থ্য কেন্দ্র, যেটি ডায়াবেটিস স্বাস্থ্যের জন্য ন্যাশনাল কোয়ালিটি লিডার হিসেবে, ফেডারেল হেলথ রিসোর্স অ্যান্ড সার্ভিসেস অ্যাডমিনিস্ট্রেশন (HRSA) থেকে সোনার পদমর্যদা অর্জন করেছিল।

"আমাদের স্বাস্থ্য প্রদানকারী এবং কেয়ার টিমগুলি রোগীদের ক্ষমতায়নে কতটা নিবেদিত এই স্বীকৃতি তা তুলে ধরে" বলেন চালা। "চলার পথে প্রতিটি পদক্ষেপে আমরা রোগীদের সাথে আছি এবং তাদের ঔষুধ এর সংমিশ্রন এবং স্বাস্থ্যকর জীবনযাত্রার সমন্বয় বজাই রাখতে সহায়তা করে চলেছি।"

চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার বাংলাভাষীদের সাক্ষাৎকারের সময়সূচী নিতে এবং স্বাস্থ্য কেন্দ্রের পরিষেবা সম্পর্কে আরও তথ্য জানার সুবিধার জন্য একটি বাংলা এবং ইংরেজি ভাষার ফোন লাইন চালু করেছে, ৭১৮-৫৮৭-১১২১। এছাড়াও সম্প্রদায়ের সদস্যারা, সুনির্দিষ্টভাবে বাংলাভাষী চিকিৎসকদের জন্য স্বাস্থ্য কেন্দ্রের ওয়েবসাইটে www.cbwchc.org. অনুসন্ধান করতে পারবেন।

### চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার সম্পর্কে

৫০ বছরেরও বেশি সময় ধরে চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার (CBWCHC) এশিয়ান আমেরিকানদের উপর মূল দৃষ্টি রেখে, ম্যানহাটন এবং কুইন্সের সুবিধাবঞ্চিত কমিউনিটির কাছে উচ্চমানের, সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্যসেবা প্রদানের জন্য নিবেদিত একটি নেতৃস্থানীয় স্বাস্থ্যসেবা প্রদানকারী। চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার সপ্তাহে সাত দিনই খোলা থাকে এবং বেশিরভাগ বড় বড় স্বাস্থ্য বীমা সংস্থার পরিকল্পনাসমূহ গ্রহণ করে এবং ম্যানহাটন ও কুইন্সের ছয়টি স্থানেই শিশু এবং প্রাপ্তবয়স্কদের সার্বিক প্রাথমিক পরিষেবা প্রদান করে। অর্থিক সক্ষমতা, ভাষা কথ্য বা অভিবাসনের ইতিহাস নির্বিশেষে, চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার শ্রেষ্ঠত্বের উত্তরাধিকার সবার জন্য স্বাস্থ্য সেবার ন্যায়সঙ্গত অভিগমন নিশ্চিত করার অঙ্গিকারের সাথে জাতীয়ভাবে স্বীকৃত। আরও তথ্যের জন্য www.cbwchc.org. দেখুন।



Mitali Saha, D.D.S.
Dental Care

Mahbub Chowdhury, M.D.
Pediatrics

Navneet Kathuria, M.D.
Internal Medicine

Reshmi Gordhan, F.N.P.
Mental Health

Charles B. Wang
Community Health Center





## এখনই আবেদন করুন

কেন NYCHA?

* উত্তর আমেরিকার বৃহত্তম পাবলিক হাউজিং অথরিটি।
* সাশ্রয়ী মূল্যে আবাসন প্রদানের জন্য ১৯৩৫ সালে এটি প্রতিষ্ঠিত হয়।
* প্রতি ১৭জন নিউইয়র্কবাসীর মধ্যে ১জনের আবাসন।
* পাবলিক হাউজিং, চঅঈঐ প্রোগাম এবং সেকশন ৮ হাউজিং এর আওতায় ৫,২৮,১০৫ জন বাসিন্দাকে আবাসন দেয়া হচ্ছে।

আবেদন করতে সাহাজ্য প্রয়োজন?

**ASHO** প্রস্তুত আছে প্রতিটি ধাপে সাহায্য করার জন্য।

সময়: সকাল ১১টা থেকে বিকাল ৪টা।

ঠিকানা: ৮৭৪১ ১৬৫ স্ট্রীট, জ্যামাইকা, NY ১১৪৩২

আবেদন ফি: ১০০ ডলার

ASHΘ আসো — AUTISM SOCIETY HABILITATION ORGANIZATION

সহায়তার জন্য অফিস চলাকালীন আমাদের সাথে দেখা করুন।

বিস্তারিত জানতে : ৩৪৭ ৮৭৩-৯৯৬২

## NY তে কার্যকর হতে যাচ্ছে সেকশন ৮ অনুযায়ী সাশ্রয়ী মূল্যে আবাসন।

### সিটি অফিস কেন আমাদের নির্বাচন করেছে?

এক্সপার্ট গাইড: আবেদন প্রক্রিয়াটি সহজতর করতে এবং আবেদনকারী হিসাবে আপনি সক্ষম কিনা তা পর্যালোচনা করি।

বিস্তীর্ণ সহযোগিতা: বার্ষিক সার্টিফিকেশন এবং আবাসন পরিদর্শন সহ সকল প্রোগ্রামের প্রয়োজনীয়তার সাথে সম্মতি নিশ্চিত করুন।

সাশ্রয়ী মূল্যের আবাসন: NYCHA ৮৫,০০০ ভাউচার উপলব্ধ সহ দেশের বৃহত্তম সেকশন ৮ প্রোগ্রাম পরিচালনা করে।

# রেকর্ড গড়েছে ‘তুফান’

## ব্যবসাসফল, জানালেন রাফী : যদিও মুখ থুবড়ে পড়ল ভারতে

আজকাল বিনোদন






দেশের গণ্ডি পেরিয়ে আন্তর্জাতিক অঙ্গনে ব্যাপক সাড়া ফেলেছে রায়হান রাফী নির্মিত শাকিব খানের ‘তুফান’ সিনেমা। ছবিটি ভারতে মুক্তির পর গণমাধ্যমের মুখোমুখি হয়েছেন পরিচালক রায়হান রাফী। সেখানে তুফানের ৩টি সিক্যুয়েল নির্মাণের খবর আনেন নির্মাতা। এছাড়াও দুই বাংলায় এই ছবির প্রভাব, এবং ‘তুফান’ কতটা ব্যবসাসফল, তা নিয়ে আলোচনা করেন রাফী।

ভারতে ‘তুফান’ কতটা চললো, তা নিয়ে রাফী জানান, ছবিটি যারা দেখেছেন, তাদের ভালো লেগেছে। রাফীর কথায়, ‘বাংলার বেশিরভাগ দর্শক সহজ-সরল। আর তাদের চিন্তাধারায় নির্মিত হয়েছে এই ছবি। প্রচারের শুরুতেই বলেছিলাম, ‘কেজিএফ’, ‘পুষ্পা’ বা ‘অ্যানিম্যাল’-এর মতো ছবি হবে ‘তুফান’।’ কিন্তু সামাজিক মাধ্যমে ছবির ব্যবসা নিয়ে বিভিন্ন প্রশ্ন উঠেছে। যেমন ‘হাওয়া’ বা ‘সুড়ঙ্গ’-এর মতো ছবি বাংলাদেশের দর্শকের পছন্দ হলেও ভারতে বক্স অফিসে ছবিগুলির ব্যবসা ছিল অপ্রত্যাশিত।

এ প্রসঙ্গে রাফী বলেন, ‘আমার বিশ্বাস, আগামী দিনে বাংলাদেশের ছবি পশ্চিমবঙ্গে আরও বেশি সংখ্যক দর্শককে আকর্ষণ করবে। এক দিনে তো নজির তৈরি হয় না। ছোট ছোট পদক্ষেপে একদিন সাফল্য আসবেই। এদিকে বলিউডের অনেক ছবি কিন্তু বাংলাদেশে ব্যবসা করতে পারছে না। এ পারে ‘হাওয়া’র পর ‘সুড়ঙ্গ’-এর ক্ষেত্রে একটু ভালো ব্যবসা করেছি। ‘তুফান’-এ সেটা আরও একটু ভাল হয়েছে।’ বাংলাদেশে তুফানের ব্যবসা কতটা হয়েছে, সে প্রসঙ্গে রাফী বলেন, ‘তুফান বড় বাজেটের ছবি। বাংলাদেশে ১০-১৫ দিনের মধ্যে সেই টাকা আমরা ফিরে পেয়েছি। অসাধারণ ঘটনা। তার মানে, বাণিজ্যিক ছবির চাহিদা এখনও রয়েছে। ছবিটির জন্য বেশ কিছু বন্ধ প্রেক্ষাগৃহ নতুন করে চালু হয়েছে। অনেক হল মালিক ব্যবসায় খুশি। তারা জানিয়েছেন, এই টাকায় হল মালিকরা আগামী কয়েক বছরের হলের খরচ তুলে নিয়েছেন।’

উল্লেখ্য, গেলো ঈদে মুক্তি পেয়েছে ঢাকাই চলচ্চিত্রের সুপারস্টার শাকিব খানের ‘তুফান’ সিনেমা। এই সিনেমা মুক্তির পরপরই দর্শকদের চমক দিয়েছেন পরিচালক রাফী। শুরু থেকেই প্রেক্ষাগৃহে ঝড় তুলেছে ছবিটি, একের পর এক রেকর্ড গড়েছে, ভেঙেছে।

ভারতে মুখ থুবড়ে পড়ল তুফান, ১০ লাখের ঘরও ছুঁতে পারেনি : উত্তম কুমারের শহরে কেন বাংলা ছবি দেখে না মানুষ? কলকাতায় গিয়ে প্রশ্ন রেখেছিলেন শাকিব খান। বাংলাদেশের সুপারস্টার তিনি। তবে ভারতের মানুষ হতাশ করল নায়ককে।

গত ৫ জুলাই দেশটিতে মুক্তি পেয়েছে ঢালিউড ইন্ডাস্ট্রিতে সুনামি আনা সিনেমা ‘তুফান’। কিন্তু কলকাতায় সেই ঝড় তুলতে পারেনি ছবিটি। প্রেক্ষাগৃহে দর্শকের উপস্থিতিই চোখে পড়েনি।

রায়হান রাফী পরিচালিত এই সিনেমায় শাকিবের পাশে ছিলেন কলকাতার নায়িকা মিমি চক্রবর্তী। তুফান নিয়ে নির্মাতাদের তুমুল প্রত্যাশা থাকলেও সিকিভাগও পূরণ হয়নি ওপার বাংলায়। বাংলাদেশে যেখানে এই সিনেমার টিকিট পেতে হুমড়ি খেয়ে পড়েছেন দর্শকেরা, সেখানে উল্টো চিত্রের দেখা মিলেছে কলকাতার হলগুলোতে। রীতিমতো মাছি তাড়াচ্ছেন হল মালিক,

এরপর ৩৮ পৃষ্ঠায়



# ‘সুড়ঙ্গ’ জুটি আসছে ‘অসিয়ত’ নিয়ে

আজকাল বিনোদন

অন্ধকার ‘সুড়ঙ্গ’ থেকে বেরিয়ে যে আলোর ঝলক দেখালেন আফরান নিশো-তমা মির্জা, সেটি যেন ক্রমশ নিবু নিবু। এর মধ্যে শাকিব খানের একের পর এক সুপারহিট আলোকিত প্রজেক্ট।

এমন পরিস্থিতিতে ফের জানান দিলেন নিশো-তমা জুটি। দুজনকে নিয়ে ফের মাঠে নামছেন রায়হান রাফী। ৫ জুলাই বিকাল নাগাদ এমনটাই জানা গেছে বিশ্বস্ত সূত্রে।

এসভিএফ ও আলফা-আই’র ব্যানারে নির্মিতব্য এই ছবির নাম ‘অসিয়ত’। জানা গেছে, এ বছরের সেপ্টেম্বর থেকে শুরু হবে ছবিটির শুটিং। মুক্তি পাবে আগামী রোজার ঈদে।

তবে ছবিটি সম্পর্কে এখনও প্রযোজনা সংস্থা কিংবা সংশ্লিষ্ট কারও আনুষ্ঠানিক কোনও মন্তব্য পাওয়া যায়নি।




# ফাইনাল খেলার প্রস্তুতি নিচ্ছেন শাকিরা

আজকাল বিনোদন

কোপা আমেরিকার ফাইনাল ম্যাচের প্রস্তুতি নিচ্ছেন পপ তারকা শাকিরা। ফাইনাল ম্যাচের মাঠে পাওয়া যাবে তাকে। জানা গেছে প্রথমবারের মতো এই টুর্নামেন্টে গান শোনাতে আসছেন তিনি। গত ৯ জুলাই লাতিন আমেরিকার ফুটবলের মহাদেশীয় নিয়ন্ত্রক সংস্থা কনমেবল বিষয়টি নিশ্চিত করেছে। আগামী ১৪ জুলাই ফাইনালের মধ্যবর্তী বিরতিতে গান শোনাবেন এই পপ তারকা।

যুক্তরাষ্ট্রের মিয়ামির হার্ড রক স্টেডিয়ামে বসবে কোপা আমেরিকার ফাইনালের আসর। ফুটবল প্রেমীদের জন্য এ এক রোমাঞ্চকর খবর বটে। ফাইনাল ম্যাচে প্রায় ৫৪ হাজার দর্শক খেলার পাশাপাশি শাকিরার গান উপভোগ করবেন। পাশাপাশি সারা পৃথিবীর ফুটবলপ্রেমীরা শাকিরাকে দেখবেন টিভি পর্দায়। কনমেবল-এর সভাপতি আলেহান্দ্রো ডোমিঙ্গো বলেন, ‘শাকিরা দক্ষিণ আমেরিকার সেই তারকা, যিনি সারা দুনিয়াকে দুলিয়েছেন। এই গ্রহের প্রায় সব কোনায় তার গান গাওয়া হয়, তার গানের সঙ্গে নাচা হয়। তার গান রীতিমতো একটা বৈশ্বিক অভ্যাসে পরিণত হয়েছে যা সীমানা ছাড়িয়ে গেছে, পৌঁছে গেছে কোটি মানুষের কাছে।’

শাকিরা নিজেও ফুলবল ভক্ত। এমনকি সংসারও করেছিলেন ফুটবলারের সঙ্গে। দুর্ভাগ্যবশত সে সংসার টেকেনি। অশ্রু ঝরিয়ে দেওয়া দরকার, গত বছর ফুটবলার জেরার্ড পিকের সঙ্গে ১১ বছরের সম্পর্ক ভেঙে গেছে

এরপর ২৮ পৃষ্ঠায়

# শাকিব খানকে নিয়েই কি অভিষেক হচ্ছে অমির?

আজকাল বিনোদন





আলোচিত সিরিজ নির্মাতা কাজল আরেফিন অমি আসছেন চলচ্চিত্র পরিচালনায়। তার নির্মাণে তরুণদের পর্দায় আটকে রেখেছিল ‘ব্যাচেলর’। তুমুল জনপ্রিয়তা পেয়েছে সিরিজটি। ছোটপর্দা এবং ওটিটিতে সাড়া জাগানো বেশ কিছু কাজ করে হাত পাকিয়েছেন এই তরুণ। এবার বড়পর্দায় অভিষেকের জন্য প্রস্তুত অমি। অভিষেকটা কি ঢালিউড কিং শাকিব খানে রাঙাবেন অমি? বিশ্বস্ত একটি সূত্রে জানা গেছে, ‘তুফান’ মুক্তির আগে বেশ কয়েকবার কথা বলেছেন শাকিব খান ও অমি। ওই সূত্র জানিয়েছে, অমির প্রথম সিনেমায় কাজ করতে চান শাকিব খান। অমিকে নিজ উদ্যোগেই ফোন করেছেন তিনি। ঘটনা যদি সত্যি হয়, তবে ইন্ডাস্ট্রির একজন দায়িত্বপূর্ণ অভিভাবক হিসেবে শাকিবের এই উদ্যোগ প্রশংসার দাবিদার। অন্য একটি সূত্র জানিয়েছে, অমি তার ঘরের অভিনয়শিল্পী ছাড়া কাউকে নিয়ে কাজ করার সাহস পাচ্ছেন না। তবে তার মতো মেধাবী নির্মাতার প্রথম সিনেমায় অভিভাবক হিসেবে সঙ্গে থাকতে চান শাকিব খান। অনেকগুলো ঘটনা জোড়া দিলে এই গুঞ্জন উড়িয়ে দেওয়া যাবে না। যেমন, সম্প্রতি বিএফডিসিতে বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতির অফিসে গিয়েছিলেন অমি। তার বেশিরভাগ সিরিজ প্রযোজনা করে বঙ্গ। সেই অনলাইন প্ল্যাটফর্মের চিফ কনটেন্ট অফিসার মুশফিকুর রহমান মঞ্জু ‘দোস্ত দুশমন’ নামে একটি সিনেমা তালিকাভুক্ত করতে চেয়েছিলেন সেখানে। তখনই শোনা গিয়েছিল, সিনেমাটি পরিচালনা করবেন একজন তরুণ পরিচালক, যে ছবিতে অভিনয় করবেন শাকিব খান। তবে পরে দেখা যায় ‘দোস্ত দুশমন’ নামটি আগেই লিপিবদ্ধ করে রেখেছেন নায়ক অনন্ত জলিল। একটি নাম নিয়ে দুপক্ষের মধ্যে টানাপোড়েন সৃষ্টি হলে উদ্যোগটি সেখানেই থমকে যায়। তবে কাজ থেমে নেই। ‘দোস্ত দুশমন’ ছবিতে শাকিব খানের সঙ্গে অনন্ত জলিলও অভিনয় করবেন, সেটিও উড়িয়ে দেওয়া যায় না। আবার ছবির নাম বদলে নতুন নামেও কাজ শুরু করতে পারেন প্রযোজকরা। এ বিষয়ে বঙ্গর হেড অব কনটেন্ট আলী হায়দার বলেন, ‘অনেক কিছুই তো আমাদের ভাবনায় আছে। আলোচনার টেবিলে অনেক কথাই হচ্ছে। এ রকম কোনো কিছু হলে মিডিয়াকে আমরা অবশ্যই জানাবো।’ বিষয়টি নিয়ে জানতে কাজল আরেফিন অমিকে ফোন করে সাড়া পাওয়া যায়নি। এমনকি শাকিব খানও এ নিয়ে কোনো কথা বলতে চাননি। এই মুহূর্তে তিনি উদযাপন করছেন ‘তুফান’র দেশীয় সাফল্য। অপেক্ষা করছেন ‘দরদ’র। অন্যদিকে বঙ্গতে মুক্তি পেয়েছে কাজল আরেফিন অমির নতুন ওয়েব সিরিজ ‘ফিমেল ৪’। এর বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন জিয়াউল হক পলাশ, মারজুক রাসেল, শরাফ আহমেদ জীবন, পাভেল, শিমুল, সুমন পাটোয়ারী, শিবলু মৃধা, ইরেশ যাকের, নীলাঞ্জনা নীলা প্রমুখ।

# AMERICAN TRAVEL AGENT ASSOCIATION of Bangladesh Inc. (ATAAB)

## আমেরিকান ট্রাভেল এজেন্ট এসোসিয়েশন অব বাংলাদেশ ইন্ক (আটাব)

ATAAB

**আপনার বিশ্বস্ততার প্রতীক আটাব**

এয়ার লাইন্সের টিকেটের জন্য ঝামেলা এড়াতে আটাব অনুমোদিত নির্ভরযোগ্য প্রতিষ্ঠান সমূহ হতে টিকেট সংগ্রহ করুন।

| | | | | |
|---|---|---|---|---|
| **Rahmania Travel**<br>Mohammed K. Rahman<br>Ph: 718-205-3270 | **Karnafully Travel**<br>Mohammad Salim (Haroon)<br>Ph: 718-205-6050 | **Meghna Travel**<br>Mohammad M. Rahman<br>Ph: 718-930-1494 | **World Tours and Travel**<br>Md. Shamsuddin (Bashir)<br>Ph: 347-445-0443 | **Skyland Travel**<br>Masud Morshed<br>Ph: 718-779-0011 |
| **Safwan Travel**<br>Mohammed Abdul Khaleque<br>Ph: 718-300-7429 | **Bangladesh Travel**<br>Jafor Ferdous<br>Ph: 718-930-0688 | **Nabila Air Travel**<br>Mohammed Azad Kalam<br>Ph: 917-478-6131 | **Express Air Travel**<br>Mohammad K. Zaman (Ranju)<br>Ph: 646-420-6472 | **Digital Travel Astoria**<br>Nazurl Islam<br>Ph: 718-721-2012 |
| **Fly Hit Travel**<br>Tahmina Begum<br>Ph: 917-753-7500 | **Universal Travel**<br>KM Rezwan<br>Ph: 347-837-5996 | **Rashid Travels LLC**<br>Md. Harunur Rashid<br>Ph: 718-314-3927 | **Asis Travel & Multi Services**<br>Mohammad G. Ripon<br>Ph: 347-835-5383 | **Jumbo Travel Inc.**<br>Ali Ahmed Chowdhury<br>Ph: 917-478-7131 |
| **Nazma Travel & Tours Inc.**<br>Rokeya Begum (Nazma)<br>Ph: 917-574-0921 | **Belal Travel SVC Inc.**<br>Rupak Barua<br>Ph: 347-365-8934 | **SS Travel**<br>Shamol Talukder<br>Ph: 646-727-7772 | **Samia Travel**<br>Kazi Sohidul Islam<br>Ph: 718-290-0265 | **Arafa Travel**<br>Mohammad M. Islam<br>Ph: 917-446-5188 |
| **Global Tours & Travels**<br>Mohammd N. Uddin<br>Ph: 718-406-9745 | **Hi Line Travel & Tours Inc.**<br>S.K. Sharma<br>Ph: 917-285-4804 | **Macca Travel**<br>Mohd Taslim Uddin<br>Ph: 347-749-9536 | **Blue Sky Travel Inc.**<br>Salahuddin Sharif<br>Ph: 347-484-5029 | **Peace Travel & Tours**<br>Muhammad Mahbubur Rahman<br>Ph: 347-288-7042 |
| **SA Travel Agency LLC.**<br>Ali Akbar (Bappi)<br>Ph: 203-918-8005 | **Easy Way Travel**<br>Mohammad Riaz Morshed<br>Ph: 347-507-1209 | **Tripway Travel**<br>Zakeer Hossain Bacchu<br>Ph: 929-250-6780 | **Anchor Travels**<br>ASM Maiyen Uddin (Pintu)<br>Ph: 929-570-6231 | **JAT Travel Corp.**<br>Mashud Rana Topan<br>Ph: 347-345-8057 |
| | **Jannat Travels**<br>Md. Farhad Uddin<br>Ph: 646-363-5921 | **Bangla Travel**<br>M B Hossain (Belal)<br>Ph: 917-393-4140 | **Contra Link Express Travel**<br>KM Sabbir Hossain<br>Ph: 929-435-8590 | |

# ZAM ZAM TRAVEL US

## জম জম ট্রাভেল ইউএস

**WORLDWIDE VISA SERVICES**

- Expert Team • Premium Support
- Verified Visa Checklist • Perfect Visa Application Service

**SAUDI ARABIA 10 YEARS MULTIPLE ENTRY VISA**

- Stay Up to 180 Days Per Entry
- Perform Unlimited Umrah
- Business Travel & Exploration
- Explore Educational Opportunities
- Visit Family and Friends
- Travel To Any City

**INDIA VISA PROCESSING**

**SCHENGEN VISA PROCESSING**

**SAUDI ARABIA VISA PROCESSING**

**UAE | VISA PROCESSING**
• 30 DAYS VISA • 2 YEARS VISA • 5 YEARS VISA • 10 YEARS VISA

**UAE-DUBAI | FULL PACKAGE TOUR PROVIDER**
• VISA • TICKET • HOTEL • TRANSPORTATION • SIGHTSEEING • GUIDANCE SERVICES

3 STAR & 5 STAR
**UMRA | FULL PACKAGE PROVIDER**
• VISA • TICKET • HOTEL • TRANSPORTATION • ZIARAT • GUIDANCE SERVICES

ইন্ডিয়ান ভিসাসহ যে কোনো দেশের ভিসা পেতে সহযোগিতা করি
আমাদের রয়েছে ওমরা'র স্পেশাল প্যাকেজ

**Bangladesh Plaza**
37-15, 73 Street, Suite # 207
Jackson Heights, NY 11372

(718) 395-9697
zamzamtravelus@gmail.com
www.zamzamtravelus.com

# শিক্ষার্থীদের প্রতি এই মারমুখী অবস্থান কেন

১১ পৃষ্ঠার পর

শ্রেণিকক্ষে গেলেই যে ক্লাসপরীক্ষা হবে, তার নিশ্চয়তা কী।

পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ও শিক্ষার্থীরা একযোগে না হলেও প্রায় একই সময়ে আন্দোলন করছেন। যুক্তির খাতিরে ধরে নিলাম, সরকারের মন্ত্রিনেতাদের সুবচনে শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে ফিরে গেলেন। কিন্তু শিক্ষক ও কর্মচারীদের সর্বাত্মক কর্মবিরতি প্রত্যাহার না হলে অচল বিশ্ববিদ্যালয় তো সচল হবে না।

সর্বজনীন পেনশন স্কিম প্রত্যয় প্রত্যাহারের দাবিতে ১ জুলাই থেকে ধর্মঘটে থাকা শিক্ষকেরা দাবি না মানা পর্যন্ত আন্দোলনে থাকার ঘোষণা দিয়েছেন। এরই মধ্যে পাবলিক বিশ্ববিদ্যালয়ের বেশ কয়েকজন শিক্ষকের সঙ্গে কথা হলো। তাঁদের দৃঢ় ধারণা, আমলারা ভুল বুঝিয়ে প্রধানমন্ত্রীকে দিয়ে এটি করিয়েছেন। একবার প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে পারলে সমস্যার সমাধান হয়ে যাবে। বাস্তবে সে রকম কোনো লক্ষ দেখতে পাচ্ছি না।

সরকারের নীতিনির্ধারকেরা শিক্ষার্থীদের আন্দোলন থেকে সরিয়ে নিতে নানা কৌশল নিয়েছেন। অন্তত বুধবার পর্যন্ত তাদের খেপিয়ে তুলতে চাননি। বরং আপিল বিভাগ যাতে স্থিতাবস্থা বজায় রাখে, সেই চেষ্টা চালিয়েছেন। অ্যাটর্নি জেনারেল ২০১৮ সালে জারি করা পরিপত্র যাতে বহাল থাকে সেই চেষ্টা করেছেন। মন্ত্রীদেরও অনেকে শিক্ষার্থীদের প্রতি উপদেশমূলক বক্তৃতা বিবৃতি দিয়েছেন।

কিন্তু শিক্ষকদের বিষয় সরকারের পক্ষ থেকে কোনো ইতিবাচক পদক্ষেপ নেই। প্রধানমন্ত্রী দূরে থাক, কোনো মন্ত্রীর সঙ্গেও সাক্ষাৎ করতে পারেননি তাঁরা। আন্দোলনকারী একজন শিক্ষক বিমর্ষ কণ্ঠে এই কলাম লেখককে বলেন, একজন প্রভাবশালী মন্ত্রী তাঁদের সঙ্গে একদিন ফোনে কথা বলার পর সরকারের পক্ষ থেকে আর কোনো যোগাযোগ হয়নি। অর্থাৎ শিক্ষকদের আন্দোলনকে পাত্তাই দিচ্ছে না সরকার।

লেখক: কবি, সাংবাদিক ও কলামিস্ট, ঢাকা।

# ভালো ফলের খেসারত কিংবা নির্বুদ্ধিতার দণ্ড ও রাষ্ট্রের দায়

৫ পৃষ্ঠার পর

আমি তাঁর দরজার সামনে দাঁড়িয়ে উচ্চ স্বরে আমার ক্ষোভের কথা জানিয়ে চলে আসি।

এরপর একসময় যাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক এমাজউদ্দীন আহমেদের কাঁটাবনের বাসভবনে। দরজা খোলার পর আমার পরিচয় দিয়ে তাঁর সঙ্গে কথা বলা শুরু করি। আমাদের ভর্তির বিষয়ে তাঁর অবিবেচনাপ্রসূত সিদ্ধান্তের জন্য তাঁকে ভর্ৎসনা করি। তাঁর স্ত্রী আমাকে চা খাওয়ার অনুরোধ করলেও আমি তা প্রত্যাখ্যান করে চলে আসি।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ না করে আমাদের সংবর্ধনায় যাওয়া হয়তো বোকামি ছিল। কিন্তু যেখানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার তারিখ ও সময় আগে থেকেই নির্ধারিত ছিল, সেখানে শিক্ষা মন্ত্রণালয় কীভাবে এ রকম একটি রাষ্ট্রীয় অনুষ্ঠান একই দিনে, একই সময়ে নির্ধারণ করল? শিক্ষা মন্ত্রণালয় কি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিষয়টি জানত না?

আর আমরা সরল মনেই ওই সংবর্ধনায় অংশগ্রহণ করেছিলাম। এর মধ্যে কোনো রাজনীতি ছিল না। আমাদের এ রকম ধান্দাও ছিল না যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ না করে ফাঁকতালে সেখানে ভর্তি হব। এই ১৯ জনের মধ্যে ঘটনাক্রমে আমরা যশোর বোর্ডের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীরাও ছিলাম। এর মধ্যে প্রথম দুজন ঢাকা ও তৃতীয় জন খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক।

কী অদ্ভুত এক রাষ্ট্র ও তার সরকার! একদল শিক্ষার্থীকে মেধাবী পণ্য করে তাদের জন্য সংবর্ধনার আয়োজন করা হলো। তাতে যোগ দিতে গিয়ে শিক্ষার্থীদের একটি অংশের শিক্ষাজীবন অনিশ্চয়তার মধ্যে পড়ে গেল, কিন্তু রাষ্ট্রের তাতে কিছু যায় আসেনি। এ ঘটনার পর সরকার চাইলে আমাদের উচ্চশিক্ষার জন্য বিদেশে পাঠাতে পারত। নিদেনপক্ষে আমাদের একটু খোঁজখবর নিতে পারত। কিন্তু সরকার সে প্রয়োজনটুকুও মনে করেনি।

আমাদের এমবিএর ফলাফল প্রকাশের অল্প কয়েক দিনের মধ্যে সাবেক ডিন এ বি এম খালেদ স্যারের সঙ্গে বাণিজ্য অনুষদে আমার দেখা হয়। আমি তাঁর পা ধরে সালাম করি। তিনি আমার পরিচয় জেনে অবাক হন। কারণ আমাদের ভর্তির ব্যাপারে তাঁর নৈতিক অবস্থানের জন্যই আমাদের অনেকের এক বছর পাঠবিরতি ঘটে। তিনি অনুষদে দাঁড়িয়ে আমার সঙ্গে অনেক সময় ধরে কথা বলেন। আমাকে দীর্ঘক্ষণ যাবৎ বোঝাতে চেয়েছেন তিনি কেন ওই ভর্তি আদেশকে অবৈধ মনে করে তার বিরোধিতা করেছিলেন। আমিও তাঁর ব্যাখ্যায় সন্তুষ্ট হয়েছিলাম।

আমার সৌভাগ্য হয়েছিল বিএনপি ও আওয়ামী লীগ দুই আমলেই হলে থাকার। ছাত্রদল ও ছাত্রলীগ সমানভাবেই বিভিন্ন সময়ে জ্বালিয়েছে। তাদের কদর্য রাজনীতি খুব কাছ থেকে প্রত্যক্ষ করেছি। ছাত্রনেতাদের সামনে হলের প্রাধ্যক্ষ ও হাউস টিউটরদের অসহায়ত্ব দেখেছি। এরপর ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হয়ে শিক্ষক রাজনীতির নানা রূপ পর্যবেক্ষণ করেছি। ক্ষমতাসীনদের সামনে শিক্ষকদের নতজানু হয়ে যাওয়া অবলোকন করেছি, দেখেছি কীভাবে শিক্ষক নেতারা সরকারি দলের এমপি-মন্ত্রীদের তাঁবেদারি করেন। মনে মনে এ বি এম খালেদ স্যারের মতো একজন শক্ত মেরুদণ্ডের শিক্ষক খুঁজে বের করতে চেষ্টা করলাম। দেখলাম ওই ধরনের শিক্ষক প্রায় বিলুপ্ত হয়ে গেছেন অথবা থাকলেও আমার জানা নেই।

আমাদের এ ঘটনা নিয়ে অনেকের মধ্যেই নানা রকম ভুল ধারণা ও ব্যাখ্যা রয়েছে। আমি নিজেও এ ঘটনার অপব্যাখ্যা শুনেছি অনেকের মুখে। তাই অনেক দেরি হলেও ঘটনাটি সবিস্তার বর্ণনা করার তাগিদ অনুভব করলাম।

লেখক: অধ্যাপক ও সাবেক চেয়ারম্যান, ব্যাংকিং অ্যান্ড ইনস্যুরেন্স বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।




# এক অলৌকিক হলুদ আলো

২৩ পৃষ্ঠার পর



দাঁড়াতে পারে না, কোমরে বল জমে যায়। মা কাপড়ের আঁচলে চোখের পানি মোছে। দৃশ্যটা কতবার দেখা।

অনেক ছোটখাটো কারণেও মাকে অনেকবার কাঁদতে দেখেছি। সব কান্নাই দুঃখের না। সুখেও মানুষ কাঁদে। কষ্টেসৃষ্টে নড়বড়ে শরীরটা নিয়ে উঠে দাঁড়ায় মা, কোকলা তোবড়ানো মুখে অদ্ভুত একটু হাসে। মা যে ঘরটায় থাকে তার খোলা জানালার ওপর সতেজ একটা পেয়ারার ডাল এসে পড়েছে। নিশ্চিন্তে ঘুরছে ফ্যানটা। দেয়ালে সেই সূর্যাস্ত আর তিনটে ডিঙি নৌকোর ছবিওয়ালা ক্যালেন্ডার। আমি আচ্ছন্নের মতো মায়ের ঘরটা দেখি। শেষ কয়েকটা মাস মা একেবারেই শয্যাশায়ী হয়ে পড়েছিল। সেটা ছিল কষ্টকর।

আরো কম বয়সে যখন কর্মক্ষম ছিলেন তখন মা একাই রাজ্যের কাজ করেছেন। মার যেনো দশটা হাত ছিল। সবকিছু সামলেছেন। মনে পড়ে মা সবসময় আমাকে একটা বাড়ির কথা বলতেন। এটা মায়ের একটা অবসেশন ছিল। বলতেন একটা বাড়ি করবি জলপাই তলায়, পুরো চোদ্দ কাঠা জমির মেরেণ্ডা, দুটো আম, চারটে কাঁঠাল, একটা ডুমুর, সজনে, দশটা সুপুরি আর দশটা নারকোল গাছ লাগাবি, পিছনে থাকবে কলার ঝাড়। কুঞ্জলতা আমার বড় পছন্দ, বুঝলি! বেড়ার গায়ে গায়ে লতিয়ে দেব। তুই তো সিম্ খেতে ভালবাসিস- একটু সিমের মাচান করবি, গোয়ালঘরের চালের ওপর লকলকিয়ে উঠবে লাউডগা। আরো কত কি বলতেন যার কোনো অর্থ নেই। পারম্পর্যহীন আলতু ফালতু কথা। তাই আমি মন দিয়ে শুনতাম।

৪

প্রায় প্রায় রাতে ঘুম হয় না আমার। অদ্ভুত সব স্বপ্ন দেখি। একদিন দেখি.. রেলগাড়ির একটা কামরায় একা খুব দূরে কোথাও চলে যাচ্ছি। হঠাৎ টের পাই রেলগাড়ি থেমে আসছে। বাইরে ধীরে গম্ভীর গলায় কেউ হেঁকে বলছে কিছু। যেনো আমার জন্যই ওই ডাক, ওই নামোচ্চারণ। হঠাৎ খেয়াল হয় এইখানেই নামার কথা, এইখানেই যাত্রা শেষ, এই অদ্ভুত স্টেশনে। দেখা যায় গভীর চরাচর, প্ল্যাটফর্ম নেই, স্টেশনের বাতি নেই, লোকজন নেই। শুধু খুব লম্বা কালো পাথরের মতো চেহারার একটা লোক একটা মশাল হাতে দাঁড়িয়ে আছে। আমার জন্যেই। যন্ত্রের মতো কিছু বলছে। তার মশালের আলো শরীরের মস্ত ছায়াকে নিয়ে দুলছে। মশালের আলো পড়েছে ধান কেটে নেওয়া খেতে, আলের ওপর বর্ষার ব্যাঙ ডাকছে, সেই ডাক শূন্য মাঠগুলিকে আরো শূন্য করে দিচ্ছে। এখানেই নেমে যেতে হবে। এই স্টেশনে। দেখি মা দাঁড়িয়ে আছে আমার অপেক্ষায়। স্বপ্ন ভেঙে যায়। কষ্টে বুক ভেঙে যায় আমার..।' খুব শৈশবে মাকে মামা বাড়িতে এইভাবে আমি দেখেছি..।

মায়ের কথা মনে পড়লে অস্থির হয়ে উঠি। ঘরে মন বসে না কিছুতেই। লিখতে পারি না। লিখতে বসলেই চোখ ঝাপসা হয়ে আসে। পুরনো লেখা পড়ে কাঁদি। শাওয়ারের পানি চোখের পানির সাথে একাকার হয়ে যায়। চলে যাই এখানে ওখানে। দূরে বহু দূরে। পথ থেকে পথে। সাগর, পাহাড়, লোকালয়। নিজেকে ভুলিয়ে রাখি। শক্ত হই। কিন্তু রাত বাড়লেই স্মৃতি হানা মারে। মায়ের স্মৃতি। ছোট ছোট কথা, দৃশ্যকল্প। আমার মা খুব সামান্য মানুষ ছিলেন। আমিও মায়ের সামান্য সন্তান। সেই সামান্য জীবনের ঘটনাগুলো অসামান্য হয়ে আমার সামনে হামলে পড়ে। আজ মা নেই, মনে হয় আকাশ থেকে মহৎ এক বিষণ্ণতা হন হন করে হেঁটে আসছে। টের পাওয়া যায়। চারপাশের বিষণ্ণতা শক্ত মুঠিতে ধরেছে, আকাশের বিষণ্ণতা তেমন একটা কিছু নয় আর..।

লেখক: কথাসাহিত্যিক, টরন্টো।

# রেকর্ড গড়েছে "তুফান"

৩৬ পৃষ্ঠার পর

মাল্টিপ্লেক্সের মালিকেরা।

শুধু বাংলাদেশ নয়, দুবাই, বাহরাইন, অস্ট্রেলিয়া, আমেরিকা, কানাডা, সিঙ্গাপুরসহ বেশকিছু দেশে তুফান দারুণ সাড়া পেয়েছে। তবে ভিন্ন চিত্র দেখা মিলেছে পার্শ্ববর্তী দেশ ভারতে।

তুফানের দুটি গান 'লাগে উরাধুরা' ও 'দুষ্টু কোকিল' এই বাংলাতেও হিট। তবে বক্স অফিসে তার প্রভাব পড়েনি। ব্যবসা নিয়ে এখনও কোনও আনুষ্ঠানিক বিবৃতি সামনে আসেনি।

তবে স্যাকনিল্ক-এর রিপোর্টঅনুসারে প্রথম পাঁচ দিনে ভারতে এই ছবির ব্যবসা মাত্র ৭ লাখ টাকা। অর্থাৎ ১০ লাখের গণ্ডিও পার করতে পারেননি শাকিব খান। যদিও বাংলাদেশ ও বিশ্বের অন্য প্রান্তের ব্যবসা মেলালে এই ছবি নাকি ৩৫ কোটির গণ্ডি পার করে ফেলেছে।

পরিচালক রায়হান রাফী আনন্দবাজারকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেন, 'তুফান বড় বাজেটের ছবি। বাংলাদেশে ১০-১৫ দিনের মধ্যে সেই টাকা আমরা ফিরে পেয়েছি। অসাধারণ ঘটনা। তার মানে, বাণিজ্যিক ছবির চাহিদা এখনও রয়েছে।'

পশ্চিমবঙ্গে তুফান ঝড় না ওঠা প্রসঙ্গে তার সাফাই, 'হাওয়া'র পর 'সুড়ঙ্গ'-এর ক্ষেত্রে একটু ভালো ব্যবসা করেছে বাংলাদেশের ছবি। 'তুফান'-এ সেটা আরও একটু ভালো হয়েছে। আমার বিশ্বাস, আগামী দিনে বাংলাদেশের ছবি পশ্চিমবঙ্গে আরও বেশি সংখ্যক দর্শককে আকর্ষণ করবে।

এদিকে শাকিব খানের শেষ তিনটি সিনেমা 'তুফান', 'প্রিয়তমা' ও 'রাজকুমার' ১০০ কোটির বেশি আয় করেছে বিশ্বব্যাপী। এর মধ্যে তুফান সিনেমা ইতোমধ্যেই ৩৫ কোটির বেশি কালেকশন এনে দিয়েছে।

# মহররম মাসের যে আমল ধন্য করবে

২১ পৃষ্ঠার পর

প্রতিপালক। আল্লাহতায়ালা আমাদেরকে মহররম মাসের গুরুত্ব উপলব্ধি করার তৌফিক দান করুন, আমিন।

**হিজরি সালের গণনা যেভাবে শুরু হয়**

হিজরি নববর্ষ ১৪৪৬ সমাগত। হিজরি সন মুসলমানদের সন। হিজরি সন চান্দ্র মাস পরিক্রমায় আবর্তিত হওয়ায় মুসলমানের জন্য এই সনের তাৎপর্য ব্যাপক। মুসলমানদের উচিত এর অনুসরণ করা। এ ক্ষেত্রে উদাসীনতা কাম্য নয়। হিজরি সনের ব্যাপারে খোঁজখবর রাখাও উম্মতের ওপর ফরজে কিফায়া। অর্থাৎ কেউ কেউ এর খবরাখবর রাখলে সবার দায়িত্ব আদায় হয়ে যাবে। কিন্তু এ বিষয়ে যদি সবাই এবং সর্বক্ষেত্রে উদাসীনতা দেখা যায়, তাহলে প্রত্যেকেই গুনাহগার হবে। কিন্তু প্রয়োজনের কারণে অন্য ক্যালেন্ডার অনুসরণ করা অবৈধ নয়। বিশেষত খ্রিস্টাব্দ ও বঙ্গাব্দ বাংলাদেশে অনুসরণ করা হয়। এগুলোর অনুসরণে ইসলামের নিষেধাজ্ঞা নেই।

পবিত্র কোরআনে আল্লাহ সূর্য, চন্দ্র উভয়কে হিসাব-নিকাশ ও বর্ষ গণনার জন্য সৃষ্টি করেছেন বলে ঘোষণা দিয়েছেন। মহান আল্লাহ বলেন-

তিনিই সেই সত্তা, যিনি সূর্যকে উজ্জ্বল আলোকময় করেছেন। আর চন্দ্রকে করেছেন স্নিগ্ধ আলো বিতরণকারী। তারপর এর জন্য মানজিল স্থির করেছেন, যাতে তোমরা বছরগুলোর সংখ্যা ও হিসাব জানতে পারো।

(সুরা ইউনুস, আয়াত : ০৫)

**উমর (রা.) যেভাবে হিজরি সন চালু করেন**

হিজরতের ঐতিহাসিক ঘটনাকে স্মারক বানিয়ে ইসলামের দ্বিতীয় খলিফা হজরত উমর (রা.) হিজরি নববর্ষের গোড়াপত্তন করেন। তিনিই সর্বপ্রথম মুসলমানদের জন্য পৃথক ও স্বতন্ত্র চান্দ্রমাসের পঞ্জিকা প্রণয়ন করেন। কেন একটি নতুন সন গণনা প্রথা চালু করতে হলো? এ নিয়ে বিভিন্ন অভিমত পাওয়া যায়।

আল্লামা আইনির বিবরণ দেখুন : হিজরি সন প্রণয়নের কারণ নিয়ে মতবিরোধ আছে। ইবনে সমরকন্দি বলেন, আবু মুসা আশআরি (রা.) উমর (রা.)-এর কাছে চিঠি লিখেছেন যে আপনার পক্ষ থেকে আমাদের কাছে অনেক ফরমান আসে; কিন্তু তাতে তারিখ লেখা থাকে না। সুতরাং সময়ক্রম নির্ধারণের জন্য সন গণনার ব্যবস্থা করুন। তারপর উমর (রা.) হিজরি সনের গোড়াপত্তন করেন। আল্লামা ইবনুল আসির (রহ.) 'আল কামিল ফিত তারিখে' এটিকে প্রসিদ্ধতম ও বিশুদ্ধতম অভিমত বলে আখ্যায়িত করেছেন। (আল কামিল ফিত তারিখ, খণ্ড ১, পৃ. ৮)

**হিজরি সনের চালুর ক্ষেত্রে আরও বিবরণ**

আল্লামা আইনি (রহ.) তারপর লিখেছেন, আবুল ইয়াকজান বলেছেন, উমর (রা.)-এর কাছে একটি দলিল পেশ করা হয়, যেখানে শুধু শাবান মাসের কথা লেখা হয়। তিনি বলেন, এটি কোন শাবান! এ বছরের শাবান, নাকি আগামী বছরের শাবান? তারপর হিজরি সন প্রবর্তন করা হয়। ইতিহাসবিদ আল্লামা শিবলী নোমানি (রহ.) এ অভিমতকে প্রাধান্য দিয়েছেন। (আল ফারুক, পৃষ্ঠা ১৯৫)

আবদুল্লাহ ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত, যখন উমর (রা.) সন প্রবর্তনের সিদ্ধান্ত নেন তখন তিনি পরামর্শসভার আহ্বান করেন। সভায় সাদ বিন আবি ওয়াক্কাস (রা.) রাসুলুল্লাহ (সা.)-এর ওফাত থেকে সন গণনার প্রস্তাব দেন। হজরত তালহা (রা.) নবুয়তের বছর থেকে সন গণনার অভিমত ব্যক্ত করেন। আলী (রা.) হিজরতের ঐতিহাসিক ঘটনা থেকে বর্ষ গণনার প্রস্তাব দেন। তারপর তাঁরা সবাই আলী (রা.)-এর প্রস্তাবে ঐকমত্য পোষণ করেন। এরপর কোন মাস থেকে শুরু হবে-এ নিয়ে মতপার্থক্য দেখা দেয়। আবদুর রহমান বিন আউফ (রা.) রজব থেকে শুরু করার প্রস্তাব দেন। কেননা এটি চারটি সম্মানিত মাসের মধ্যে প্রথমে আসে। তালহা (রা.) রমজান থেকে শুরু করার কথা বলেন। কেননা এটি উম্মতের মাস। আলী (রা.) ও উসমান (রা.) মহররম থেকে শুরু করার পরামর্শ দেন। (উমদাতুল কারি : ১৭/৬৬)

লেখক: ইসলামি গবেষক ও কলামিস্ট





# নিউইয়র্কে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

৩ পৃষ্ঠার পর

পুরো অনুষ্ঠানের উপস্থাপনা ও পরিচালনায় ছিলেন বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্ব, শিক্ষাবিদ ও ইমাম মুহাম্মদ শহীদুল্লাহ। কবিতা আবৃত্তির মাধ্যমে আয়োজনকে রাঙিয়ে তোলেন গোলাম মোস্তফা।

গত কয়েক বছর ধরেই ঢাকা ইউনিভার্সিটি এলামনাইদের উদ্যোগে নিউইয়র্কে এই আয়োজন হয়ে আসছে। প্রতিটি আয়োজনেই যুক্তরাষ্ট্রে অবস্থানরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সম্মাননা দেওয়া হয়। এ বছর সোশ্যাল মিডিয়া ইনফ্লুয়েন্সার সজল রোশানকে সম্মাননা দেওয়া হয়েছে। প্রতিষ্ঠানের জন্মদিন উদযাপনের অন্যতম অংশ ছিল কেক কাটা।



# সাজুফতা সাহিত্য ক্লাবের নবান্ন উৎসব

৬২ পৃষ্ঠার পর

সুরকার মাহমুদ, মুক্তধারার রাজনৈতিক মোহাম্মদ এন মজুমদার, মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী, মুক্তিযোদ্ধা আবু কায়সার চিশতী, মেহের চৌধুরী, রেজোয়ানা সেতু, মোঃ ইলিয়াস হোসেন, রেজা আব্দুল্লাহ, ফজলুর রহমান নন্দী প্রমুখ।

সম্মাননা বক্তব্য রাখেন কবি জুলি রহমান। অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন সুমিত্রা সেন।

এতে প্রথম হয় ফিরোজা খাতুন রিংকুর তৈরী ফুলঝুরি পিঠা। ২য় হয় নাসরীন নিরুর তৈরী পাটি সাপটা। ৩য় হয় জামাই পিঠা।

উৎসবের দ্বিতীয় পর্বে কবিতা পাঠে স্বরচিত কবিতা পাঠ করেন কবি সুমন শামসুদ্দীন, কামরুজ্জামান বাচ্চু, শুভংকর মণ্ডল, নদী মল্লিক, মেহের চৌধুরী, কামরুন নাহার রীতা, মাকসুদা আহমদ, নসুল আহমেদ, মামুন আহমেদ, তারতি রায়, মিনি শাহা, জুলি রহমান, আব্দুল বাসেত, মোঃ ইলিয়াস হোসেন প্রমুখ।

দ্বিতীয় পর্বে পরিবেশিত হয় কবি ও লেখক জুলি রহমান রচিত নৃত্যনাট্য। এতে প্রধান চরিত্র মতিয়ার ভূমিকায় ছিলেন নৃত্যশিল্পী নাসরীন চৌধুরী। অংশ নেয় অনুপ কুমার দাস ড্যান্স একাডেমির ছাত্রীবৃন্দ, শিল্পী বাবলা ও শাকিলা রুনা। গীতি-নাট্য নেপথ্যে পাঠ করেন জুলি রহমান।

সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন সানা সেন, তানভির শাহীন, রুনা রায়, অরু রুমা চৌধুরী।

# ওয়াশিংটনে ন্যাটোর ঘোষণাপত্র

১ পৃষ্ঠার পর

ইউক্রেনকে আগামী বছরের মধ্যে ন্যূনতম ৪৩ দশমিক ২৮ বিলিয়ন মার্কিন ডলার সামরিক সহায়তা দিতে সম্মত হয়েছে মিত্ররা। তবে ন্যাটোর মহাসচিব জেন্স স্টলটেনবার্গ ইউক্রেনের জন্য দীর্ঘমেয়াদি যে আর্থিক প্রতিশ্রুতি চেয়েছিলেন, তা পূরণ হয়নি। ঘোষণায় বলা হয়, ইউক্রেনকে ন্যাটোতে যুক্ত করতে জোটের সমর্থন অব্যাহত থাকবে।

ন্যাটো জোটের পক্ষ থেকে পারমাণবিক অস্ত্র ব্যবহারের হুমকি বিষয়ে রাশিয়ার দায়িত্বজ্ঞানহীন হুমকির নিন্দা জানানো হয়েছে। একই সঙ্গে বেলারুশে পারমাণবিক অস্ত্র রাখার ঘোষণার নিন্দা জানিয়ে বলা হয়েছে, মিনস্ক ইউক্রেনে রাশিয়ার যুদ্ধ সক্ষমতাকে বাড়িয়ে দিচ্ছে।

ন্যাটোর ঘোষণায় রাশিয়ার মিত্র হিসেবে চীনের বিষয়েও কড়া ভাষা ব্যবহার করা হয়েছে। ন্যাটোর পক্ষ থেকে চীনকে ইউক্রেন যুদ্ধে সিদ্ধান্ত গ্রহণে রাশিয়াকে সক্ষমকারী শক্তি হিসেবে বর্ণনা করা হয়েছে। এ ছাড়া বলা হয়েছে, ইউরো-আটলান্টিক নিরাপত্তার ক্ষেত্রে বেইজিং পদ্ধতিগত চ্যালেঞ্জ তৈরি করে চলেছে। রাশিয়ার যুদ্ধচেষ্টায় চীনকে সব ধরনের রাজনৈতিক ও সরঞ্জাম সহায়তা বন্ধ করতে আহ্বান জানানো হয়েছে। ইউক্রেন যুদ্ধে মস্কোকে অস্ত্র সহযোগিতা ও ইন্ধন জোগানোর জন্য ইরান ও উত্তর কোরিয়াকে অভিযুক্ত করা হয়েছে। এর বাইরে চীনের মহাকাশ সক্ষমতা, পারমাণবিক অস্ত্র বৃদ্ধিতে উদ্বেগ প্রকাশের পাশাপাশি বেইজিংকে আলোচনার মাধ্যমে ঝুঁকি কমানোর আহ্বান জানানো হয়েছে। এ ছাড়া বিবৃতিতে ইন্দো-প্যাসিফিকের গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়েছে। বিবৃতিতে বলা হয়, ইউক্রেনের প্রেক্ষাপটে ন্যাটো ও ইইউর মধ্যে সহযোগিতা আরও তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে। বিবৃতিতে আরও বলা হয়, ন্যাটো জোট ক্ষেপণাস্ত্র ও আকাশ প্রতিরক্ষায় কাজ করবে এবং যথাযথ পদক্ষেপ নেবে।

# আশানুরূপ প্রাপ্তি নেই

১ পৃষ্ঠার পর

যে, কমপক্ষে পাঁচ বিলিয়ন আরএমবি (চীনা মুদ্রা) সহায়তা মিলবে। কিন্তু সফর শেষে এটিকে গতানুগতিক সফর ছাড়া তেমন কিছু বলা যাচ্ছে না। কারণ চীনের প্রেসিডেন্ট শি চিনপিং রোহিঙ্গা সংকট মোকাবেলায় বরাবরের মতোই সহযোগিতার আশ্বাস দিয়েছেন। এই আশ্বাসে কোনও ফল পাওয়া যাবে কিনা তা স্পষ্ট হচ্ছে না।

তিস্তা প্রকল্পের বিষয়টি অনিষ্পন্ন রয়ে গেছে। তাছাড়া, যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা দেশসমূহ এবং প্রতিবেশি ভারতের সঙ্গে শেখ হাসিনার সরকারের যোগাযোগ বৃদ্ধি পাওয়াকেও বেইজিং ভালভাবে দেখছে না। সম্প্রতি বাংলাদেশে বিএনপি'র ভারতীয় পণ্য বর্জনের ডাককে ভারতীয় কোনও কোনও বিশ্লেষক মালদ্বীপে 'ইন্ডিয়া আউট' প্রচারণার সঙ্গে তুলনা করেন। মালদ্বীপে চীনাপন্থি মুইজ্জুর সরকার ক্ষমতায় যাওয়ায় যুক্তরাষ্ট্র ও ভারত বিস্মিত। চীন সফরের আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারত সফর করেন। বিষয়টি শেখ হাসিনার চীন সফরে প্রচ্ছন্ন কোনও ছায়া ফেলেছিলো কিনা তা নিয়ে কৌতূহল আছে। তাছাড়া, প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রস্তাবিত দক্ষিণ বাংলা উন্নয়ন নিয়েও চীনের সাড়া জানা যায়নি। চীন মূলত সুনির্দিষ্ট প্রকল্প প্রস্তাব চেয়েছে বলে কর্মকর্তারা বলছেন। পায়রা বন্দর থেকে শুরু করে কক্সবাজার পর্যন্ত গোটা উপকূল জুড়ে উন্নয়নের নানা প্রকল্প গ্রহণের জন্যে শেখ হাসিনা প্রস্তাব করেছেন।

চীনের প্রেসিডেন্ট শি জিনপিং বাংলাদেশকে অর্থনৈতিক সুবিধার প্যাকেজ ও রোহিঙ্গা প্রত্যাবাসনে দৃঢ় সহায়তা দেওয়ার প্রত্যয় ব্যক্ত করেছেন। গত বুধবার বিকেলে বেইজিংয়ের গ্রেট হলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে দ্বিপাক্ষিক বৈঠকে তিনি বাংলাদেশকে গ্রান্ট বা সহায়তা, সুদমুক্ত ঋণ, কনসেশনাল বা ছাড়যুক্ত ঋণ ও বাণিজ্যিক ঋণ–এই চার ধরনের অর্থনৈতিক সুবিধার একটি প্যাকেজ দেওয়ার ঘোষণা দেন। সেইসাথে চীনের প্রেসিডেন্ট নিজে থেকেই বাংলাদেশে আশ্রয় নেওয়া প্রায় ১৩ লাখ রোহিঙ্গা প্রত্যাবাসনে সর্বোচ্চ সহযোগিতা দেওয়ার কথা বলেন। তিনি মিয়ানমারের সেনাবাহিনীর সাথে এবং প্রয়োজনে আরাকান সেনাদলের সাথেও কথা বলবেন বলে জানান।

বৈঠক শেষে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বেইজিংয়ের সেন্ট রেজিস হোটেলে প্রেস ব্রিফিংয়ে এ কথা জানান। প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান ফজলুর রহমান এমপি ও প্রেস সচিব নাঈমুল ইসলাম খান ব্রিফিংয়ে উপস্থিত ছিলেন।

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী হাছান বলেন, প্রধানমন্ত্রীর এই চীন সফর শতভাগ সফল হয়েছে। চীনের প্রেসিডেন্ট বৈঠকে শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের উন্নয়নকে অভূতপূর্ব বর্ণনা করেন এবং চীনা সহায়তা অব্যাহত থাকবে বলে জানান। শি জিনপিং বলেন, ২০২৫ সালে চীন-বাংলাদেশ কূটনৈতিক সম্পর্কের ৫০ বছরপূর্তিতে সম্পর্ককে দ্বিতীয় পর্যায়ে উন্নীত করে এ উদযাপনকে অর্থবহ করতে তারা প্রস্তুত।

চীনের প্রেসিডেন্ট 'শুদ্ধ গভর্নেন্স নিজস্ব শুদ্ধ পার্টি' বা 'সুশাসনের জন্য ভালো দল' মন্তব্য করে চীনের কমিউনিস্ট পার্টির সাথে বাংলাদেশ আওয়ামী লীগের যোগাযোগ বৃদ্ধি ও বন্ধনের ওপর জোর দেন, উল্লেখ করেন পররাষ্ট্রমন্ত্রী। পাশাপাশি শি জিনপিং বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ, কারিগরী, কৃষি ও উৎপাদন খাতে সহায়তা এবং ছাত্রবৃত্তি বৃদ্ধির আশ্বাস দেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামের আনোয়ারায় চীনের জন্য একক বরাদ্দ ৮০০ একর জমিসহ বিশেষ অর্থনৈতিক অঞ্চল ও আইটি ভিলেজগুলোতে বিনিয়োগবৃদ্ধি এবং বাংলাদেশ থেকে পাট ও চামড়াজাত পণ্য, ফার্মাসিউটিক্যালস, সিরামিক, আম ও অন্যান্য ফলসহ পণ্য আমদানি বৃদ্ধির মাধ্যমে বাণিজ্য ঘাটতি কমিয়ে আনার আহ্বান জানালে চীনের প্রেসিডেন্ট ইতিবাচক সাড়া দেন।

এদিকে, চীন সফর শেষ করে কয়েক ঘণ্টা আগেই বাংলাদেশে ফিরে আসেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ১১ তারিখ সকালের পরিবর্তে ১০ জুলাই রাতে প্রধানমন্ত্রীর বেইজিং ত্যাগ প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার কন্যা সায়মা ওয়াজেদ বেশি অসুস্থ হওয়ার কারণে চীন সফরের সকল অনুষ্ঠান অপরিবর্তিত রেখে শুধু ১১ তারিখ সকালের পরিবর্তে ১০ জুলাই রাতে বাংলাদেশে ফিরে আসার সিদ্ধান্ত নিয়েছেন।

# আর্জেন্টিনা-কলম্বিয়া ফাইনাল রোববার

১ পৃষ্ঠার পর

আগামী রোববার (১৪ জুলাই) যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের হার্ড রক স্টেডিয়ামে কোপা আমেরিকার ফাইনাল ম্যাচে মাঠে নামবে আর্জেন্টিনা এবং কলম্বিয়া। ইস্ট কোস্টের স্থানীয় সময় রাত ৮টায় শুরু হবে ম্যাচটি।

২০০১ সালে সর্বশেষ কোপা আমেরিকার ফাইনালে উঠেছিল কলম্বিয়া। সেবার উরুগুয়েকে হারিয়ে শিরোপাও জিতেছিল দলটি। ২৩ বছর পর আবারও সেই মঞ্চে কলম্বিয়ানরা। তবে সামনে কঠিন প্রতিপক্ষ আর্জেন্টিনা।

আর্জেন্টিনার বিপক্ষে এই ম্যাচের আগে কলম্বিয়াকে আত্মবিশ্বাস যোগাবে তাদের সাম্প্রতিক পারফরম্যান্স। ২০২২ সালের পর আর আন্তর্জাতিক ফুটবলে কোনো ম্যাচ হারেনি দলটি। এরপর টানা ২৮ ম্যাচে অপরাজিত আছে দলটি। চলমান কোপা আমেরিকায়ও কোনো ম্যাচ হারেনি কলম্বিয়া। সবচেয়ে বড় কথা, ফর্মে রয়েছেন দলটির বড় তারকা হামেস রদ্রিগেজ। দলীয় পারফরম্যান্সেও বেশ নির্ভার দলটি।

আর্জেন্টিনার জন্য ম্যাচটি আবেগে মোড়া। এই ম্যাচ দিয়ে আন্তর্জাতিক ফুটবলকে বিদায় জানাবেন দলটির তারকা ফুটবলার অ্যানহেল দি মারিয়া। লিওনেল মেসিও ক্যারিয়ারের ইতি টানতে পারেন এই ম্যাচ দিয়ে। সেমিফাইনালে জয়ের পর এমন কিছুরই ইঙ্গিত দিয়েছিলেন আর্জেন্টাইন মহাতারকা। এই দুই তারকার জন্য হলেও ম্যাচটি জিততে চাইবে আর্জেন্টিনা। জমজমাট ফাইনাল ম্যাচটি টিভিতে দেখা যাবে স্পোর্টস ভিত্তিক বেসরকারি চ্যানেল টি-স্পোর্টসে। এছাড়া অনলাইনে টি-স্পোর্টস অ্যাপেও দেখা যাবে খেলা। পাশাপাশি সনি ওয়ান, সনি ওয়ান এইচডি, সনি টু, সনি টু এইচডি, সনি লাইভ অ্যাপে খেলা উপভোগ করা যাবে।

# কঠিন চ্যালেঞ্জের মুখে বাইডেন

১ পৃষ্ঠার পর

আছেন। গার্ডেন স্টেটে এই জরিপ পরিচালনা করেছে কো ইফিসিয়েন্ট মার্কেট কোম্পানী।

ইমারসন কলেজ জরিপে ট্রাম্প শতকরা ৪৬ ভাগ সমর্থনে এগিয়ে আছেন। বাইডেন পক্ষে সেখানে সমর্থন শতকরা ৪৩ ভাগ। অনেকে বাইডেন ও ট্রাম্প উভয়কেই অযোগ্য হিসেবে আখ্যায়িত করে ভোট কেন্দ্রে না যাবার কথা বলেছেন। জরিপ অনুসারে, শতকরা ৭৮ ভাগ রিপাবলিকান ট্রাম্পের পক্ষে শক্ত অবস্থানে রয়েছেন। পক্ষান্তরে বাইডেনের পক্ষে 'মোটিভেটেড' ডেমোক্র্যাটের সংখ্যা ৬৩ ভাগ। পর্যবেক্ষকরা বলছেন, বরঞ্চ ভাইস প্রেসিডেন্ট কামালা হ্যারিস কিংবা সাবেক ফার্স্ট লেডি মিশেল ওবামা প্রেসিডেন্ট প্রার্থী হলে ডেমোক্র্যাটরা বেশি উজ্জীবিত হবেন। এদিকে জো বাইডেন বলেছেন, তিনি প্রেসিডেন্ট নির্বাচন থেকে সরে দাঁড়াবেন না। একমাত্র ঈশ্বরই তাকে সরাতে পারেন, অন্য কেউ নন।

এদিকে 'আনডিসাইডেড ও স্বতন্ত্র' ভোটাররা মুখ ফিরিয়ে নিচ্ছেন বাইডেনের দিক থেকে। গত বিতর্কের আগে স্বতন্ত্র ভোটারদের শতকরা ৬৫ ভাগ ছিল বাইডেনের দিকে। বিতর্কের পর তা নেমে এসেছে শতকরা ৪৮ ভাগে। আর এর ফলে নিউইয়র্কসহ সুইং স্টেটগুলো বাইডেনের জন্য বিপদজনক হয়ে উঠছে। নির্বাচনী পর্যবেক্ষকরা বলছেন, নিউইয়র্ক ও নিউজার্সি ব্যাটলগ্রাউন্ড স্টেট হিসেবে আবির্ভূত হলে সুইং স্টেটগুলো বাইডেনের জন্য সুখকর বার্তা দিবে না।

# মার্কিন টিভির চাঞ্চল্যকর তথ্য

১ পৃষ্ঠার পর

ভুলে যোগাযোগের ভিডিওগুলো পরীক্ষা করে জানিয়েছিল যে, এসব অপরাধযজ্ঞে যুক্তরাষ্ট্রের দেওয়া গোলাবারুদ ও বিস্ফোরকই ব্যবহার করা হয়েছে। ইসরাইলী নৃশংসতায় সেখানেও ৪০ জনেরও বেশি ফিলিস্তিনি হতাহত হন।

এদিকে বাইডেন প্রশাসন আরও অত্যধিক পরিমাণে বোমা বা ক্ষেপণাস্ত্র পাঠাচ্ছে বলে জানিয়েছে মার্কিন দৈনিক ওয়াল স্ট্রিট জার্নাল। গণমাধ্যমটি বলছে, যুক্তরাষ্ট্র সরকার ইসরাইলের কাছে এবার ৫০০ পাউন্ড বা ২২৭ কেজি ওজনের বোমা পাঠাচ্ছে। ইতোমধ্যেই এসব বোমা ইসরাইলে পাঠানোর কাজ শুরু হয়ে গেছে। আগামী কয়েক সপ্তাহের মধ্যে সেসব অধিকৃত ফিলিস্তিনে পৌঁছে যাবে।

কিছুদিন আগে ইসরাইলি গণমাধ্যমের বরাত দিয়ে আল মায়াদিন টেলিভিশন জানিয়েছিল যে, বিপুল সমরাস্ত্র নিয়ে দশটি যুক্তরাষ্ট্রের পরিবহন বিমান অধিকৃত ফিলিস্তিনে অবতরণ করেছে।

গাজায় যুদ্ধ শুরু হওয়ার পর থেকে যুক্তরাষ্ট্র সরকার তেলআবিবে সামরিক সাহায্য ও রসদ পাঠাতে মোটেও বিলম্ব করেনি। আর তাই বিশ্ব-সমাজ ওয়াশিংটনকে গাজায় ফিলিস্তিনিদের ওপর ইসরাইলি গণহত্যা বা জাতিগত নিধন-অভিযানের শরিক বলে দায়ী করছে।

ইসরাইল গত বছরের ৭ অক্টোবর থেকে গাজা ও পশ্চিম তীরে মজলুম ও প্রতিরক্ষাহীন ফিলিস্তিনিদের ওপর গণহত্যা চালিয়ে যাচ্ছে। ইসরাইলি বর্বরতায় এ পর্যন্ত গাজায় ৩৮ হাজার ৩৪৫ জন ফিলিস্তিনি নিহত এবং ৮৮ হাজারেরও বেশি আহত বা পঙ্গু হয়েছেন।

১৯১৭ সালে উপনিবেশবাদী ব্রিটেনের ব্যালফোর নামক ঘোষণার আলোকে ইসরাইলের অস্তিত্ব গড়ে ওঠে এবং বিশ্বের নানা অঞ্চল থেকে ইহুদিদের ফিলিস্তিনে এনে অভিবাসন করতে উৎসাহ যোগায়। পরে ১৯৪৮ সালে ইসরাইল তার অস্তিত্ব ঘোষণা করে। সেই থেকে ফিলিস্তিনি জনগণের ওপর গণহত্যা এবং গোটা ফিলিস্তিনের ভূখণ্ডগুলোকে দখলে নেওয়ার নানা ষড়যন্ত্র বাস্তবায়নে পদক্ষেপ নিয়ে যাচ্ছে।

এমন প্রেক্ষাপটে বিশ্বের মাত্র কয়েকটি দেশের সরকার ইরানের দাবির সঙ্গে সুর মিলিয়ে ইসরাইলি উপনিবেশবাদী শাসন বিলুপ্ত করার ও ইহুদিদের তাদের নিজ নিজ দেশে ফিরে যাওয়ার জোরালো দাবি জানিয়ে আসছে।

# যুক্তরাষ্ট্রের কাছে বাংলাদেশের মানব পাচারের তথ্য

১ পৃষ্ঠার পর

আমিন নয়ন অন্যতম। বাংলাদেশ থেকে আল আমিন নয়নকে পাচারকারীরা বিদেশে নিয়ে জিম্মি করেছিল। এক সময় তারা তাকে বিক্রি করে দিয়েছিল। সেখান থেকে তিনি পালিয়ে দেশে ফিরে গত ১৫ বছর ধরে তিনি মানব পাচার প্রতিরোধে কাজ করে চলেছেন। তিনি এ পর্যন্ত পাচার হওয়া ৩৫ হাজার বাংলাদেশিকে সহযোগিতা দিয়েছেন। ওয়াশিংটনে স্টেট ডিপার্টমেন্টের আমন্ত্রণে আসা বাংলাদেশের আল আমিন নয়নের হাতে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন 'টিআইপি হিরো' অ্যাওয়ার্ড তুলে দেন।

স্টেট ডিপার্টমেন্টের এই এওয়ার্ড প্রদান অনুষ্ঠানে ব্লিংকেন বলেন, বাংলাদেশের আল আমিন নয়ন ২০০৭ সালে পাচারকারীদের শিকার হয়ে এক দুঃখজনক জীবন কাটান। বন্দী অবস্থা থেকে ফিরে এসে পাচার হওয়া মানুষের পাশে দাঁড়িয়েছেন তিনি। বাংলাদেশ থেকে পাচার হওয়ার পর বেঁচে যাওয়া হাজার হাজার বিপদগ্রস্ত মানুষকে সহায়তা করেছেন আল আমিন নয়ন। ব্লিংকেন বলেন, তার এই কাজের জন্য হাজার হাজার বাংলাদেশি তার কাছে আজ কৃতজ্ঞ। তিনি বলেন, পাচারকারীদের কবল থেকে বেঁচে যাওয়া বাংলাদেশের আল আমিন নয়নের মতো ব্যক্তিদের সঙ্গে আমাদের কাজ করতে হবে। বেসরকারী খাত, নাগরিক সমাজ, বহুজাতিক সংস্থা এবং বেঁচে ফেরা মানুষের সঙ্গে কাজ করতে হবে যারা জটিল চ্যালেঞ্জটি বুঝে। মানব পাচার এমন একটি সমস্যার নাম যা কোন একটি জাতি একা সমাধান করতে পারবে না। স্টেট ডিপার্টমেন্টের মানব পাচার রিপোর্ট 'টিআইপি' প্রকাশ করে অ্যান্টনি ব্লিংকেন বলেন, মানব পাচারে জড়িত দুষ্কৃতকারীরা তাদের পদ্ধতিগুলোর উন্নয়ন ঘটিয়ে চলেছে। মানব পাচারের প্রবণতা এবং কৌশল ধরার জন্য মেশিন লার্নিং উদ্যোগের বিকাশ ঘটানো হয়েছে। দেশে দেশে মানব পাচারের বিরুদ্ধে লড়াইয়ে যুক্তরাষ্ট্র স্টেট ডিপার্টমেন্ট অন্যান্য সরকারের সঙ্গে কাজ করছে।

উল্লেখ্য, গত ২৪ জুন আয়োজিত স্টেট ডিপার্টমেন্টের এই এওয়ার্ড প্রদান অনুষ্ঠানে যোগ দিতে আল আমিন নয়ন বাংলাদেশ থেকে সংক্ষিপ্ত সময়ের জন্য যুক্তরাষ্ট্র এসেছিলেন। দেশে ফিরে গিয়ে এক টেলিফোন আলাপে আল আমিন নয়ন সাপ্তাহিক আজকালকে বলেন, আমি কোনদিন কল্পনাই করিনি এত বড় কোন অ্যাওয়ার্ড পাব। এই প্রাপ্তি আমার বোঝানো যাবে না। আমেরিকায় এবারই আমার প্রথম সফর। ওয়াশিংটনে যাওয়ার পর ইউএন অ্যাম্বেসেডর আর্ট লার্জ এন্ড ট্রাফিকিং ইন পার্সন সিন্ডি ডায়ার আমার অতীত ঘটনা শুনে বিস্মিত হয়ে যান। তিনি কমপক্ষে পঞ্চাশ মিনিট ধরে আমার বিভীষিকাময় জীবনের ঘটনা শোনেন। রাজশাহীর গোদাগাড়িতে আমার জন্ম ও বেড়ে উঠা। টানাপোড়নের সংসার। জীবিকার সন্ধানে ২০০৭ সালে আমি একটি গ্রুপের মাধ্যমে ঢাকা থেকে মালয়েশিয়া গিয়েছিলাম। সেখানে গিয়ে কোন কাজ পাইনি। এক রাতে কাজের কথা বলে তারা আরেকটি গ্রুপের কাছে আমাকে তুলে দেয়। পরে জানতে পারলাম প্রথম গ্রুপ আমাকে বিক্রি করে দিয়েছে একটি তামিল গ্রুপের কাছে। রাতে তারা আমার মতো আরও কয়েকজনকে নিয়ে রওনা দেয়। গভীর রাতে আমাদের গাড়ীটি একটি গহীন জঙ্গলের পাশে গিয়ে থামে। হাত বাধা অবস্থায় হাঁটতে হয়েছে অনেক দূর। সেখানেই মানব পাচারকারীদের একটি সেলে আমি সাত মাস বন্দী থেকে নির্যাতিত হয়েছি। আল আমিন নয়ন ফোনে জানিয়েছেন, যুক্তরাষ্ট্র থেকে ফিরে আসার পর ঢাকায় মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস তাকে অফিসে আমন্ত্রণ জানান। তিনি সেখানে তার অ্যাওয়ার্ড প্রাপ্তি ও যুক্তরাষ্ট্র সফরের অভিজ্ঞতার কথা তুলে ধরেন। আল আমিন নয়ন 'আজকাল'কে আরও জানান, বাংলাদেশে মানবপাচারকারী চক্রের কয়েকজন সদস্য তার নামে মিথ্যা মামলা দায়ের করেছে। তা তিনি জানতেন না। প্রভাবশালীদের সহযোগিতায় গত ডিসেম্বরে পুলিশ বিমানবন্দর থেকে তাকে ধরে আদালতে হাজির করলে বিচারক তাকে ঢাকার কেরানীগঞ্জের কারাগারে পাঠান। সেখানে ৮ দিন জেল খেটেছেন আল আমিন নয়ন।

উল্লেখ্য, বিশ্বে মানব পাচার প্রতিরোধ নিয়ে প্রতি বছর যুক্তরাষ্ট্র ট্রাফিকিং ইন পার্সন (টিআইপি) রিপোর্ট প্রকাশ করে থাকে। গত ২৪ জুন প্রকাশিত টিআইপি'র এবারের রিপোর্টে বলা হয়েছে, 'গত দুই দশকে মানব পাচারের বৈশ্বিক প্রবণতা এই রিপোর্টে পর্যালোচনা করা হয়েছে। বিশ্বব্যাপী পাচার হওয়া ২৭ মিলিয়ন মানুষকে দুই দশকে শ্রম ও বাণিজ্যিক যৌনশ্রম কাজে ব্যবহার করেছে দুর্বৃত্ত গোষ্ঠী'।

স্টেট ডিপার্টমেন্টের এই রিপোর্টে বলা হয়েছে, 'বাংলাদেশ সরকার মানব পাচার নির্মূলের জন্য ন্যূনতম মানগুলি সম্পূর্ণরূপে রক্ষা করে না। সরকার এই প্রথমবারের মতো পাচারের শিকার হওয়াদের ক্ষতিপূরণ তহবিলে অর্থ জমা করেছে। মানব পাচার করে দেশে বিদেশে বিক্রি করে থাকে অপরাধীরা। অপরাধমূলক জোরপূর্বক যৌন কাজে জড়িতদের মোকাবেলায় পর্যাপ্ত পদক্ষেপ নেয়নি বাংলাদেশ সরকার। বরং মানব পাচারকে অভিবাসী চোরাচালানের সাথে মিশিয়ে ফেলা হয়েছে। বাংলাদেশে ১০ শতাংশেরও কম নারী স্বেচ্ছায় বাণিজ্যিক যৌন পল্লীতে যেয়ে থাকে।'

রিপোর্টে বলা হয়, বিশ্বজুড়ে মানব পাচারকারী নেটওয়ার্কগুলি সোশ্যাল মিডিয়ার মাধ্যমে, ডেটিং অ্যাপের মাধ্যমে, গেমিং প্ল্যাটফর্মের মাধ্যমে অন লাইনে তাদের লক্ষ্যবস্তুতে পরিণত করে। মানব পাচারকারীরা ভুক্তভোগীদের ফাঁদে ফেলার জন্য অন লাইন ব্যবহার করে। তাদের ধরার জন্য মার্কিন যুক্তরাষ্ট্র ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করছে।

যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্ট এ বছর বিশ্বজুড়ে মানব পাচার বিরোধী তৎপরতার জন্য দশ দেশের ১০ জনকে টিআইপি হিরো' সম্মাননায় ভূষিত করেছে। দেশগুলো হচ্ছে: বাংলাদেশ, ফিলিপাইন, স্পেন, বলিভিয়া, কেনিয়া, ইরাক, নাইজেরিয়া, মালি, কিরিবা এবং জাম্বিয়া। তাদের মধ্যে অ্যাওয়ার্ড পাওয়া একমাত্র বাংলাদেশের আল আমিন নয়ন ছিলেন একজন ভিকটিম। আল আমিন নয়ন মানবপাচার বিরোধী কাজ নিয়ে ঢাকায় ব্র্যাকের সঙ্গে যুক্ত রয়েছেন।

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

# বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

Geriatric Medicine

## শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**

# LAW OFFICES OF RUMA JUNNATUL, PLLC

## ইমিগ্রেশন, সিভিল এবং ফ্যামিলি ল' সহ যে কোন আইনি সহায়তা নিন।

আমারদের পরামর্শ সমূহঃ

**ইমিগ্রেশন**

- * গ্রীনকার্ড * সিটিজেনশিপ * এসাইলাম
- * আপিল * USCIS আবেদন
- * VAWA পিটিশন * I-130
- * Cancellation of Removal
- * EB2, EB3, NIW

**ডিভোর্স**

- * কনটেস্ট * নন কনটেস্ট

**ল্যান্ডলর্ড এন্ড ট্যানেন্ট**

- * ইভেকসান

**এক্সিডেন্ট এন্ড ইনজুরি**

**সিভিল কোর্ট প্রসিডিংস**



এটর্নী জন্নাতুল রুমা
জুরিস ডক্টর
এটর্নী এট ল (নিউইয়র্ক)

We assist immigration clients in all 50 states.

বিশ্বস্ততার সাথে বাংলাদেশী কমিউনিটি আইনি সহায়তা প্রদান

For Appointment — Open 5 days weeks

(718) 427-1233, (516) 549-6707

rumalawny@gmail.com

আমরা এখন নতুন ঠিকানায়

জ্যাকসন হাইটস অফিস:

37 51 75th Street, Suite: 1A, Jackson Heights, NY 11372

PEOPLE N TECH

A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

**PROVIDED JOBS TO 7000+ STUDENTS. 100% JOB PLACEMENT RECORD FOR THE LAST 17 YEARS.**

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

## জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file

## নুসরাত জেরিন

**CALL: 917-436-0954**

- সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
- কম সময় এবং নূন্যতম ফি
- ট্যাক্স, ইমিগ্রেশন
- কন্সালটেশন, নোটারী পাবলিক
- নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
**718-480-6904, 917-436-0954**
Email: globalnusrat@gmail.com



## লায়ন্স ক্লাবের নির্বাচিত প্রতিনিধিদের সংবর্ধনা

৬২ পৃষ্ঠার পর

সংগীত এবং লায়নের প্রার্থনা অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাপ্তাহিক আজকাল সম্পাদক শাহ নেওয়াজ, প্রাক্তন নিউ ইয়র্ক লায়ন ক্লাবের প্রেসিডেন্ট মতিউর রহমান, আজিজুল হক, বিশিষ্ট সাংবাদিক সাহিদ তারিক, মিজানুর রহমান, রশিদুল বারি, কাজি আজহারুল হক মিলন, প্রফেসর সেলোয়ার হোসেন, আলি ইমাম সিকদার, গোফরানুর রহমান, লায়ন ডিস্টিক্ট ২০ আর ২ এর সেক্রেটারি আহসান হাবিব, জ্যামাইকার বিশিষ্ট ব্যবসায়ি আহসান হাবিব, ওজন পার্কের আবু নাছের, আবিদুর রশিদ বাবু, জিলানি, ফরহাদ, কামরুজ্জামান, নিউ ইয়র্ক লায়নের ফখিদ রফি, ব্রুকস লায়ন প্রেসিডেন্ট সাইফুল ইসলাম, ওজন পার্কের হোম কেয়ার ব্যবসায়ি নুর মোহাম্মদ, ইকবাল হোসেন, আতিকুর রহমান, আবু তাহের, হোম কেয়ার ব্যবসায়ি মাহফুজুর রহমান, মীরশ্বরাই সমিতির প্রেসিডেন্ট মোজবাহ উদ্দিন, কাউচার চৌধুরী প্রমুখ। সকাল ১১টা থেকে অনুষ্ঠান শুরু হয় এবং শেষ হয় বিকেল তিনটায়। এর মধ্যে আগত অতিথিদের আপ্যায়িত করা হয়।

















# সিরাজগঞ্জ জেলা সমিতির বনভোজন ও পুনর্মিলনী

৩ পৃষ্ঠার পর

সোসাইটির সভাপতি রাফায়েল তালুকদার, সাধারণ সম্পাদক আশরাফুজ্জামান, সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ কাশেম ও কমিউনিটি এক্টিভিস্ট তোফায়েল ইসলাম চৌধুরী। বিভিন্ন পর্বে বনভোজনে সঞ্চালকের দায়িত্ব পালন করেন সমিতির সভাপতি আব্দুর রৌফিক সেবু, সাধারন সম্পাদক নাদির উজ্জল, উপদেষ্টা রুহুল সরকার ও সাংস্কৃতিক সম্পাদিকা রেদওয়ানা রাজ্জাক সেতু। এই সমিতির বনভোজনের বড় আকর্ষন হচ্ছে র‍্যাফেল ড্র। সাবেক সভাপতি কামরুজ্জামান কামরুল ও সাধারন সম্পাদক মৌসুমী খানের নেতৃত্বে পরিচালিত হয় র‍্যাফেল ড্র পর্ব। প্রায় ৩ শতাধিক সিরাজগঞ্জবাসী এই লটারি পর্ব উপভোগ করেন ও ভাগ্যবানরা পুরষ্কার জিতে নেন। লটারির প্রথম পুরস্কার স্বর্ণের সেট কর্ণফুলি ট্যাক্স সার্ভিসেস এর মোহাম্মেদ হাশেম ও দ্বিতীয় পুরষ্কার ঢাকা-নিউইয়র্ক টিকেট (৮০০ ডলারের সমমূল্য নগদ) প্রদান করেন জমজম ট্রাভেলস এর মুন্না। মোট ২০টি পুরষ্কারের উপর ড্র অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রান্ত স্পনসর ছিল আশা হোম কেয়ার। চিরাচরিত ভাবে ছিল সকালে ও দুপুরে নানা পদের খাবার ,ছোটদের জন্য খেলনা, বিকেলে









চা-মুড়ির ব্যবস্থা। এই বনভোজনকে সফল করতে সিরাজগঞ্জ জেলা সমিতি গঠন করেছিল একটি আহবায়ক কমিটি। এতে ইঞ্জিনিয়ার রোকনী আহবায়ক, কামরুজ্জামান কামরুল প্রধান সমন্বয়কারি, শরীফ খান মৌসুমি প্রধান পৃষ্ঠপোষক, জহুরুল ইসলাম খান সুজন সদস্য সচিব ও রুবেল হাসান স্বর্ণা সমন্বয়কের দায়িত্ব পালন করেন। অনুষ্ঠানে চাঁদা কালেকশন ও র‍্যাফেল ড্র'র টিকেট বিক্রিতে মূল দায়িত্ব পালন করেন সাইফুল ইসলাম ও আব্দুল হালিম।

বনভোজনকে সফল করতে সময় করেছেন মঈদুল ইসলাম মনি, জান্নাতুল ফেরদৌস লিপি,খান হোসেন বিপু সেলিম রেজা, মোমিন মানিক,মাসুদ রানা,সেলজামিন হামিদ অনু,জহিরুল ইসলাম টিপু ও কেয়া আফরোজা শুনা। লটারী পর্ব শেষে সভাপতি আব্দুর রৌফ সেবু ও সাধারন সম্পাদক নাদির উজ্জল বনভোজন সফল করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বনভোজন উপলক্ষে সংগঠনটি 'হৃদয়ে সিরাজগঞ্জ' নামে একটি স্মরনিকা প্রকাশ করে। এ বনভোজনের ৫৫০ জন অতিথিকে আপ্যায়নের প্রস্তুতি ছিল।

# ২২ বছর পর মিলল নিখোঁজ পর্বতারোহীর অক্ষত মরদেহ

৩ পৃষ্ঠার পর

যাওয়ায় তার মরদেহটি দৃশ্যমান হয়েছে।' গত মাসে সেখান থেকে ইতালির নাগরিক এক পর্বতারোহীর মরদেহ উদ্ধার করা হয়েছে। তিনি আন্দিয়ানের আরেকটি পর্বতে ওঠার চেষ্টা করার সময় পড়ে গিয়েছিলেন।

বার্তা সংস্থা এএফপির বরাত দিয়ে এনডিটিভি এক প্রতিবেদনে জানিয়েছে, ২০০২ সালে পেরুর বরফে আবৃত হুয়াসকারানের ২২ হাজার ফুট উচ্চতার পর্বতে আরোহণ করতে যান মার্কিন পর্বতারোহী উইলিয়াম স্টাম্পফল (৫৯)। এ সময় তিনি এবং তার দলটি তুষারঝড়ের কবলে পড়েন। পরে স্টাম্পফলকে খুঁজে পাওয়া না গেলে, তার সন্ধানে অভিযান চালানো হয়। কিন্তু তাতে কোনো লাভ হয়নি। পুলিশের দেয়া ছবিতে দেখা গেছে, বরফের মধ্যে থাকার কারণে স্টাম্পফলের মরদেহ, পরনের পোশাক, সাজসজ্জা, পায়ের জুতা বেশ ভালোভাবেই সুরক্ষিত আছে। এমনকি তার সঙ্গে পাসপোর্টও পাওয়া গেছে। এ কারণে সহজেই তার পরিচয় শনাক্ত করা গেছে। পেরুর উত্তর-পূর্বাঞ্চলে হুয়াসকারান ও কাশানের মতো বরফাবৃত পর্বতগুলোর অবস্থান। বিশ্বের পর্বতারোহীদের কাছে এ পর্বতগুলো বেশ আকর্ষণীয়। সেখানে এক ইসরায়েলি পর্বতারোহী নিখোঁজ হওয়ার এক মাস পর গত মে মাসে তাঁর মরদেহ উদ্ধার করা হয়েছে।




# যুক্তরাষ্ট্র আ.লীগ ও বঙ্গবন্ধু ফাউন্ডেশনের সভায় মির্জা আজম

৬২ পৃষ্ঠার পর

আওয়ামী লীগ।

কুইন্স প্যালেসে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন দলের সভাপতি ড. সিদ্দিকুর রহমান এবং সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ। নিউইয়র্ক স্টেট এবং মহানগর কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকও এ সময় শুভেচ্ছা বক্তব্য দেন। অনুষ্ঠানে মির্জা আজমকে ছাত্রলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগের নেতা-কর্মীরা ফুলেল শুভেচ্ছা জানান। মতবিনিময়কালে মির্জা আজম প্রবাসের সকলকে ঐক্যবদ্ধ থাকার উদাত্ত আহবানের পাশাপাশি দেশ বিরোধী যে কোনো অপতৎপরতাকে আন্দোলন করে রুখে দেয়ার পরামর্শও প্রদান করেন।

মির্জা আজম এমপি, বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫তম জন্ম জয়ন্তিতে আমাদের শপথ নিতে হবে আওয়ামী লীগের জন্ম এবং বাঙালির মুক্তির জন্যে দীর্ঘ পথ-পরিক্রমা নতুন প্রজন্মকে অবহিত করার তাগিদ দিয়ে বলেন,প্রবাসের প্রজন্মের সমন্বয়েই আমেরিকার মত একটি দেশ আজ বিশ্বে সবচেয়ে ক্ষমতাবান হিসেবে স্বীকৃত।

অপর দিকে বঙ্গবন্ধু ফাউন্ডেশনের যুক্তরাষ্ট্র শাখার উদ্যোগে ৯ জুলাই সন্ধ্যায় জ্যাকসন হাইটসে শেফ মহল পার্টি হলের সমাবেশে মির্জা আজম এমপি বলেন, খন্দকার মোশতাক এবং জিয়া গংদের ষড়যন্ত্রের লক্ষ্য ছিল বাংলাদেশকে মুক্তিযুদ্ধের চেতনা থেকে দূরে সরানো। সে লক্ষ্যে সামরিক জান্তা জিয়ার নির্দেশে ঢাকাস্থ কেন্দ্রীয় কারাগার ও আশপাশে শতশত মানুষকে ফাঁসি দেয়া হয়-যার প্রায় সকলেই ছিলেন বীর মুক্তিযোদ্ধা এবং বঙ্গবন্ধুর চেতনায় উজ্জীবিত সামরিক অফিসার। মির্জা আজম বলেন, সেই জিয়ার সৃষ্টি বিএনপি এখন একই খেলায় মেতে উঠেছে।

সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক আব্দুল কাদের মিয়া। বিশেষ সম্মানীত অতিথি হিসেবে বক্তব্য দেন নিউইয়র্কে বাংলাদেশের কন্সাল জেনারেল মো. নাজমুল হুদা। অনুষ্ঠানে বক্তব্য দেন সম্মিলিত কমান্ডারস ফোরাম-মুক্তিযুদ্ধ'৭১ এর যুক্তরাষ্ট্র শাখার সভাপতি এবং বঙ্গবন্ধু ফাউন্ডেশনের কম্যুনিকেশন্স ডাইরেক্টর মুক্তিযোদ্ধা লাবলু আনসার, মোহাম্মদ ফজলুল হক, ঢাকাস্থ চট্টগ্রাম সমিতির সাবেক সাধারণ সম্পাদক বিশিষ্ট শিল্পপতি মো. গিয়াস উদ্দিন এবং বাকসুর সাবেক জিএস ড. প্রদীপ কর।

সমাবেশে ছিলেন বীর প্রতিক খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা মেজর (অব:) মঞ্জুর আহমেদ, মুক্তিযোদ্ধা রেজাউল বারি, হাবিব রহমান আকন্দ, আবুল বাশার চুন্নু, মোজাম্মেল হক, মাহমুদ হাসান, কামরুজ্জামান শিকদার, নুরুল ইসলাম, আব্দুল মালেক, মো. হেলাল মজিদ, আব্দুল কাদের, মো. গুলজার হোসেন, মেসবাহউদ্দিন চৌধুরী, মো. নাজিমউদ্দিন, মো. এনামুল হক, আবুল বাশার ভূঁইয়া, মো. আব্দুর রহমান, ফেন্সি কোম্পানীর মোজাম্মেল হক, এম এ হাসান, আশরাফ চৌধুরী, এ কাদের, শামসুল আলম চৌধুরী, নাজমুল হক, জাহিদ হাসান, প্রাণগোপাল কুন্ড, নজরুল ইসলাম বাবুল, হাজী জাফরউল্লাহ, সাহাবউদ্দিন চৌধুরী লিটন, আরিফুল ইসলাম, এ টি এম মামুন, নুরুল আনোয়ার,রিদোয়ান বারি ,কামাল হোসেন মিঠু প্রমুখ।

প্রসঙ্গত: পারিবারিক সফরে এসেছিলেন মির্জা আজম। ১০ জুলাই সকালে ঢাকার উদ্দেশ্যে জেএফকে ত্যাগের আগে এটি ছিল তার সর্বশেষ সমাবেশে ভাষণ। সবকটি সমাবেশেই তার স্ত্রী দেওয়ান আলেয়া আজম এবং দুই কন্যা মির্জা আফিয়া আজম অপি এবং মির্জা আনফিয়া আজম অমিও ছিলেন।



# আপনি কি সহজে ড্রাইভিং লাইসেন্স পেতে চান?

আমরা আপনাকে সহজে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার নিশ্চয়তা দিচ্ছি।
আমাদের দক্ষ ছেলে / মেয়ে ইনস্ট্রাকটার আপনাকে যত্নসহকারে নিখুঁতভাবে তৈরী করবে।



**BEGINNER'S DRIVING ACADEMY**

**Please Call**

**(929) 244 7730**

129-20 Liberty Avenue
South Richmond Hill, NY 11419

71-16 35th Avenue
Jackson Heights, NY 11372

## চ্যাম্পিয়ন্স ট্রফিতেও হাইব্রিড মডেল!

৫৬ পৃষ্ঠার পর

কাপ খেলতে পাকিস্তানে যায়নি ভারত। ফলে রোহিত শর্মাদের ম্যাচ নিরপেক্ষ ভেন্যুতে করেছিল এশিয়ান ক্রিকেট কাউন্সিল। এবার আইসিসির কাছেও একইরকম আবেদন জানাতে চলেছে বিসিসিআই। সেক্ষেত্রে দুবাই বা শ্রীলঙ্কায় ম্যাচ খেলতে রাজি তারা। গেল এক দশকেরও বেশি সময় ধরে ভারত-পাকিস্তান দ্বিপাক্ষিক সিরিজ বন্ধ রয়েছে। দুই দেশের রাজনৈতিক টানাপড়েনের কারণে আইসিসি বা এসিসির কোনো টুর্নামেন্ট ছাড়া দুই দলের ম্যাচ দেখা যায় না। পাকিস্তান বিশ্বকাপ খেলতে ভারত সফর করলেও নিজেদের সিদ্ধান্তে অনড় থাকছে বিসিসিআই। এর আগে পাকিস্তান সফরে যেতে একটি শর্তের কথা জানিয়েছিলেন বিসিসিআইয়ের সহ-সভাপতি রাজিব শুক্লা। দেশটির সংবাদসংস্থা এএনআইকে তিনি বলেছিলেন, 'চ্যাম্পিয়ন্স ট্রফি খেলতে যাওয়া প্রসঙ্গে আমরা একটা কথাই বলতে পারি, সরকার যা বলবে আমরা তাই করব। সরকার অনুমতি দিলে অবশ্যই টিম পাঠানো হবে। সিদ্ধান্ত নির্ভর করবে সরকারের অনুমতির ওপরই।' পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) চাইছে, ভারতীয় দল দেশটিতে খেলতে যাক। আইসিসির কাছে পাঠানো খসড়া সূচিতে তিনটি ভেন্যু বেছে নিয়েছে বাবর আজমদের দেশ। এর মধ্যে ভারতের ম্যাচ রাখা হয়েছে লাহোরে। কারণ হিসেবে বলা হচ্ছে ভ্রমণ সংক্রান্ত নিরাপত্তা ঝুঁকি এড়ানো এবং ভারতীয় সীমান্তের কাছাকাছি শহরটির অবস্থান হওয়ায় দেশটির ক্রিকেট ভক্তদের যাতায়াত সহজ হওয়ার কথা। তবে একই ভেন্যুতে টুর্নামেন্টের ফাইনালও হওয়ার কথা রয়েছে। এদিকে, এশিয়া কাপের মতো চ্যাম্পিয়ন্স ট্রফি নিয়ে ভারত নিজেদের অবস্থানে অনড় থাকলে বেশ চাপেই পড়তে হবে পাকিস্তানকে। ভারত যদি পাকিস্তানে যেতে না চায়, সেক্ষেত্রে বাধ্য হয়েই হয়তো আইসিসিকে ম্যাচের ভেন্যু বদলাতে হবে। তবে এবার সব ম্যাচ নিজেদের মাটিতে আয়োজন করতে বদ্ধপরিকর পিসিবির চেয়ারম্যান মহসীন নকভী।

## বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মর্যাদা ও প্রত্যয় স্কিম নিয়ে কিছু প্রশ্ন

৬ পৃষ্ঠার পর

থেকে আরও কেড়ে নেওয়ার অপপ্রয়াসেরই নামান্তর? এর শেষ কোথায়? প্রসঙ্গত, প্রবল আশঙ্কাজনকভাবে ঘনীভূত একটি সংকটের কথাও আমাদের বিবেচনায় রাখা বাঞ্ছনীয়। আর সেটি হলো ভবিষ্যৎ প্রজন্ম যদি সরকারি চাকরিতে আগ্রহী না হয়ে বরং অন্য কোনো উৎপাদনমুখী কার্যক্রমে নিজের পেশা বেছে নেয়, তাহলে সেটি রাষ্ট্রের জন্য সন্দেহাতীতভাবে আশীর্বাদ হলেও সত্যিকারের মেধাবী সমাজ যদি শিক্ষকতা পেশার দৈন্যদশা দেখে তা থেকে মুখ ফিরিয়ে নেয়, তাহলে কি এই রাষ্ট্রের ভবিষ্যৎ ক্রমান্বয়ে হুমকির মুখে পতিত হবে না? একটি সর্বজনীন পেনশন স্কিম ঘোষণা করা নিঃসন্দেহে সরকারের অন্তর্ভুক্তিমূলক পরিকল্পনারই প্রতিফলন। সরকার চলমান পেনশন আতার যে টেকসই দিকটি বারবার সামনে আনছে, সেটিরও যৌক্তিকতা রয়েছে। তাই বিষয়টিকে সার্বিক অর্থে টেকসই করার সঙ্গে সঙ্গে কীভাবে সত্যিকার অর্থেই সর্বজনীন করা যায়, সেটি বিবেচনায় নেওয়া অত্যাবশ্যক। আমাদের মাথায় রাখতে হবে, এখনো একটি বিশাল পেশাগোষ্ঠী এই স্কিমের ঊর্ধ্বে রয়েছে। মূলত যাঁরা এই নীতিনির্ধারক গোষ্ঠী, তাঁদের একটি বিশাল অংশ নিজেদের পেশায় শুধু জ্যেষ্ঠ এ কারণে পুনর্নিয়োজিত সেবাপ্রাপ্ত হচ্ছেন। নৈতিকতার মানদণ্ডে এটিও কি কম বড় প্রশ্ন?

লেখক: অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

## পর্যাপ্ত পানি পান, রোদের প্রকোপ থেকে দূরে থাকার পরামর্শ

৩ পৃষ্ঠার পর

তাপমাত্রা। এনডব্লিউএস পরামর্শ দিয়েছে করার, শীতাতপ নিয়ন্ত্রিত রুমে বা ছায়ায় অবস্থান করার, সূর্যের আলো থেকে দূরে থাকার এবং প্রয়োজন ছাড়া ঘরের বাইরে বের না হওয়ার। তবে গরমে স্বস্তি পেতে অনেকেই যাচ্ছেন শীতাতপ নিয়ন্ত্রণ কেন্দ্রে, কেউবা আবার নদী বা লেকের ধারে।

## উইকিলিক্সের অ্যাসাঞ্জ কি প্রকৃতই আপস করলেন?

১২ পৃষ্ঠার পর

আরও ১৫০ জন বন্দিকে রেখে দিয়েছে, সেই তথ্য সামনে এনেছিলেন তিনি। তেমনই কাশ্মীরে কী হচ্ছে, তা-ও আমরা জানতে পেরেছি উইকিলিক্স-এর তথ্য থেকে। এখানেই জুলিয়ান অ্যাসাঞ্জের সাফল্য যে, তিনি কার্ল বার্নস্টাইন বা বব উডওয়ার্ডের ব্যক্তিগত উদ্যোগকে আরও বৃহত্তর আঙ্গিকে নিয়ে গিয়েছিলেন, তার সাংবাদিকতা হয়ে দাঁড়িয়েছিল কার্যত বিশ্বকে কে কী চোখে দেখে ও দেখছে তার স্বরূপ উদ্ঘাটিত করার। তাহলে প্রশ্ন আসে, নিজের 'অপরাধ' স্বীকার করে কেন জুলিয়ান অ্যাসাঞ্জ ওয়াশিংটনের সঙ্গে সমঝোতার রাস্তা বেছে নিলেন? আগেই উল্লেখ করেছি, এই সময়টায় অনেক কিছু ঘটছে। প্যালেস্টাইনকে কেন্দ্র করে আমেরিকা উত্তাল, আগামী প্রেসিডেন্ট নির্বাচনে জো বাইডেন ডেমোক্র্যাট প্রার্থী হিসাবে টিকে যেতে পারবেন কি না, তা নিয়েও গভীর সংশয় তৈরি হয়েছে। জো বাইডেন বনাম ডোনাল্ড ট্রাম্পের সম্ভাব্য লড়াইয়ের আগে জুলিয়ান অ্যাসাঞ্জের এই সমঝোতা করে নেওয়া কি অন্য কোনও রাজনৈতিক তাৎপর্য বহন করে? সবটা না হলেও অন্তত এটুকু আমরা বুঝতে পারি যে, রাষ্ট্র হিসাবে আমেরিকাও হয়তো চেয়েছে দরকার হলে জুলিয়ান অ্যাসাঞ্জের সঙ্গে একটা নিষ্পত্তিতে পৌঁছোনো। বিশেষ করে জো বাইডেনের প্রশাসনের। সে জো বাইডেন জানেন, হিলারি ক্লিনটনের প্রেসিডেন্ট হওয়ার সম্ভাবনাকে জুলিয়ান অ্যাসাঞ্জ একক চেষ্টায় ধ্বংস করে দিয়েছিলেন। আর তাই এখন, প্যালেস্টাইন নিয়ে তিনি এবং তার পররাষ্ট্র সচিব যে রকম নাকানিচোবানি খাচ্ছেন, তা জনগণের সামনে যত কম উঠে আসে, তত মঙ্গল। মার্কিন মুলুকে অনুসন্ধানী প্রতিবেদন লেখার বা রাষ্ট্রের মুখোমুখি দাঁড়িয়ে চ্যালেঞ্জ জানানোর অবস্থা রয়েছে, নিউইয়র্ক টাইমস' বা ওয়াশিংটন পোস্ট-এর এমন অনেক পোড় খাওয়া সাংবাদিককে দেখা গেছে ব্যক্তিগত মতামত দিতে গিয়ে নিজেকে লিখেছেন, আসলে আমেরিকা, আমরা যাকে পৃথিবীর সবচেয়ে শক্তিশালী রাষ্ট্র বলে মনে করি, তার নিজস্ব চরিত্রের দিক থেকে একটু ভিতু গোছের অর্থাৎ কেউ মুখোমুখি দাঁড়িয়ে চ্যালেঞ্জ করলে, আমেরিকাও একটা রফা করার পথ খোঁজে। আপাতত জুলিয়ান অ্যাসাঞ্জের সবচেয়ে বড় পাওনা, তিনি যাবতীয় আইনি অভিযোগ ও কারাবাস পর্ব কাটিয়ে নিজের দেশে ফিরে যেতে পারছেন। তাহলে কে জিতল? আমেরিকা না জুলিয়ান অ্যাসাঞ্জ? এ নিয়ে হয়তো বিতর্ক থাকবেই। জুলিয়ান অ্যাসাঞ্জের ক্ষমাপ্রার্থনা বা নিজেকে অপরাধী বলে ঘোষণা করা যদি আপাতদৃষ্টিতে তার গেরিলা আন্দোলনের কিছুটা ধাক্কা দিয়ে থাকে, তাহলে এ-ও মনে রাখতে হবে যে, আমেরিকার জন্যও এটা যথেষ্ট অস্বস্তিকর, জুলিয়ান অ্যাসাঞ্জের মতো একজন স্বাধীনচেতা চরিত্রের মানুষ এই বিশ্বের অন্য কোথাও বেঁচে রইলেন। কে জানে, জুলিয়ান অ্যাসাঞ্জ আবার ফিরে আসবেন কি না। আবার আমেরিকার 'ডিপ স্টেট'-কে বেআব্রু করে দেবেন কি না। ইতিহাস বলে, অ্যাসাঞ্জের মতো 'গেরিলা' চরিত্ররা ঠিক যেমন চে, কোনও দিন বিশ্রাম নিতে জানেন না, তাদের জীবনে শান্তিটা আসলে সাময়িক। হয়তো আবার ফিরে আসার জন্য কয়েক পলকের জরুরি ও অপরিহার্য বিরতি।

লেখক: রাজনৈতিক বিশ্লেষক, কলামিস্ট, নিউইয়র্ক।

## বাস্তবতা, বিবেক ও যুক্তির আলোকে কোটাবিরোধী আন্দোলন

১১ পৃষ্ঠার পর

অসংখ্য অভিজ্ঞ বাঙালি কি এর বিনিময়ে সরকারের কাছ থেকে কোনো সুবিধা দাবি করেছেন? নাকি সরকার কোনো স্বীকৃতি দিয়েছে? বীর মুক্তিযোদ্ধাদের সহযোগিতা করার কারণে তাদের অনেকের সম্পদ ও জীবন গিয়েছে। এমন অসংখ্য বাঙালির সার্বিক সহযোগিতায় বীর মুক্তিযোদ্ধাদের সাফল্য লাভ সহজ হয়েছিল।

আমরা বিশ্বাস করি, প্রকৃত মুক্তিযোদ্ধারা কোনো কিছু পাওয়ার জন্য মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েননি। মুক্তিযোদ্ধাদের অনেকেই স্বাভাবিক নিয়মে এখন আর বেঁচে নেই। অনেকে বয়োবৃদ্ধ হয়েছেন। অনেক মুক্তিযোদ্ধা আছেন, তারা সচেতনভাবে সার্টিফিকেটও নেননি। আমি প্রয়াত কয়েকজন মুক্তিযোদ্ধাকে জানি, যারা বলতেন, 'সার্টিফিকেটের জন্য মুক্তিযুদ্ধ করিনি। আমি যে মুক্তিযুদ্ধ করেছি তা প্রচার করার প্রয়োজন মনে করি না।' মুক্তিযুদ্ধের বিনিময়ে বৈষয়িক সুবিধা পেতে চাননি অনেকেই। তারা জীবন বাজি রেখে স্বাধীনতার জন্য লড়াই করেছেন। আমি নারায়ণগঞ্জের বন্দরের মুক্তিযুদ্ধ নিয়ে একটি গ্রন্থ প্রণয়ন করেছিলাম। বাংলা ও ইংরেজি দুই ভাষায়ই বইটি প্রকাশিত হয়েছিল। এ বইয়ের গুরুত্বপূর্ণ বড় অধ্যায়টিই হলো, বেঁচে থাকা মুক্তিযোদ্ধাদের দিয়ে তাদের অভিজ্ঞতা লেখানো। তখন অনেক মুক্তিযোদ্ধার সঙ্গে কথা বলার সুযোগ হয়েছে। অনেককে দেখেছি তাদের পরবর্তী প্রজন্মকে বিশ্ববিদ্যালয়ে ভর্তি এবং চাকরির কোটা সুবিধা না নেওয়ার জন্য উপদেশ দিতে। তাদের মতে, অন্যথায় মুক্তিযুদ্ধটা বিনিময়ের বিষয় হয়ে যাবে!

আজ মুক্তিযুদ্ধ দেখা প্রজন্মের আমরা খুবই লজ্জিত হই, যখন দেখি মুক্তিযুদ্ধের কঠিন সময়গুলো যারা দেখেনি, মুক্তিযোদ্ধা পরিবারের সেই পরবর্তী প্রজন্ম মুক্তিযুদ্ধের চেতনার ধারে কাছে না থেকে, নিজ স্বজন-মুক্তিযোদ্ধাদের বীরত্ব ও দেশপ্রেমের গৌরবকে ম্লান করে দিয়ে, এটাকে পুঁজি করে কোটা সংরক্ষণের নামে বিশেষ সুবিধা পাওয়ার জন্য স্লোগান তুলছেন। তাদের কি মনে হয় না, এমন স্লোগান সম্মানের নয়: স্বজন বীর মুক্তিযোদ্ধার গৌরবকে তারা অমর্যাদা করছেন। সরকারের নীতিনির্ধারকদেরও এসব ব্যাপারে দূরদর্শী হওয়ার প্রয়োজন ছিল। অনেকেই প্রশ্ন রেখেছেন, আজ যারা বাবা-মা এবং নানা-দাদাদের মুক্তিযুদ্ধের মহান ভূমিকাকে পুঁজি করে বিশেষ সুবিধা পেতে চাচ্ছেন, যখন রাজাকার-আলবদররা এদেশের মন্ত্রী হয়ে মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধাদের অপমান করেছিল, তখন কতজন বীর মুক্তিযোদ্ধার সন্তানের কণ্ঠ উচ্চকিত হয়েছিল? এখনো রাজাকার-আলবদরের পৃষ্ঠপোষকরা রাজনীতি করছে, সে ব্যাপারেও তাদের সরব প্রতিবাদ কোথায়?

এদেশের নাগরিক হিসাবে সবার মতো প্রতিযোগিতা করে চাকরি পাওয়ার সাহস তাদের নেই কেন? মুক্তিযোদ্ধার সন্তান হিসাবে দেশপ্রেমে অনেক বেশি শানিত থাকার কথা এ প্রজন্মের তরুণ-তরুণীদের। অসংখ্য সতীর্থ মেধাবীকে অন্যায়ভাবে ডিঙানোর মানসিকতা তাদের থাকার কথা নয়।

২০২১ সালে 'মুক্তিযোদ্ধা কোটা' বাতিলের অংশটুকু চ্যালেঞ্জ করে কয়েকজন বীর মুক্তিযোদ্ধার সন্তান আদালতে রিট করেন। উচ্চ আদালত কী মনে করে কোটা বাতিলকে অবৈধ ঘোষণা করেছেন, তা মহামান্য আদালতই ভালো বলতে পারবেন। তবে সময়ের বিবেচনায় বিষয়টি নতুন করে ভাবার অবকাশ আছে কিনা, তা বিবেচনা করার জন্য সংশ্লিষ্ট সবার কাছে বিনীত অনুরোধ করব। আমি জানি না, এখনো জেলা কোটা কার্যকর আছে কিনা। থাকলে তা সরকারের প্রচার করা সাফল্যের সঙ্গে সাংঘর্ষিক হবে। এ দেশের সব গ্রাম এখন শহর হয়ে গেছে বা যাচ্ছে। বিদ্যুৎ চলে গেছে দূরবর্তী অঞ্চলেও। রাস্তাঘাটের ব্যাপক উন্নতি হয়েছে। এখন বাংলাদেশের যে কোনো জেলা থেকে বাসে বা ট্রেনে ৬-৭ ঘণ্টার মধ্যেই ঢাকায় আসা যায়। জেলায় জেলায় বিশ্ববিদ্যালয় গড়ার উদ্যোগ চলছে। কোনো কোনো জেলায় কার্যকরও হয়েছে। অনেক জেলায় মেডিকেল কলেজ প্রতিষ্ঠিত হয়েছে। অর্থাৎ পিছিয়ে নেই কোনো জেলা। তা হলে জেলা কোটা বহাল রাখার কোনো যুক্তি থাকতে পারে না। অযথা কোটা রাখার অর্থই হচ্ছে, প্রতিযোগিতার মাধ্যমে মেধাবীদের এগিয়ে আসার পথ রুদ্ধ করা। একবার ভাবুন, ঘোষিত পদের ৫৬ ভাগ কোটায় সংরক্ষিত রাখলে এবং ৪৪ ভাগের মধ্যে বর্তমান বাস্তবতায় একটি উল্লেখযোগ্য অংশ দুর্নীতি, রাজনৈতিক বিবেচনা ও তদবিরের মাধ্যম পূরণ করার পর কটা আসন ফাঁকা থাকে বিশুদ্ধ মেধাবীদের জন্য? আইন ও সংবিধানের রক্ষকরা কী বলবেন? সংবিধান অনুযায়ী পিছিয়ে পড়া জনগোষ্ঠী কোটা সুবিধা পেতে পারে। বীর মুক্তিযোদ্ধাদের প্রতি জাতি কৃতজ্ঞ। সে সুবাদে শুধু অর্থনৈতিকভাবে সংকটে থাকা মুক্তিযোদ্ধাদের নাতি-নাতনিদের জন্য সর্বোচ্চ পাঁচ ভাগ কোটা রাখা যায় কিনা, তা ভাবা যেতে পারে।

২০১৮-এর পর আবার কোটা বাতিলের দাবিতে শিক্ষার্থীরা মাঠে নেমেছিল। আমরা বলব নামতে বাধ্য হয়েছিল। এসব ক্ষেত্রে আমরা তো সুবিধামতো রাজনৈতিক ও স্পর্শকাতর রং লাগাতে দক্ষ। ইতোমধ্যে সেই কাজও শুরু হয়ে গেছে। নাগরিকের কর্মসংস্থানের দায়িত্ব রাষ্ট্রের-সরকারের। আদালতই মুক্তিযোদ্ধার সন্তান, নাতি-নাতনিদের কোটা বহাল রেখেছেন। আদালতের প্রতি মানুষ আস্থা হারাননি। আমরা তাই এ আন্দোলনের যৌক্তিকতা বিচার করে বিনয়ের সঙ্গে আদালতের কাছেই পুনর্বিবেচনার আবেদন রাখতে চাই। আর সরকারের ক্ষমতার পরিধি তো অনেক বড়। এ ব্যাপারে সরকার সহযোগিতার হাত বাড়ালে তো কোনো কথাই নেই।

লেখক: অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

# ফ্রান্সে বামপন্থীদের জয়

আজকাল ডেস্ক

ফ্রান্সে কট্টর ডানপন্থী শক্তিকে আটকাতে জোটবদ্ধ হয়েছিল দেশটির বামপন্থী শক্তিগুলো। কিন্তু তারা যে সংখ্যাগরিষ্ঠ আসন পাবে, তা কেউ ভাবেনি। ইউরোপীয় পার্লামেন্টের (ইইউ) নির্বাচনে হারের পর পার্লামেন্ট ভেঙে দিয়েছিলেন ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল মাখোঁ। এরপর দ্রুত নির্বাচনের ডাক দিয়েছিলেন। ফ্রান্সে নিজের জনপ্রিয়তা নতুন করে তৈরি করতে এ পদক্ষেপ নিয়েছিলেন। কিন্তু তিনি যা ভেবেছিলেন, বাস্তবে তা হলো না।

ইউরোপের অন্যান্য দেশে মতো ফ্রান্সেও ডানপন্থীদের প্রভাব ক্রমে বাড়ছে। ইউরোপীয় ইউনিয়নের নির্বাচনে এর প্রতিফলন দেখা গেছে। এ পরিস্থিতিতে কট্টর ডানপন্থীদের জনপ্রিয়তা কমাতে জোটবদ্ধ হয়েছিল ফ্রান্সের বামপন্থী দলগুলো। একটি বৃহত্তর জোট হিসেবে সামনে এসেছিল তারা। যার মধ্যে ছোট ছোট কট্টর বামপন্থী দল যেমন আছে, তেমনি সমাজতান্ত্রিক, গ্রিন পার্টির মতো দলও আছে। তাদের একমাত্র লক্ষ্য ছিল ডানপন্থীদের জনপ্রিয়তা কমানো। ডানপন্থীদের ঠেকাতে গঠিত নতুন জোটের নাম দেওয়া হয়েছিল নিউ পপুলার ফ্রন্ট। রোববারের নির্বাচনের পর দেখা গেল, সেই জোটই সবচেয়ে বেশি আসন পেয়েছে। যদিও তারা একক সংখ্যাগরিষ্ঠতা পায়নি। সব মিলিয়ে তাদের দখলে ১৮২টি আসন। এর ঠিক পরই আছে মাখোঁর মধ্যপন্থী দলের জোট এনসেম্বল। তৃতীয় স্থানে ডানপন্থী এনআর। আর চতুর্থ স্থানে রিপাবলিকান দল। গত সোমবার ফলাফলের পূর্বাভাস দেখেই বামপন্থী জোটের অন্যতম নেতা জ্যঁ লুক মেলেশঁ ঘোষণা দেন, তাঁরাই সরকার গড়বেন। লেফট উইং ফ্রান্স আনবোড (এলএফআই) দলের নেতা তিনি। এ সময় জোটের অন্য নেতারাও পাশে ছিলেন। এরপর গ্রিন পার্টির প্রধানও একই কথা বলেন। তিনি বলেন, 'আমরা জিতেছি। আমরাই সরকার গঠন করব।' সমাজতান্ত্রিক দলের প্রধান অলিভার ফকিরে বলেছেন, 'নতুন ইতিহাসের মুখোমুখি ফ্রান্স। পপুলার ফ্রন্টকেই ক্ষমতা হস্তান্তর করতে হবে।' তাদের নিজেদের লক্ষ্য স্পষ্ট করে দিয়েছেন ফকিরে। জানিয়ে দিয়েছেন, কোনোভাবেই তাঁরা মধ্যপন্থী জোটের সঙ্গে হাত মেলাবেন না। এর আগে এই সোশ্যালিস্ট পার্টি বা সমাজতান্ত্রিক দল ক্ষমতায় এসেছে। দুবার ফরাসি সরকার চালানোর অভিজ্ঞতা আছে তাদের। এবার যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে, আগেও এমন ঘটনার মুখোমুখি হয়েছে তারা। তখন ফ্রান্সের প্রেসিডেন্ট ছিলেন কনজারভেটিভ পার্টির। কিন্তু লোকসভায় নেতৃত্ব দিয়েছে তারা। ফলে যথেষ্ট অভিজ্ঞতা আছে এই দলের। এলএফআই নেতা মেলেশঁ একসময় সমাজতান্ত্রিক দলের নেতা ছিলেন।

বামপন্থীদের মনোভাব: সম্প্রতি একাধিক ঘটনায় বামপন্থী দলগুলো তাদের মতামত স্পষ্ট করে জানিয়েছে। সেই মতামত মাখোঁর অভিমতের চেয়ে অনেকটা আলাদা। গাজার ঘটনায় তারা সরাসরি ইসরায়েলকে কাঠগড়ায় তুলেছে। মেলেশঁর মনোভাব অ্যান্টিসেমেটিক (ইহুদিবিরোধী) বলেই সে সময় মনে করা হয়েছিল। অন্যদিকে ইউক্রেন যুদ্ধ শুরু হওয়ার আগে ন্যাটোর যথেষ্ট সমালোচনা করেছিলেন তিনি। তাঁর বক্তব্য ছিল, 'ন্যাটো রাশিয়াকে উত্ত্যক্ত করছে।' ন্যাটো থেকে ফ্রান্সের সরে আসা উচিত বলেও তিনি মতপ্রকাশ করেছিলেন।

বামপন্থী জোটে এলএফআইয়ের পরই শক্তিশালী দল গ্রিন পার্টি। এরপর আছে ফরাসি কমিউনিস্ট পার্টি। দক্ষিণ প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ফরাসি অঞ্চল পলিনেশিয়ার স্বাধীনতার দাবি জানিয়েছে যে বামপন্থী দল, তারাও এই জোটে আছে। মধ্যপন্থীদের সঙ্গে জোটবদ্ধ সরকার গড়তে চান না মেলেশঁর মতো নেতা। আবার মাখোঁও চান না মেলেশঁর মতো নেতার সঙ্গে সরকার গঠন করতে। কিন্তু ফ্রান্সে কোনো জোটই সংখ্যাগরিষ্ঠতা পায়নি। ফলে যে দলই সরকার গঠন করবে, পার্লামেন্টে তাকে সংখ্যাগরিষ্ঠতার প্রমাণ দিতে হবে। এর আগে ২০২২ সালে কট্টর ডানপন্থীদের হারাতে সবাইকে এক ছাতার নিচে আসার আহ্বান জানিয়েছিল বামপন্থীরা। এবারও সেই সম্ভাবনা একেবারে উড়িয়ে দেওয়া যাচ্ছে না। যদিও শেষ পর্যন্ত মধ্যপন্থী ও বামপন্থীরা কাছাকাছি আসতে পারবে কি না, তা এখনো স্পষ্ট নয়।

## প্রেসিডেন্ট নির্বাচন থেকে বাইডেনকে সরে দাঁড়াতে বলল নিউইয়র্ক টাইমস

৩ পৃষ্ঠার পর

একজন মহান সরকারি কর্মচারীর ছায়া রূপে আবির্ভূত হয়েছেন। দ্বিতীয় মেয়াদে কী করবেন, তার ব্যাখ্যা দিতে হিমশিম খেয়েছেন তিনি। হিমশিম খেয়েছেন ট্রাম্পের উসকানির জবাব দিতে। হিমশিম খেয়েছেন ট্রাম্পকে তাঁর মিথ্যা কথা, ব্যর্থতা ও ভয়ানক সব পরিকল্পনার জন্য জবাবদিহি করাতে। একাধিকবার একটি বাক্য শেষ করতে গিয়ে তাঁকে বেগ পেতে হয়েছে। এদিকে নিউইয়র্ক টাইমসের সম্পাদক পরিষদের এমন সমালোচনায় ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছে প্রেসিডেন্ট বাইডেনের নির্বাচনী প্রচারশিবির। বাইডেনের প্রচারশিবিরের কোচেয়ার সেডরিক রিচমন্ড বলেছেন, গতবার জো বাইডেন নিউইয়র্ক টাইমসের সম্পাদক পরিষদের সমর্থন পাননি। সেটি তার জন্য বেশ ভালোই হয়েছে। ২০২০ সালে অনুষ্ঠিত সর্বশেষ প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির দুই প্রার্থী সিনেটর অ্যামি ক্লোবুচার ও এলিজাবেথ ওয়ারেনের প্রতি সমর্থন জানিয়েছিল দ্য টাইমস। নিউইয়র্ক টাইমস বলছে, বাইডেন এখন যা করতে পারেন, তা হলো, তিনি পুনরায় নির্বাচন করছেন না এই ঘোষণা করা। দেখা যাচ্ছে, প্রেসিডেন্ট এক বেপরোয়া জুয়ায় লিপ্ত আছেন। ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে প্রেসিডেন্ট হওয়া ঠেকাতে ডেমোক্র্যাট নেতাদের মধ্যে নিজেকে স্পষ্টবাদী, বাধ্যকারী ও উদ্যোমী ব্যক্তি হিসেবে উপস্থাপন করার মতো অধিকতর যোগ্য বিকল্প রয়েছেন। ট্রাম্প ও বাইডেনের ঘাটতিগুলোর মধ্যে এর যেকোনওটি বেছে নিতে ভোটারদের বাধ্য করার মত দিয়ে দেশের স্থিতিশীলতা ও নিরাপত্তা ঝুঁকি গ্রহণ করার কোনও কারণ দলের নেই। আমেরিকানরা যা নিজেদের চোখে দেখেছেন, বাইডেনের সেই বয়স ও দুর্বলতা তাঁরা এড়িয়ে যাবেন বা হিসেবে নেবেন না সরলভাবে এটা আশা করা হবে এক বড় জুয়া তবে সম্পাদক পরিষদ এটাও বলেছে, যদি বাইডেন ও অরাজক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের একজনকেই বেছে নিতে হয়, তবে তারা 'দ্বার্থহীন বাছাই' হিসেবে এখনও বাইডেনকে সমর্থন করবে।

## নিউইয়র্কে লাক্সারি ফ্ল্যাট কিনেছেন ব্রিটেনের রাজা চার্লস

৩ পৃষ্ঠার পর

ইটালির সাদা স্ট্যাচুয়ারি মার্বেল পাথর দিয়ে মোড়ানো এটি। এখানে ৮২ ফুটের দুটি সুইমিং পোল আছে। রুমে থেকে নিউইয়র্ক সিটির সেন্ট্রাল পার্কের ভিউ দেখা যায়। নিউইয়র্ক সিটির রেজিষ্টার বলেন, এই ফ্লাট কেনার কাজ সম্পন্ন হয়েছে। নিউইয়র্ক সিটির ট্রেড কমিশনার রবার্ট ম্যাককিউনি বলেন, রাজা চার্লস এর পক্ষে নিউইয়র্কে কানাডার কনসোলেট কর্মকর্তারা চুক্তিতে স্বাক্ষর করেন।

## হাসিনার সামনে নানা চ্যালেঞ্জ

১ পৃষ্ঠার পর

এখন সবার নজর। এখন পর্যন্ত খুব জোরদার কোনও পদক্ষেপ দেখা যাচ্ছে না। শেখ হাসিনার সরকারের আমলে বেশ কিছু বড় বড় দুর্নীতির চিত্র সামনে আসায় সরকারের অবকাঠামোর উন্নতি ম্লান হয়ে পড়ছে। সরকার পদ্মাসেতু, মেট্রোরেল, কর্ণফুলি নদীর তলদেশে টানেল, সড়ক ও ফ্লাইওভার নির্মাণের মাধ্যমে সবাইকে তাক লাগিয়ে দিলেও এখন একের পর এক দুর্নীতির ঘটনা ফাঁস হওয়ায় বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বিশেষ করে সাবেক সেনাপ্রধান আজিজ আহমেদ এবং সাবেক পুলিশ প্রধান বেনজীর আহমেদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্র। এছাড়াও, জাতীয় রাজস্ব বোর্ড, পাবলিক সার্ভিস কমিশনসহ বিভিন্ন খাতের আমলাদের দুর্নীতির চিত্র দেখে সবাই হতবাক হয়ে পড়ছে। কোভিড মহামারীকালে স্বাস্থ্যখাতে দুর্নীতি নিয়ে বেশ সমালোচনা হয়েছিল। দুর্নীতির ক্ষেত্রে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের সূচকে বাংলাদেশের রেকর্ড খুব খারাপ। বাইডেন প্রশাসনের প্রভাবশালী কর্মকর্তা ডোনাল্ড লু সম্প্রতি বাংলাদেশকে দুর্নীতির বিরুদ্ধে লড়াইয়ে সহায়তার আশ্বাস দিয়েছেন। আমলাদের দুর্নীতির খবরে ক্ষমতাসীন আওয়ামী লীগের অভ্যন্তরে ক্ষোভের সৃষ্টি করেছে। আওয়ামী লীগ নেতারা বলছেন, শেখ হাসিনার সরকারের ওপর ভর করে দুর্নীতিবাজ আমলারা নয় আওয়ামী লীগ নেতৃত্ব দুর্নীতি করছে। আর তার জন্যে সরকারের বদনাম হচ্ছে। দুর্নীতি দমন কমিশন কিছু কিছু মামলা দায়ের করছে বটে; কিন্তু সর্বগ্রাসী দুর্নীতির থাবা থেকে দেশকে রক্ষা করার মতো দক্ষ লোকবল বর্তমানে দুদকের নেই। তাছাড়া, দুদকের কাছ থেকে অনেক অভিযুক্তই ক্লিন সনদ পেয়েছেন। ফলে বর্তমানে বড় বড় দুর্নীতিবাজদের বিচার করে তাদের শাস্তির মুখোমুখি করানো কতটা সম্ভব হবে তা নিয়ে সংশয় দূর হচ্ছে না। দুর্নীতির কারণে বাংলাদেশের অর্থনীতির এক থেকে দুই শতাংশ প্রবৃদ্ধি কম হচ্ছে। বাংলাদেশের ভাবমূর্তিও বিনষ্ট হচ্ছে। এ কারণে বিদেশী বিনিয়োগ কম হচ্ছে। সবচেয়ে বড় কথা, ন্যায়-নীতির সমাজ প্রতিষ্ঠা করা যাচ্ছে না। উন্নয়নের সুফল মানুষের কাছে পৌঁছানো যাচ্ছে না। ফলে উন্নয়ন টেকসই হচ্ছে না।

এই সরকারের আমলে অর্থনৈতিক সংকটই সবচেয়ে বড় আকারে দেখা দিয়েছে। বিশেষ করে বৈদেশিক মুদ্রার রিজার্ভ কমতে থাকায় ডলারের দাম বৃদ্ধি পেয়েছে। বাজেটে কৃচ্ছতা সাধনের প্রতি জোর দেয়া হলেও মূল্যস্ফীতির লাগাম টেনে ধরা যাচ্ছে না। শাক-সব্জি থেকে শুরু করে প্রতিটি নিত্য পণ্যের দাম আকাশচুম্বি। ডলারের দাম বেশি থাকায় বিদেশ থেকে শিল্পের কাঁচামাল ও যন্ত্রপাতি আমদানি করা অনেক কঠিন হয়ে পড়েছে। বৈদেশিক ঋণের কিস্তি পরিশোধ করতে গিয়েও রিজার্ভে চাপ পড়েছে। তাছাড়া, কোভিডের মহামারির পরবর্তি সময়ে বিদেশে বাংলাদেশী শ্রমিকদের কাজের সুযোগ কিছুটা কমেছে। পোশাক রপ্তানিও কমেছে। এসব কারণে অর্থনীতির ওপর চাপটা অনেক বেশি পড়েছে। এছাড়াও, ব্যাংকিংখাতে খেলাপি ঋণের চাপ এত বেশি বেড়েছে যে, সেখানেও দুর্নীতি ও লুটপাট হয়েছে বলে ধারণা করা হচ্ছে। এছাড়াও, লুটেরারা বিদেশে অর্থ পাচার করেছে। পাচারের অর্থ ফিরিয়ে আনার ব্যাপারে অগ্রগতি হচ্ছে না। ব্যাংকিংখাতে শৃঙ্খলা ফেরানো কীভাবে সম্ভব সেটাই বড় সমস্যা। বর্তমান সরকারের সামনে আরেকটি বড় চ্যালেঞ্জ হলো বড় শক্তিগুলির সঙ্গে ভারসাম্য রক্ষা করা। যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা দেশগুলোর সঙ্গে শেখ হাসিনার সরকারের সম্পর্ক কখনই ভাল হয়নি। চীন ও ভারত বরাবর এই সরকারকে সহযোগিতা দিয়ে রেখেছে। এই দুই আঞ্চলিক বড় দেশের সঙ্গে সম্পর্কের ভারসাম্য প্রতিষ্ঠা করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ দুইটি সফর করেছেন। কিন্তু দুই দেশই ভূ-রাজনীতির প্রতিযোগিতায় নেমেছে। বিশেষ করে তিস্তার উন্নয়ন প্রকল্প নিয়ে চীন ও ভারতের মধ্যে প্রতিযোগিতা শুরু করেছে। যুক্তরাষ্ট্রও চাপ দিচ্ছে চীন থেকে বাংলাদেশকে দূরে সরাতে। এসব ভূ-রাজনৈতিক সমীকরণ বাংলাদেশকে বেশ চ্যালেঞ্জের মুখে ফেলেছে। বাংলাদেশের সামনে এখন বড় চ্যালেঞ্জ হলো কর্মসংস্থান বাড়ানো। কর্মসংস্থান বাড়ানোর জন্যে দেশী-বিদেশী বিনিয়োগ বাড়ানো প্রয়োজন। কিন্তু ঘুষ, দুর্নীতি, আমলাতান্ত্রিক জটিলতার কারণে সেই মাত্রায় বিদেশী বিনিয়োগ পাওয়া যাচ্ছে না। বিদেশে বাংলাদেশীদের কর্মসংস্থানের পথ ক্রমেই সংকোচিত হচ্ছে। যেসব কর্মী যাচ্ছেন তাদের উপযুক্ত ও দক্ষ করে পাঠানো হচ্ছে না। ফলে তারা খুব বেশি বেতনে চাকুরি পাচ্ছেন না। জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলা করা বাংলাদেশের সামনে আরেকটি বড় চ্যালেঞ্জ। প্রতি বছর হাজার লক্ষ মানুষ গৃহহারা হচ্ছেন। এই ক্ষেত্রে বাংলাদেশের ওপর একটি বড় ধাক্কা আসবে। জলবায়ুর অভিঘাত মুক্ত হতে রাষ্ট্রের অর্থ ব্যয় হচ্ছে। উন্নয়নের প্রবাহকে ধরে রাখাও বড় চ্যালেঞ্জ হিসাবে দেখা যাচ্ছে। মানুষের প্রত্যাশা বেড়ে যাচ্ছে। এই উন্নয়ন প্রকল্পের জন্যে অর্থ জোগান দেওয়া কঠিন কাজ। এমনিতেই বাংলাদেশ বিদেশী ঋণের কিস্তি দিতে গিয়ে সমস্যার মধ্যে আছে। আরও ঋণ পাওয়া সহজ নয়। খাদ্য নিরাপত্তা ও জ্বালানী নিরাপত্তা নিশ্চিত করাও কঠিন। চাহিদা বাড়ছে প্রতিদিন। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতা হচ্ছে। ব্যয় বাড়ছে। এসব ক্ষেত্রে শৃঙ্খলা ফেরানো চ্যালেঞ্জ হিসাবে দেখা যাচ্ছে। এছাড়াও, গণতন্ত্র, মানবাধিকার প্রভৃতি ক্ষেত্রে রেকর্ড ভাল করার মাধ্যমে সুনাম বৃদ্ধি করার প্রয়োজন রয়েছে।

সাপ্তাহিক আজকাল

## বিজ্ঞাপনের মূল্য তালিকা

**বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
**পাত্র/ পাত্রী চাই:** এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
**লোক আবশ্যক:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
**বেবি সিটার:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
**ড্রাইভার:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

যে কোন তথ্যের জন্য ফোন করুন।

৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১

Email: ajkalnews@gmail.com

# বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতিতে একটি মাইলফলক

৭ পৃষ্ঠার পর

প্রধানমন্ত্রী চীনের ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগ করারও আহ্বান জানিয়েছেন।

বর্তমান প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশের উন্নয়নে এখন বিশ্বের অসংখ্য দেশকে পেছনে ফেলে সামনের কাতারে চলে এসেছে। বিশ্বের অনেক নেতাই বাংলাদেশের উন্নয়নকে ঈর্ষার চোখে দেখেন। বাংলাদেশ একটি সম্ভাবনাময় দেশ। কূটনৈতিক সম্পর্ককে কাজে লাগিয়ে দেশের সম্ভাবনাকে কীভাবে আরও একধাপ কীভাবে এগিয়ে নেয়া যায়- সেটি প্রধানমন্ত্রী খুবই দক্ষতার সাথে পরিচালনা করছেন। বিগত দেড় দশকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার বিশ্বব্যাপী কূটনৈতিক সম্পর্ক ধরে রেখে দেশের যে উন্নয়ন কার্যক্রম অব্যাহত রেখেছে। এই ধারাবাহিকতায় দেশ এগিয়ে চললে উন্নত বাংলাদেশের স্বপ্ন আর বেশি দূরে নেই। এ বিষয়ে প্রধানমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টা রয়েছে যথেষ্ট। এখন প্রয়োজন দেশবাসীর আন্তরিক সহযোগিতা এবং সমন্বয়। যদি সকল ক্ষেত্রে সমন্বয় হয় তবে দেশকে আর পেছনে তাকাতে হবে না।

লেখক: অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

# রেমিট্যান্সের ইনফ্লো ও আউটফ্লো

৫ পৃষ্ঠার পর

নিয়োজিত। এর বাইরে অবৈধভাবে আরও অনেক বিদেশি আছেন, যাদের হিসাব এর মধ্যে নেই।

নির্ভরযোগ্য অনুমান হলো, বাংলাদেশে ৫ লাখ বিদেশি নাগরিক কর্মরত আছেন। অর্থাৎ বৈধভাবে থাকা বিদেশি নাগরিকদের তুলনায় বৈধ ও অবৈধ হিসাবে থাকা বিদেশি নাগরিকের সংখ্যা প্রায় ৫ গুণ।

